# ভূদর্পণ।

পুরাণাদি নানাশাস্ত্রের বচন ও বচনার্থ
গৌড়ীয় ভাষাতে

বিজ্ঞ বিশিষ্ট সদয়
মহোদয় হিতৈষি পরোপকারি

শ্রীযুক্ত বাবু গিরীন্দ্রচন্দ্র ঘোষজ মহাশয়ের আদেশে
শ্রীবিষ্ণুনারায়ন পণ্ডিতের দ্বারা

সংগৃহীত হইয়া মহানগর
কলিকাতায়

মুদ্রাঙ্কিত হইল। বাঙ্গালা
১২৫০ ইং ১৮৪৩।

# ভূমিকা।

বিজ্ঞ বিচক্ষণ পাঠার্থি মহাশয় ব্যক্তিরদের বিশিষ্ট জ্ঞান ও মনোরঞ্জনার্থে প্রকৃতপ্রস্তাবের উপযোগি পুরাণাদি শাস্ত্রের কতিপয় বচন ও তদীয়ার্থ গৌড়ীয় ভাষাতে সংগৃহীত হইয়াছে, তাহাতে ব্রহ্মাণ্ডের সৃষ্টি ও তন্মধ্যস্থিত চতুর্দ্দশ ভুবন ও তাহার বৃত্তান্ত ও তদন্তর্গত সপ্তদ্বীপ ও তাহার মধ্যস্থ ইলাবৃতাদি বর্ষ খণ্ড প্রভৃতি এবং সপ্ত সমুদ্র ও তাহার বিবরণ এবং তত্তৎ দ্বীপস্থ মনুষ্য ও তাহারদের পরমায়ু ও বিদ্যা বুদ্ধি পরাক্রম স্বভাব আহার ব্যবহার ভক্ষণীয়াদি এবং নদী বৃক্ষাদির যে কিঞ্চিৎ২ বিবরণ লিখিত হইয়াছে তাহা গ্রন্থ পাঠে অনায়াসে বোধগম্য হইতে পারিবেক।

---

ইতি।

# নির্ঘণ্ট পত্র।

শ্রীশ্রীদুর্গা ।

শরণং ॥

## অথ গণেশ বন্দনা ।

তং নমামি লম্বগর্ব্ব খর্ব্বপার্ব্বতী সুতং ।
পদ্ম পদ্মরাগ নিন্দিপাদপদ্ম শোভিতম্ ॥
অস্য বিশ্বতস্য রাজ্য রাজতং বিরাজিতং । পঞ্চআস্য তাতস্য
পঞ্চহস্ত ধারিতং ॥ শঙ্খচক্র পঙ্কজাদি শংখদা পদাধৃতং ।
চামরেশ ছন্দ বন্দ মূষিকেশ বেশতং ॥

অথ মঙ্গলাচরণ ।

সিদ্ধিঃ সাধ্যে সতামস্তু প্রসাদাত্তস্য ধূর্জটে । জাহ্নবী
ফেনলেখেব যন্মূর্দ্ধি শশিনঃকলা ॥
জাহ্নবী ফেনলেখারন্যায় চন্দ্রকলা যাহার মস্তকে আছে সে
শিবের অনুগ্রহেতে সাধুলোকের সাধ্য কর্ম্মে সিদ্ধ হউক ॥

## অথ ব্রহ্মাণ্ড সৃষ্টি ।

স্কন্দপুরাণে । আসীত্তমোময়ং সর্ব্বমনর্কগ্রহতারকম্ । অচন্দ্র মনহো রাত্র মনগ্ন্য নিলভূতলং । অপ্রধানং বিয়চ্ছূন্যং সর্ব্ববস্তু বিবর্জিতং । পরং ব্রহ্মেতি যৎশ্রুত্যা সদেকং প্রতিপাদ্যতে । তস্যৈবকালস্য চরতোদ্বিতীয়েচ্ছা ভবত্ কিল । অমূর্ত্তেন স্বমার্ত্তশ্চ তেনাকল্পি স্বলীলয়া ॥

অর্থঃ । সৃষ্টির আদিতে পৃথিবী ও জল ও অগ্নি ও বায়ু ও আকাশ প্রভৃতি কোনো বস্তু ও কোনো প্রাণি ছিলনা এবং সূর্য্য ও চন্দ্র ও নক্ষত্র ও গ্রহাদি দীপ্তিকারক কেহ ছিল না সূর্য্যের অভাবে দিবারাত্রির ভেদ ছিলনা ও সর্ব্বদীপ্তির অভাবে সকল অন্ধকার ছিল । অতএব ন্যায়শাস্ত্রে অন্ধ কারকে অভাব পদার্থ বলেন এবং তখন প্রকৃতি ও ছিল না । কিন্তুবেদান্ত

শাস্ত্রোক্ত নিরাকার নির্ব্বিকার নিরাধার নির্গুণ নিরঞ্জন নিত্য সত্য সচ্চিদা নন্দ এক অদ্বিতীয় পরং ব্রহ্মমাত্র তৎকালীন ছিলেন। তখন জগতের সৃষ্টি ও স্থিতি ও প্রলয়রূপ লীলা করিতে তাহার ইচ্ছা হইলে তিনি স্বয়ং ঐশ্বর রূপ ধারণ করত আবির্ভূত হইলেন। ঐ রূপকে সর্ব্বশাস্ত্রে ঈশ্বর বলেন। ততঃ কিমিত্যাহ মনুঃ। সোভিধ্যায় শরীরাৎ স্বাৎ সিসৃক্ষুর্ব্বিবিধাঃ প্রজাঃ। অপএব সসর্জ্জাদৌ তাসু বীজমবাসৃজৎ।

তদণ্ডমভবদ্ধৈমং সহস্রাংশু সমপ্রভং। তস্মিন জজ্ঞে স্বয়ং ব্রহ্মা সর্ব্বলোক পিতামহঃ। তস্মিন্নণ্ডে সভগবানুষিত্বা পরিবৎসরং। স্বয়মেবাত্মনোধ্যানা তদণ্ডমকরোদ্দ্বিধা। তাভ্যাংস শকলাভ্যাঞ্চ দিবং ভূমিঞ্চ নির্ম্মমে। মধ্যে ব্যোম দিশশ্চাষ্টাবপাংস্থানঞ্চ শাশ্বত। তাভ্যাংশকলাভ্যামিতি সপ্তম্যর্থে তৃতীয়া, পৃথিব্যাদে ব্রহ্মাণ্ড সাধারণত্ব শ্রবণাদিত্যাহ শম্ভুমিশ্রঃ।

অর্থাৎ। নানাবিধ প্রজার সৃষ্টি করণেচ্ছু ঐ ঈশ্বর সত্ত্বও রজঃ ও তমঃ এই ত্রিগুণকে এবং পৃথিবী অপ, তেজঃ বায়ু আকাশ এই পঞ্চভূতকে ও অহঙ্কারাদিকে ব্যক্ত করিলেন এবং সৃষ্টির প্রকার চিন্তা করিয়া প্রথমতঃ স্বশরীর হইতে জল সৃজিলেন ঐ জলের উপর স্বশক্তিরূপ বীজ বপন করিলেন। পরে ঐ বীজেতে এক অণ্ড উৎপন্ন হইল ঐ অণ্ড স্বর্ণ বর্ণ ও সহস্র সূর্য্যসম দীপ্তিমান্ এবং ঐ অণ্ডের মধ্যে চতুর্ম্মুখ ব্রহ্মা জন্মিলেন অপরঞ্চ ব্রহ্মা সৃষ্টিকর্ত্তা ও সৃষ্টিকালে তাঁহার শরীরহইতে দিব্যপিতৃগণ জন্মিয়াছিলেন তাহাতে তিনি পিতার পিতা হইলেন অতএব ব্রহ্মা সকললোকের পিতামহ এবংঐ অণ্ডের মধ্যে ব্রহ্মা জন্মিলেন এইকারণ অণ্ডেরনাম ব্রহ্মাণ্ড অনন্তর ব্রহ্মা ব্রহ্মাণ্ডের মধ্যে স্ববৎসরপরিমাণে একবৎসরবাস করত আত্ম ধ্যানদ্বারা ঐ অণ্ড দ্বিখণ্ড করিলেন পরে পৃথিবী সৃজিয়া ঐ খণ্ডদ্বয়ের অধঃ খণ্ডে স্থাপিতা করিলেন এবং উপরি খণ্ডে স্বর্গস্থাপিত করিলেন এবং মধ্যে আকাশ ও অষ্টদিক্ সৃজিলেন এবং স্থিরতর জলস্থান সমুদ্রাদি নির্ম্মাণ করিলেন। এইরূপ সৃষ্টিক্রম প্রাথমিক জানিবেন পরে কল্পেং নানাপ্রকার হইয়াছে।

লৈঙ্গে। অণ্ডানামীদৃশানান্ত কোট্যোজ্ঞেয়াঃ সহস্রশঃ অণ্ডেষ্বেতেষু সর্ব্বেষু ভুবনানি চতুর্দশ। তত্র তত্র চতুর্ব্বক্ত্রা ব্রহ্মাণোহরয়োভবাঃ।ঈশ্বরগাত্তায়াঞ্চ।

অতীতান্যপ্য সংখ্যানি ব্রহ্মাণ্ডানি মমাজ্ঞয়া। প্রবৃত্তানি পদার্থানাং সহিতানি সমস্ততঃ। ব্রহ্মাণ্ডানি ভবিষ্যন্তি সহ বস্তুভিরাত্মগৈঃ।

অর্থঃ। উক্তরূপে সহস্র কোটি ব্রহ্মাণ্ড সৃষ্ট হন এবং ঐ সকল ব্রহ্মাণ্ডের প্রত্যেক ব্রহ্মাণ্ডে পৃথিবী প্রভৃতি চতুর্দশ২ ভুবন থাকে ও প্রত্যেক ব্রহ্মাণ্ডে সৃষ্টিকর্তা ব্রহ্মা ও পালনকর্ত্তা বিষ্ণু ও সংহারকর্ত্তা রুদ্র আছেন কিন্তু নির্গুণ ব্রহ্ম একই। অপর ঈশ্বরগীতাতে ঈশ্বর কহিয়াছেন যে আমার আজ্ঞাতে অসংখ্য ব্রহ্মাণ্ডগণ স্ব২ মধ্যবর্ত্তি বস্তু সকলের সহিত গত হইয়াছে এবং সম্প্রতিও বিদ্যমান এবং ভবিষ্যৎ কালেও উৎপন্ন হইবেক; অর্থাৎ কোটি২ ব্রহ্মাণ্ড স্বীয়২ বস্তু সকলের সহিত প্রলয়ে২ বিনষ্ট হন ও সৃষ্টিকালে পুনঃ২ সৃষ্ট হন।

এবঞ্চ ব্রহ্মাণ্ডের মধ্যস্থিত বস্তুগণ অগণ্য এইজন্য সকল লিখিতে অক্ষম কিন্তু কিঞ্চিন্মাত্র লিখি। পৃথিবী অপ্ তেজঃ বায়ু আকাশ এইপঞ্চ সূক্ষ্ম প্রকৃতি ও তদ্বিবৃতীভূত স্থূল চতুর্দ্দশ ভুবন ও তন্মধ্যবর্ত্তি দ্বীপ বর্ষ দেশ নগর গ্রাম গৃহ গৃহোপকরণ প্রচীর চত্বর পুরদ্বার পথ হট্ট আপন বিপণি বণিক্ বাণিজ্যাদি স্বর্ণ রূপ্য মুদ্রা মণি রত্ন তৈজস লৌহ অস্ত্র শস্ত্র শাস্ত্র বস্ত্র ভক্ষ্য ভোজ্য লেহ্য পেয় চর্ব্ব্য চূষ্য ঘৃত তৈল জল কর্পূর তাম্বূল এলা লবঙ্গাদি পুষ্প মাল্য চন্দন আভরণ আসন যান বাহন পাত্র পত্র পুস্তক মসী মস্যাধার লেখনী কর্ত্তনী ছুরিকা তূলিকা দণ্ড ছত্র চামর ধনুঃ বাণ তরবারি শূল শেল রথ ধ্বজ পতাকা শকট কটক শতঘ্নী ভূষুণ্ডী পরিঘ মুষলাদি। খট্বা শয্যা মশকারি ব্যজন উপাধান পীঠাসন সিংহাসন প্রদীপ পানপাত্র শংখ ঘণ্টা ভেরী তূরী মৃদঙ্গ মুরজ ঢক্কা ঢোল কাংস্য করতাল বীণা তুম্বুরু তালাদি। উদ্যান বন তৃণ ওষধি ঔষধ ফল ফুল প্রান্তর প্রস্তর পর্ব্বত ক্ষেত্র শস্য সমুদ্র নদী নদ নৌকা দীর্ঘিকা সরোবর পুষ্করিণী বাপী কূপাদি। স্থাবর জঙ্গম জরাযুজ অণ্ডজ স্বেদজ উদ্ভিজ্জ মানস তৈজসরূপ শরীরগণবিশিষ্ট মনুষ্য রাজা প্রজা ঋষি তপস্বী যোগী ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্রাদি অসুর দৈত্য দানব রাক্ষস যক্ষ ভূত প্রেত পিশাচ। পশু হরিণ বানর সিংহ ব্যাঘ্র বরাহ ভল্লূক হস্তী অশ্ব গো মহিষ গর্দ্দভ শূকর কুক্কুর শৃগাল বিড়াল

ছাগল মেষাদি। পক্ষি বিনতা বৈনতেয় হংস রাজহংস শুক কোকিল সারিকা কপোত পারাবত বক কঙ্ক শ্যেন চক্রবাক কাকাদি। জলজন্তু মৎস্য কূর্ম্ম মকর কুম্ভীর শিশুমার তিমি তিমিঙ্গিলাদি। সর্প নাগ অনন্ত বাসকি তক্ষক ধৃতরাষ্ট্র ধনঞ্জয়াদি। পিপীলিকা পতঙ্গ শলভ মক্ষিকা মৎকুন দংশ মশক যূকাদি। বৃক্ষ অশ্বত্থ বট কণ্টকি আম্র আম্রাতক হরীতকী আমলকী বিল্ব খদির খর্জ্জুর নারিকেল গুবাক বক চম্পক মল্লিকা মালতী যূথী জবা অশোক কিংশুক তুলসী বদরী কদলী দেবদারু অগুরু মন্দার পারিজাত কল্পবৃক্ষাদি লতা গুল্ম কুঞ্জাদি। মুনি মহর্ষি দেবর্ষি ব্রহ্মর্ষি ইন্দ্র চন্দ্র সূর্য্য অগ্নি নির্ঋতি যম বরুণ বায়ু কুবের ঈশান কিন্নর কিম্পুরুষ চারণ বিশ্বেদেব বসু সিদ্ধ সাধ্য গুহ গন্ধর্ব্বাদি ত্রিংশৎ কোটি। ইত্যাদি অনন্ত পদার্থ ব্রহ্মাণ্ডে আছে।

অথ চতুর্দ্দশ ভুবনানি।

শিবপুরাণে। ভূর্লোকোথ ভুবর্লোকঃ স্বর্লোকশ্চ প্রকীর্ত্তিতঃ। মহর্জনস্তপশ্চৈব সত্যলোকশ্চ সপ্তমঃ।

অর্থঃ। ভূর্লোক ও ভুবর্লোক ও স্বর্লোক ও মহর্লোক ও জনলোক ও তপর্লোক ও সত্যলোক এই সপ্তলোক উপর্য্যু পরিক্রমে আছে এই সকলের বিশেষ বিবরণ বচন প্রমাণে পশ্চাৎ কহা যাইবেক সম্প্রতি কিঞ্চিৎ কহি। সর্ব্বলোকের প্রত্যক্ষীভূতা এইযে পৃথিবী ইনিই ভূর্লোক এবং ইহার উপরি সূর্য্যলোক পর্য্যন্ত লক্ষযোজন পরিমাণ যে আকাশ সেই ভুবর্লোক। এবং তদুপরি ধ্রুবলোক পর্য্যন্ত চতুর্দ্দশ লক্ষ যোজনপরিমাণ যে স্বর্গীয় স্থান সেই স্বর্লোক অপর তদুপরি এক কোটি যোজন পরিমাণ যে দিব্য স্থান সেই মহর্লোক। তথা তদুপরি দুই কোটি যোজন জনলোক। এবং তদুপরি চতুঃকোটি যোজন তপর্লোক ও তদুপরি ছয় কোটি যোজন সত্যলোক সেই ব্রহ্মলোক।

শ্রীভাগবতে। অতলং বিতলং সুতলং তলাতলং মহাতলং রসাতলং পাতাল মিতি।

অর্থঃ। পৃথিবীর নীচে অতল ও বিতল ও সুতল ও তলাতল ও মহাতল ও রসাতল ও পাতাল এই সপ্তলোক অধোধঃক্রমে আছে যথা

অতলের নীচে বিতল ও বিতলের নীচে সুতল ইত্যাদি। অপর যদ্যপি অতল অবধি পাতাল পর্য্যন্ত সপ্তলোকের পৃথক্২ সপ্তনাম আছে তথাপি পাতাল শব্দেতে সপ্তলোকই গ্রাহ্য হয়।

শিবরহস্যে। সপ্ত ভূরাদয়োলোকাঃ পাতালানিচ সপ্তবৈ। প্রতিব্রহ্মাণ্ডমেতানি ভুবনানি চতুর্দ্দশ।

অস্যার্থঃ। পূর্ব্বোক্ত ভূর্লোকাদি সাত ও অতলাদি সাত এই চৌদ্দ লোককে চতুর্দ্দশ ভুবন বলে। এবং এই চতুর্দ্দশ ভুবন প্রত্যেক ব্রহ্মাণ্ডে আছে। অর্থাৎ জলের উপর কোটি২ ব্রহ্মাণ্ড ভাসিতেছে ও ঐ ব্রহ্মাণ্ড গণের অভ্যন্তরে চতুর্দ্দশ২ ভুবন এবং ভুবনগণের মধ্যবর্ত্তি অগণ্য নানাবিধ বস্তুগণ ও জীবগণ আছে। এইরূপ অনন্ত ঐশ্বর্য্য ও অনন্ত মহিমপরমেশ্বরের অনন্ত ব্রহ্মাণ্ডাদির সৃষ্টি অচিন্ত্যরূপা। তথাহ বেদান্ত ভাষ্যে ভাষ্যকারঃ। মনসাপ্যচিন্ত্যরচনারূপস্য। অর্থঃ। ব্রহ্মকর্ত্তৃক যে বিশ্বরচনা তাহা সামান্য শিল্পিদিগের মনের ও অচিন্ত্য। অতঃপর এই চতুর্দ্দশ ভুবনের পৃথক২ বর্ণন দর্শান।

## অথ ভূর্লোক বর্ণনং।

বিষ্ণুপুরাণে। পঞ্চাশৎ কোটি বিস্তারাসেয়মূর্ব্বী মহামুনে। সপ্ততিশ্চ সহস্রাণি দ্বিজোচ্ছ্রায়োপি কথ্যতে। লৈঙ্গেচ। পঞ্চাশৎ কোটিবিস্তীর্ণা সসমুদ্রা ধরা স্মৃতা। দ্বীপৈশ্চ সপ্তভির্যুক্তা লোকালোকাবৃতাশুভা। বৈষ্ণবে। পাদগম্যন্তু যৎকিঞ্চিদ্বস্ত্বস্তি ধরণীময়ং। সভূর্লোকঃ সমাখ্যাতো বিস্তারোস্য ময়োদিতঃ।

অর্থঃ। এই পৃথিবীর প্রান্তভাগে লোকালোক নামক একপর্ব্বত আছে তদ্বর্ণন পশ্চাৎহইবেক ঐ পর্ব্বতের শেষপর্য্যন্তই পৃথিবী ঐপৃথিবী বিস্তারে পঞ্চাশ কোটিযোজন। এবং পৃথিবীর উচ্চতা অর্থাৎ দলপূর্ণতা সত্তর হাজার যোজন। এবং ঐ পঞ্চাশ কোটি যোজনের মধ্যেই সপ্তদ্বীপ ও সপ্ত সমুদ্র আছে। এবং ঐ পঞ্চাশ কোটিযোজনের মধ্যে যে২ বস্তু পদচালনের যোগ্য ও পৃথিবীময় আছে তাহার নাম ভূর্লোক। অর্থাৎ ঐ পঞ্চাশ কোটির মধ্যে পৃথিবী ও জল ও তেজঃ ও বায়ু ও আকাশ এই পঞ্চভূতই আছে কিন্তু তন্মধ্যে পৃথিবী ভাগ যে সেই ভূর্লোক।

যোগিনীতন্ত্রে। চতুর্হস্তী ধনুস্তস্য সহস্রং ক্রোশ উচ্যতে। ক্রোশদ্বয়ন্তু গব্যূতিস্তদ্দ্বয়ং যোজনং বিদুঃ।

অর্থঃ। পুরাণাদিশাস্ত্রে সর্ব্বত্র যোজনরই শত ও সহস্র ও লক্ষ ও কোটি সংখ্যা কথিত আছে অতএব যোজন পরিমাণ অবশ্য জ্ঞাতব্যএই কারণ কহিতেছেন যে চতুর্হস্তেতে এক ধনু হয় ও ধনুর সহস্রেতে ক্রোশ অর্থাৎ চারিহাজার হাতেতে এক ক্রোশ হয়। এবং দুই ক্রোশেতে এক গব্যূতি হয় ও দুই গব্যূতিতে যোজন অর্থাৎ চারি ক্রোশেতে এক যোজন হয়।

বৈষ্ণবশৈবাগ্নেয়পুরাণেষু। জম্বুপ্লক্ষাহ্বয়ৌ দ্বীপৌ শাল্মলিশ্চাপরো দ্বিজ। কুশঃ ক্রৌঞ্চস্তথা শাকঃ পুষ্করশ্চৈব সপ্তমঃ। এতে দ্বীপাঃ সমুদ্রৈস্তু সপ্ত সপ্তভিরাবৃতাঃ। লবণেক্ষুসুরাসর্পির্দধ্যোদানাম নামতঃ। দুগ্ধোদশ্চ প্রসংখ্যাতস্ততঃ স্বাদূদ উত্তরঃ।

অর্থঃ। এই পৃথিবীর মধ্যে জম্বু ও প্লক্ষ ও শাল্মলি ও কুশ ও ক্রৌঞ্চ ও শাক ও পুষ্কর এই ২ সপ্তনামক সপ্তদ্বীপ আছে। এবং লবণোদ ও ইক্ষুরসোদ ও সুরোদ ও ঘৃতোদ ও দধ্যুদ ও দুগ্ধোদ ও স্বাদূদ এই ২ সপ্তনামক সপ্ত সমুদ্র আছে। এবঞ্চ মনুষ্যদিগের প্রত্যক্ষদৃষ্ট এই লবণ সমুদ্রেতে যেমন জম্বুদ্বীপ বেষ্টিত আছে তেমনই ইক্ষুরস সমুদ্রেতে প্লক্ষদ্বীপ ও সুরাসমুদ্রেতে শাল্মলিদ্বীপ ও ঘৃতসমুদ্রেতে কুশদ্বীপ ও দধিসমুদ্রেতে ক্রৌঞ্চ দ্বীপ ও ক্ষীরসমুদ্রেতে শাকদ্বীপ ও স্বাদুজল সমুদ্রেতে পুষ্কর দ্বীপ বলয়াকারে বেষ্টিত আছে। এবং এই সপ্তদ্বীপ ও সপ্ত সমুদ্রের এই গ্রন্থে পৃথক২ বর্ণনা করা যাইবেক।

অথ গোলোকবিবরণং সমুদ্রোৎপত্তিশ্চ।

ব্রহ্মবৈবর্ত্তে। তেজোরূপঞ্চ যদ্ব্রহ্ম ধ্যায়ন্তে যোগিনঃ সদা। তত্তেজোমণ্ডলাকারে সূর্য্যকোটিসমপ্রভে। নিত্যংস্থানঞ্চ প্রচ্ছন্নং গোলোকাভিধমেবচ। ত্রিকোটিযোজনায়ামবিস্তীর্ণং মণ্ডলাকৃতং। তেজঃস্বরূপং সুমহদ্রত্নভূমিময়ংপরং। উর্দ্ধং স্থিতঞ্চ বৈকুণ্ঠাৎ পঞ্চাশৎ কোটিযোজনং। গো। গোপগোপীসংযুক্তং কল্পবৃক্ষগণান্বিতং। কামধেনুভিরাকীর্ণং রাসমণ্ডপমণ্ডিতং। বৃন্দারণ্যবনাচ্ছন্নং বিরজাবেষ্টিতং মুনে। শতশৃঙ্গশতশৃঙ্গৈঃ

সুদীপ্তৈর্দীপ্তিমীপ্সিতং। অদৃশ্যং যোগিভিঃস্বপ্নে দৃশ্যং গম্যঞ্চবৈষ্ণবৈঃ যোগেনাধৃতমীশেন চান্তরীক্ষস্থিতং বরং॥

অর্থঃ। শ্রীমদ্গোলোক ধামের বর্ণনা পশ্চাৎ বিস্তারিত রূপে হইবেক সম্প্রতি প্রয়োজনানুসারে কিঞ্চিৎ কহিতে হইল। পরং ব্রহ্ম তেজোময় তাহাই যোগিরা সর্ব্বদা ধ্যান ধারণাতে চিন্তা করেন। ঐ তেজ মণ্ডলাকার ও কোটি সূর্য্যসম দীপ্ত তন্মধ্যে শ্রীকৃষ্ণের গোলোক নামক এক নিত্যধাম আছে তাহা অতিগুপ্ত এবং তাহা গোলাকার অতএব দৈর্ঘ্যে ও প্রস্থে উভয়তঃ ত্রিকোটি যোজন পরিমাণ। এবং অতি তেজস্কর যে মহারত্ন তাহাই সে স্থানের ভূমি অর্থাৎ সে স্থানে ভূমির অভাবপ্রযুক্ত রত্নই ভূমিস্থানীয় হইয়াছে। এবং গোলোকধাম বৈকুণ্ঠের উপরি পঞ্চাশ কোটিযোজন ঊর্দ্ধ। অপর সে স্থানে শ্রীকৃষ্ণের সেবক অনেক গোপ ও গোপীগণ আছেন এবং ইন্দ্রলোকে একটি কল্পবৃক্ষ গোলোকধামে কল্পবৃক্ষের বন আছে ও তন্মধ্যে কামধেনু পালং চরে এবং সেস্থান রাসমণ্ডপগণেতে শোভিত।

এবং বৃন্দারণ্যসংজ্ঞক বনেতে আচ্ছন্ন ও বিরজানাম্নী মহানদীকর্তৃক বলয়াকারে বেষ্টিত। এবং তত্রস্থ শতশৃঙ্গনামক পর্ব্বতের দীপ্তিমন্ত রত্নময় শতসংখ্যক শৃঙ্গগণেতে প্রকাশিত। অতএব ঐ গোলোকধাম ব্রহ্মাদি দেবগণের বাঞ্ছিত ও যোগিগণেরও অদৃশ্য কিন্তু বিষ্ণুভক্ত সকলের শ্রীকৃষ্ণ চরণার বিন্দদ্বন্দ্ব বিষয়ক ভক্তির প্রভাবে তাহা গম্য ও দৃশ্য হন। অপর ঐস্থান শূন্যেতে স্থিত ও ঈশ্বরকর্তৃক যোগদ্বারা ধৃত আছে।

লক্ষকোটি পরিমিতৈরাশ্রমৈঃ সুমনোহরৈঃ। রত্নেন্দ্রসার নির্ম্মাণৈর্গোপীনামাবৃতংসদা। শতমন্দিরসংযুক্তমাশ্রমং সুমনোহরং। রত্নপ্রাকার পরিখাবিচিত্রেণ বিরাজিতং। অমূল্যরত্ননির্ম্মাণলক্ষমন্দিরসুন্দরং। আশ্রমংচতুরস্রঞ্চ চন্দ্রবিম্বাকৃতংশুভং। গোলোকমধ্যদেশস্থমতীব সুমনোহরং। প্রাকারপরিখাযুক্তং পারিজাতবনান্বিতং। কৌস্তুভেন্দ্রেণ মণিনা নির্ম্মাণকলসোজ্জ্বলং। হীরসারবিনির্ম্মাণ সোপানসংঘসুন্দরং। মণীন্দ্র সারনির্ম্মাণকপাটদর্পণান্বিতং। নানাচিত্র বিচিত্রাঢ্য মাশ্রমঞ্চ সুসংস্কৃতং

ষোড়শদ্বার সংযুক্তং সুদীপ্তং রত্নদীপকৈঃ। তত্রসিংহাসনে রম্যেচামূল্য রত্ননির্ম্মিতে। নানাচিত্রবিচিত্রাঢ্যে বসন্তমীশ্বরংবরং।

অর্থঃ। পুনশ্চ ঐ গোলোকধাম গোপীরদিগের আশ্রমগণেতে বেষ্টিত আছে ও সে আশ্রম লক্ষকোটিসংখ্যক ও রত্নশ্রেষ্ঠের সারভাগেতে নির্ম্মিত অতএব অতিমনোহর এবং ঐ আশ্রমগণের প্রত্যেক আশ্রমে অতিমনোহর শতং মন্দির আছে। এবং প্রত্যেক আশ্রম রত্নময় বিচিত্র প্রাকারেতে ও পরিখাতে বেষ্টিত ও শোভিত। অপরঞ্চ ঐ গোলোকধামের মধ্যস্থানে এক প্রধান আশ্রম আছে ঐ আশ্রম চতুঃকোণ ও চন্দ্রমণ্ডলের মত শোভিত। এবং ঐ আশ্রমের মধ্যে অমূল্য রত্নেতে নির্ম্মিত ও সুন্দর শত মন্দির আছে ও মন্দিরসকলের উপরি উত্তম কৌস্তুভ মণিগণেতে নির্ম্মিত কলস সকলেতে ঐ আশ্রম উজ্জ্বল। এবং ঐ মন্দিরসকল হীরার সার ভাগেতে নির্ম্মিত সোপানগণের সৌন্দর্য্যেতে শোভিত ও উত্তম মণিময় কপাট সকল ও দর্পণগণেতে অন্বিত। এবং ঐ আশ্রম নানাচিত্র বিচিত্র ও পরিষ্কৃত অপর প্রাকার ও পরিখাযুক্ত ও পরিজাত বনেতে শোভিত এবং রত্নময় প্রদীপ গণেতে সুপ্রকাশিত ও ষোলদ্বারেতে শোভিত। এবঞ্চ ঐ আশ্রমের মধ্যবর্ত্তি প্রধান মন্দিরে অমূল্যরত্নের সারভাগেতে নির্ম্মিতও অত্যাশ্চর্য্য নানাবিধ চিত্রকার্য্যেতে চিত্রিত এবংরমণীয় যেসিংহাসন তদুপরি পরমেশ্বর গোলোকনাথ শ্রীকৃষ্ণ বিরাজমান। এবংতদীয় রূপ অনুপম ও বাক্য ও মনের অগোচর এইকারণ অবর্ণনীয়। কিন্তু শ্রীমহেশ্বর শ্রীনারদ মুনির নিকট যাহা প্রকাশ করিয়াছিলেন তাহা এই।

নবীননীরদশ্যামং কিশোরবয়সং শুভং। শরন্মধ্যাহ্ন রাজীবপ্রভামোচনলোচনং। শরৎপার্ব্বণপূর্ণেন্দুশোভাচ্ছাদন মাননং। কোটিকন্দর্প লাবণ্য লীলানিন্দিত সুন্দরং। কোটিচন্দ্রপ্রভামৃষ্টপুষ্ট শ্রীযুক্ত বিগ্রহং। সস্মিতং মুরলী হস্তং সুপ্রসন্নং সুমঙ্গলং। বহ্নিসংস্কারপীতাং শুযুগলেন সমুজ্জ্বলং। চন্দনোক্ষিতসর্ব্বাঙ্গং কৌস্তভেন বিরাজিতং। আজানুমালতী মালা বনমালা বিভূষিতং। ত্রিভঙ্গ ভঙ্গিমাযুক্তং মুক্তামানিক্য ভূষিতং ময়ূরপিচ্ছচূড়াঞ্চ শদ্রত্ন মুকুটোজ্জ্বলং। রত্নকেয়ূর বলয়ং রত্নমঞ্জীর রঞ্জিতং। রত্নকুণ্ডলযুগ্মেন গণ্ডস্থলসুশোভিতং। মুক্তাপংক্তি বিনিন্দৈক

দশনং সুমনোহরং। পক্কবিম্বাধরৌষ্ঠঞ্চ নাসিকোন্নতশোভিতং। বীক্ষিতং গোপিকাভিশ্চ বেষ্টিতাভিশ্চ সন্ততং। স্থিরযৌবনযুক্তাভিঃসস্মিতাভিশ্চ সাদরং। ভূষিতাভিশ্চ সদ্রত্নৈনির্ম্মাণভূষণেনচ। সুরেন্দ্রৈশ্চ মুনীন্দ্রৈশ্চ মনুভির্মানবেন্দ্রকৈঃ। ব্রহ্মাবিষ্ণু শিবানন্ত ব্রহ্মাদ্যৈরভিবন্দিতং। ভক্তিপ্রিয়ং ভক্তনাথং ভক্তানুগ্রহকাতরং। রাসেশ্বরং সুরসিকং রাধাবক্ষস্থলস্থিতং এবং রূপমরূপন্তং ধ্যায়ন্তে বৈষ্ণবামুনে।

অর্থঃ। শ্রীকৃষ্ণ নবীন মেঘের সদৃশ শ্যামবর্ণ ও পঞ্চদশ বর্ষবয়স্ক ও শরৎ কালের মধ্যাহ্নে প্রস্ফুটিত পদ্মপত্রের শোভাজয়ি নেত্রদ্বয়। এবং শরৎ কালীন পূর্ণিমোদিত পূর্ণচন্দ্রের শোভাচ্ছাদন কারিণীমুখশ্রী ও কোটি কন্দর্পের যে সৌন্দর্য্য তাহার তুচ্ছকারি শরীরসৌন্দর্য্য। শ্রীকৃষ্ণের শ্রীযুক্ত বিগ্রহ কোটিচন্দ্রের প্রভাখর্ব্বকারী ও পুষ্ট এবং ঈষৎহাস্য বদন ও প্রসন্ন ও জগন্মঙ্গল ও মুরলীহস্ত। এবং অগ্নিকর্তৃক নির্ম্মলীকৃত পীতপট্টবস্ত্র যুগলেতে উজ্জ্বলাঙ্গ ও সর্ব্বাঙ্গ চন্দন চর্চ্চিত ও কৌস্তুভ মণিতে বিরাজিত। অপর আজানুলম্বিতা যে মালতীপুষ্পের মালা সেই বনমালা তাহাতে বিভূষিত। এবং ত্রিভঙ্গভঙ্গিমাযুক্ত যে বিগ্রহ তাহা মণি ও মাণিক্যাদি রত্নগণেতে ভূষিত ও ময়ুর পিচ্ছচূড়াতে ও শ্রেষ্ঠরত্ন ময় মুকুটেতে উজ্জ্বল। এবং হস্তদ্বয় রত্নময় বাজু ও রত্নময় বালাতে শোভিত ও পদদ্বয় রত্ননূপুর দ্বয়েতে রঞ্জিত। এবং গণ্ডস্থল রত্নময় কুণ্ডল যুগলেতে শোভিত ও মুক্তাপংক্তি তুচ্ছকারি দন্তপংক্তি দ্বয়েতে মনোহর রূপ। এবং পক্কবিম্ব ফল সম অধরোষ্ঠদ্বয় ও উন্নতনাসিকাতে শোভিত রূপ। অপরঞ্চ শ্রীকৃষ্ণের ঐ অনুপমরূপ গোপীগণেতে বেষ্টিত ও আদর পূর্ব্বক ঈক্ষিত ঐ গোপীগণ স্থিরযৌবন বিশিষ্ট ও ঈষৎহসিত মুখ ও রত্নময় ভূষণেতে ভূষিত। এবং গোলোকধাম মধ্যে সিংহাসনোপরি বিরাজমান গোলোকনাথ শ্রীকৃষ্ণের চরণারবিন্দ চতুঃপার্শ্বে সুরেন্দ্রগণ ও মুনীন্দ্রগণ ও মনুগণ ও মানবেন্দ্রগণ কর্তৃক এবং ব্রহ্মা ও বিষ্ণু ও শিব ও অনন্ত ও সূর্য্য ও চন্দ্রাদিদেবগণ কর্তৃক বন্দিত এবঞ্চ গোলোকনাথ শ্রীকৃষ্ণ ভক্তিপ্রিয় অতএব যেখানে ভক্তি সেখানেই যান। এবং তিনি ভক্তনাথ অর্থাৎ মহাবিপৎ সমুদ্র হইতে সততমাত্র ভক্তগণকে উদ্ধার করেন

ও ভক্তানুগ্রহে কাতর অর্থাৎ ভক্তের মনোভীষ্ট পূরণার্থ ব্যস্তসমস্ত। অতএব শ্রীকৃষ্ণ স্বয়ং রাসেশ্বর ও সুরসিক ও শ্রীমতী রাধাকে বক্ষস্থলে ধারণ করেন। ইহা কহিয়া মহেশ পুনঃকহিলেন যে হে মুনি নারদ পরংব্রহ্ম পরমার্থতঃ যদ্যপি অরূপ তথাপি ভক্তেরদিগের ভাবনার্থে তিনি স্বয়ং শ্রীকৃষ্ণরূপ ধারণ করিয়াছেন তদুক্তং। অতএব ভগবানাদির্গোলোকে দ্বিভুজঃ স্বয়ং। পরিপূর্ণতমঃ শ্রীমান্ শ্রীকৃষ্ণোরাধিকেশ্বরঃ। অতএব উক্তপ্রকার শ্রীকৃষ্ণের রূপ শ্রীবৈষ্ণবসকলে ধ্যান করেন।

শ্রীকৃষ্ণজন্মখণ্ডে। বৃন্দাবনেচ বিরজা সুভগা রাধিকাসমা। কৃষ্ণপ্রাণাধিকা গোপী ধন্যা মান্যাচ যোষিতাং। রত্নসিংহাসনস্থা সা দদর্শ হরিমন্তিকে। দদর্শ শ্রীহরিস্তাঞ্চ পশ্যন্তীং বক্রচক্ষুষা। সদা ষোড়শবর্ষীয়াং প্রোত্তিন্ন নবযৌবনাং রত্নালঙ্কারশোভাঢ্যাং ভূষিতাংশুভ্রবাসসা। সুন্দরী সুন্দরীনাঞ্চ স্মেরাননসরোরুহা দৃষ্ট্বা তাংশ্রীহরিস্তূর্ণং বিজহার তয়াসহ। পুষ্পতল্পে মহারণ্যে নির্জনে রত্নমণ্ডপে। বিরজা সারজোযুক্তা ধৃত্বা বীর্য্যমমোঘকং। সদ্যোবভূব তত্রৈব ধন্যা গর্ভবতী সতী। দধার গর্ভমীশস্য দিব্যং বর্ষশতঞ্চ সা। ততঃ সুসাব তত্রৈব পুত্রান্ সপ্ত মনোহরান্। মাতা সা সপ্ত পুত্রাণাং শ্রীকৃষ্ণস্য প্রিয়া সতী। তস্থৌ তত্র সুখাসীনা সার্দ্ধাং পুত্রৈশ্চ সপ্তভিঃ।

অর্থঃ। শ্রীগোলোকধামে গোলোকনাথ শ্রীকৃষ্ণের বিবাহিতা ভার্য্যা শ্রীমতী রাধা ও শ্রীমতী বিরজা এই উভয় যথা রাধারহস্যে। সা রাধা পরমা দেবী বিরজা সুন্দরী তথা। প্রিয়ে গোলোকনাথস্য পত্নৌ পরমশোভনে। এবং ব্রহ্মেও রাধা বিবাহিতা পত্নী ও পুরাণে শ্রীরাধাকৃষ্ণের বিবাহ বিশেষরূপে কথিত আছে তাহা পশ্চাৎ দর্শাইব। এবং গোলোকে শ্রীরাধা পূর্ব্বোক্ত আশ্রমমধ্যে রত্নমন্দিরে থাকেন ও শ্রীবিরজা বৃন্দাবনমধ্যবর্ত্তি রত্নমন্দিরে থাকেন তাহাতে বিরজার বৃত্তান্ত কিঞ্চিৎ কহিতেছেন যে বৃন্দাবনবাসিনী বিরজা সৌভাগ্যে রাধিকার সমানা ও তিনি গোপকন্যা ও শ্রীকৃষ্ণের প্রাণাধিকপ্রিয়া অতএব ধন্যা ও স্ত্রীসকলের মধ্যে মান্যা। এক দিবস শ্রীকৃষ্ণ তাঁহার নিকট গমন করিলে রত্নসিংহাসনস্থা বিরজা শ্রীহরিকে নিকটে দর্শন পাইলেন। এবং শ্রীহরিও

তাঁহাকে দেখিলেন যে বিরজা স্ত্রীস্বভাবতঃ বক্রচক্ষুতে দেখিতেছেন ও তিনি সদা ষোড়শবর্ষীয়ার সদৃশী ও উত্থিত নবযৌবনা ও নানাবিধ রত্নালঙ্কারেতে শোভিতাও শুভ্রবর্ণ বস্ত্রেতে ভূষিতা ও সুন্দরীবৃন্দের হইতে সুন্দরী ও হাস্যবদনা। অতএব সেইক্ষণে শ্রীহরিনির্জ্জনে বৃন্দাবনে ও রত্ন মন্দির মধ্যে পুষ্প শয্যাতে তাঁহার সহিত বিহার করিলেন। তখন বিরজা রজোযুক্তা হইয়া শুদ্ধকালে পুনঃসঙ্গমে ঈশ্বরীয় অমোঘ বীর্য্যধারণ করিয়া গর্ভবতী হইলেন। পরে ঐ গর্ভ দিব্যমানে একশতবৎসরপর্য্যন্ত ধারণ করিয়া ক্রমশঃ সপ্তপুত্র প্রসবিলেন। এবং শ্রীকৃষ্ণের প্রিয়া সতী বিরজা ঐ সপ্ত পুত্রের সহিত সেস্থানে সুখে নিবাস করেন।

একদা হরিণা সার্দ্ধং বৃন্দারণ্যে সুনির্জ্জনে। বিজহার পুনঃসাতু শৃঙ্গারা সক্তমানসা। এতস্মিন্নন্তরে তত্র মাতুঃ ক্রোড়ং জগামহ। কনিষ্ঠপুত্রস্তস্যাশ্চ ভ্রাতৃভিঃ পীড়িতোভিয়া। ভীতং স্ব তনয়ং দৃষ্ট্বা তাং তত্যাজ কৃপানিধিঃ। ক্রোড়ে চকার বালং সা কৃষ্ণোরাধাগৃহং যযৌ। প্রবোধ্য বালং সা সাধ্বী নদদর্শান্তিকে প্রিয়ং। বিললাপ ভৃশং তত্র শৃঙ্গারাতৃপ্তমানসা শশাপ স্বসুতং কোপাল্লবণোদোভবিষ্যসি। কদাপিতে জলং কেচিন্ন খাদি ষ্যন্তি জীবিনঃ। শশাপ সর্ব্বান্ বালাংশ্চ যান্ত মূঢামহীতলং। স্থিতির্নৈ কত্র যুষ্মাকং ভবিষ্যতি পৃথক্ পৃথক্। দ্বীপে দ্বীপে স্থিতংকৃত্বা তিষ্ঠন্ত সুখিনঃ সুতাঃ। দ্বাপস্থাভির্নদীভিশ্চ সহ ক্রীড়ন্ত নির্জ্জনে।

অর্থঃ। পরে এক দিবস অতিনির্জ্জনে বৃন্দাবনে বিরজা শ্রীহরির সহিত পুনঃ বিহার করিতেছেন ঐ সময় বিরজার সপ্ত পুত্র স্থানান্তরে বাল্য ক্রীড়া করিতেছিল তাহাতে ভ্রাতৃগণ পরস্পর কলহ করিয়া কনিষ্ঠ ভ্রাতাকে পীড়া দিয়াছিল অতএব ঐ কনিষ্ঠ ভাতৃগণ হইতে ভীত হইয়া মাতার নিকট আইলেন এবং মাতার ক্রোড়ে আরোহণ করিতে উদ্যত হইলেন তখন নিজপুত্রকে ভীত দেখিয়া কৃপানিধি শ্রীকৃষ্ণ বিরজাকে ত্যাগ করি লেন পরে বিরজা বালককে ক্রোড়ে করিলেন। তখন শ্রীকৃষ্ণ রাধার গৃহে গমন করিলেন তদনন্তর বিরজা নিজশিশুকে সান্ত্বনা করিয়া দেখেন যে প্রিয় পতি শ্রীকৃষ্ণ নিকট নাই। অতএব সেই সতী বিরজা শ্রীকৃষ্ণ বিরহে বিলাপ করিতে লাগিলেন এবং বালকের প্রতি ক্রুদ্ধা হইয়া তাঁহাকে

শাঁপ দিলেন যে তুই লবণ সমুদ্র হইবি এবং তোর জল কোনো প্রাণী কখনও পান করিবে না। তথাপি কোপের শান্তি না হওয়াতে অন্য ছয় পুত্রকেও অভিশপ্ত করিলেন যে ঐ মূঢেরাও পৃথিবীতে যাউক। পুনশ্চ বলিলেন তোরদের স্থিতি একত্র না হউক অর্থাৎ তোরা একত্র থাকিয়া পরস্পর বিবাদ করিয়াছিস অতএব পৃথক২ হইয়া থাক। পুনর্ব্বার বলিলেন আমার পুত্রেরা দ্বীপে২ স্থিতি লইয়া সুখে নিবাস করুক সুখ কি প্রকার তাহা দর্শাইতেছেন দ্বীপে২ যে সকল নদী আছে সে সকলের সহিত সঙ্গমদ্বারা নির্জ্জনে ক্রীড়া করুক।

শ্রীনারায়ণউবাচ। শ্রুত্বা বিবরণং সর্ব্বে প্রজগ্মুর্দ্ধরণীতলং প্রণম্য চরণং মাতুর্ভক্তিনম্রাত্মকন্ধরাঃ॥ সপ্তদ্বীপসমুদ্রাশ্চ সপ্ত তস্থুর্বিভাগশঃ। কনিষ্ঠা দ্বজ্যেষ্ঠপর্য্যন্তং দ্বিগুণং দ্বিগুণং স্মৃতিং। লবণেক্ষুসুরাসর্পির্দধিদুগ্ধজলার্ণবাঃ। এতেষাঞ্চ জলং পৃথ্ব্যাং সস্যার্থঞ্চ ভবিষ্যতি। রুরোদচ ভৃশং সাধ্বী পুত্রবিচ্ছেদকাতরা। মূর্চ্ছামবাপ শোকেন পুত্রাণাং ভর্তুরেবচ। তাং শোকসাগরে মগ্নাং বিজ্ঞায় রাধিকাপতিঃ। আজগাম পুরস্তস্যাঃ স্মেরা ননসরোরুহঃ। দৃষ্ট্বা হরিং সা তত্যাজ শোকং রোদনমেবচ। আনন্দ সাগরে মগ্না দৃষ্ট্বা কান্তং বভূবহ। চকার শ্রীহরিং ক্রোড়ে বিরহার্ত্তা তুরা। তাঞ্চ পুত্রপরিত্যক্তাং হরিস্তুষ্টোবভূবহ বরং তস্যৈ দদৌ প্রীত্যা প্রসন্নবদনেক্ষণঃ। কান্তে নিত্যং তব স্থানমাগমিষ্যামি নিশ্চিতং। যথা রাধা তৎসমা ত্বং ভবিষ্যসি প্রিয়া মম। পুত্রান্ দ্রক্ষ্যসি নিত্যং ত্বং মদ্বরস্য প্রসাদতঃ।

অর্থঃ। শ্রীমন্নারায়ণ শ্রীনারদ মুনির নিকট কহিলেন যে বিরজা দেবীর অন্য ছয় পুত্র ও মাতৃশাপের বৃত্তান্ত শ্রবণ করিয়া সকলেই ভক্তিপূর্ব্বক নতশিরস্ক হইয়া মাতার শ্রীচরণে প্রণাম করিয়া আজ্ঞানুসারে পৃথিবীতে আগমন করিলেন এবং সপ্তদ্বীপে সপ্ত সমুদ্র হইয়া থাকিলেন ও কনিষ্ঠ অবধি জ্যেষ্ঠপর্য্যন্ত ক্রমশঃ দ্বিগুণ২ বিস্তীর্ণ হইলেন সে সপ্তসমুদ্রের নাম এই লবণ ও ইক্ষুরস ও সুরা ও ঘৃত ও দধি ও দুগ্ধ স্বাদুজল। এবং ঐ সপ্তসমুদ্রের জল পৃথিবীর সস্য জননার্থ হইবে অর্থাৎ মেঘেরা সমুদ্রীয় জল উত্তোলন করিয়া পৃথিবীতে বৃষ্টি বর্ষে তাহাতে সস্য জন্মে। এবং ঐ

সপ্তসমুদ্র ঈশ্বরের পুত্র অতএব তাঁহারা ঈশ্বরতুল্য এবং তাঁহারদিগের মহিমা ও উপ া নানা শাস্ত্রে বর্ণিত আছে অপর প্রত্যেক সমুদ্রের দুই২ রূপ এক জলময়রূপ এক দেবতাত্মক দিব্যরূপ। অপরঞ্চ বিরজা ঠাকুরাণীর পুত্রসকল পৃথিবীতে আগমন করিলে তিনি পুত্রবিচ্ছেদে কাতরা হইয়া অতিশয়রূপে রোদন করিতে২ ভর্ত্তা ও পুত্রদিগের শোকে মূর্চ্ছিতা হইলেন। তখন কৃপাময় সর্ব্বজ্ঞ রাধানাথ বিরজাকে শোকসাগরে মগ্না জানিয়া তাঁহার নিকট আগমন করিলেন ও হাস্য বদন হইয়া তাঁহাকে দর্শন দিলেন। এবং বিরজা ভগবতী ভগবানের দর্শন পাইয়া শোকসাগরহইতে উত্থিতা হইয়া আনন্দসাগরে মজ্জন করিলেন। পরে শ্রীহরির সহিত নানাপ্রকার হাস্য পরিহাস্য কৌতুক করিয়া বিহার করিলেন। এঞ্চ বিরজাকে পুত্রপরিত্যক্তা দেখিয়া শ্রীহরি তাঁহার প্রতি তুষ্ট হইয়া বরপ্রদান করিলেন যে হে কান্তে অদ্যাবধি প্রত্যহ আমি তোমার নিকটে আগমন করিব এবং রাধা আমার যাদৃশী প্রিয়তমা তাদৃশী তুমিও প্রিয়তমা হইবা অপর আমার বরপ্রভাবে এইস্থানে থাকিয়া প্রত্যহ তুমি নিজ পুত্রগণকে দেখিতে পাইবা। এই প্রকার পরমেশ্বর গোলোকনাথ শ্রীকৃষ্ণ ভক্তকেলের মনোবাঞ্ছা পূর্ণাকরেন। ইতিপুরাবৃত্তকথা সম্পূর্ণা।

অথ জম্বুদ্বীপবর্ণনং।

বৈষ্ণবে। জম্বুদ্বীপঃ সমস্তানামেতেষাং মধ্যসংস্থিতঃ। মার্কণ্ডেয়েচ। জম্বুদ্বীপস্য সংস্থানং প্রবক্ষ্যামি নিশাময়। লক্ষমেকং যোজনানাং বৃত্তোবিস্তারদৈর্ঘ্যয়োঃ।

অর্থঃ। এইজম্বুদ্বীপ সপ্তসমুদ্র ওছয়দ্বীপের মধ্যবর্ত্তী অর্থাৎসে সকলকর্তৃক বেষ্টিত আছে এবংজম্বুদ্বীপ গোলাকার ও গোল বস্তুর যেই দৈর্ঘ্যসেই প্রস্থওউভয় সমান অতএব জম্বুদ্বীপের দুইদিগে লক্ষযোজন পরিমাণ।

বৈষ্ণবে। তস্যাপি মেরুর্মৈত্রেয় মধ্যে কনকপর্ব্বতঃ। চতুরশীতি সাহস্রো যোজনৈস্তস্য চোচ্ছ্রয়ঃ। প্রবিষ্টঃ ষোড়শা ধস্তাদ্দ্বাত্রিংশন্মূর্দ্ধ্নিবিস্তৃতঃ মূলে ষোড়শ সাহস্রোবিস্তরাস্তস্য ভূভৃতঃ। ভূপদ্মস্যাস্য শৈলোসৌ কর্ণিকাকারসংস্থিতঃ।

অর্থঃ। এই জম্বুদ্বীপের সর্ব্বতো মধ্যে সুমেরুনামক স্বর্ণময় এক মহা পর্ব্বত আছে। এবং সে পর্ব্বতের নাম অভিধানে মেরু ও সুমেরু ও হেমাদ্রি ও রত্নসানু ও সুরালয় ইত্যাদি উক্ত আছে। অপর সে পর্ব্বত পৃথিবীর উপরি চৌরাশী সহস্র যোজন উচ্চ। এবং পৃথিবীর ভিতরে ষোলসহস্র যোজন প্রবিষ্ট আছে। অতএব সুমেরুপর্ব্বত লক্ষযোজন ইহা লোকে ও শাস্ত্রে কহে। অপর সে সুমেরুর বিস্তার শিরোভাগে বত্রিশ সহস্র যোজন। এবং মূলের বিস্তার ষোল সহস্র যোজন। অতএব পৃথিবীরূপ পদ্মের মধ্যে কর্ণিকার আকারে সুমেরু পর্ব্বত আছে। অর্থাৎ পদ্ম পুষ্পের মধ্যস্থিত কর্ণিকার যেমন উপরিভাগ বিস্তৃত ও অধোভাগ কৃশ তাদৃশ সুমেরু।

মেরুমধিকৃত্যাহ ভারতে। আদিত্যতরুণাভাসোবিধূমইব পাবকঃ। নৈতে নক্ষত্রসূর্য্যাস্তপতি নচন্দ্রোর্য্যাস্তি মানবাঃ। চন্দ্রসূর্য্যৌ সনক্ষত্রৌ প্রকাশেতে নক্তন্দিবং। নৈবেচ। নচ বর্ষতি পর্জন্যোগিরেস্তস্য প্রভাবতঃ। তত্র যান্তি জিতক্রোধাজিতলোভাজিতেন্দ্রিয়াঃ।

অর্থঃ। সুমেরু পর্ব্বত মধ্যাহ্নকালীন সূর্য্য এবং ধূমরহিত অগ্নি এই উভয়ের সদৃশ স্বদীপ্তিতে দেদীপ্যমান। অতএব সেস্থানে সূর্য্যওচন্দ্র ও নক্ষত্র গণের প্রকাশের আবশ্যকনাই যেহেতুক সুমেরু দীপ্তির দ্বারা দিবানিশি স্বয়ং প্রকাশ করেন। অপর সুমেরুর তেজেতে সেস্থানে সূর্য্য উষ্ণর রশ্মির দ্বারা তাপদায়ক হন না এইকারণ তন্নিকটবাসি লোকেরা জরাতে জীর্ণ হয় না। এবং সে পর্ব্বতের প্রভাবেতে সে স্থানে মেঘেরাও বৃষ্টি করেন না। অপরঞ্চ সুমেরু স্বর্গ এই প্রযুক্ত সেস্থান সাধারণ লোকের দিগের অগম্য কিন্তু যে মহাপুরুষেরা জিতক্রোধ ও জিতলোভ ও জিতেন্দ্রিয় তাঁহারদিগেরই গম্য।

বৈষ্ণবে। মেরোশ্চতুর্দিশং তত্রনব সাহস্রবিস্তৃতং। ইলাবৃতং মহাভাগচত্বারশ্চাত্র পর্ব্বতাঃ। বিষ্কম্ভারচিতাঃমেরো৷ র্যোজনাযুতমুচ্ছ্রিতাঃ কদম্বস্তেষু জম্বুশ্চ পিপ্পলোবট এবচ। একাদশ শতায়ামাঃ পাদপাগিরি কেতবঃ।

অর্থঃ। সুমেরুর চতুর্দিগে নয় সহস্র যোজন বিস্তৃত যে স্থান সেই ইলাবৃত বর্ষ তন্মধ্যে মেরুর চতুঃপার্শ্বে ধারকরূপে রচিত চারি পর্ব্বত আছে

সে চারি পর্ব্বতের উপর পূর্ব্ব ও দক্ষিণ ও পশ্চিম ও উত্তরদিগে ক্রমে কদম্ব ও জম্বু ও অশ্বত্থ ও বট এই চতুষ্টয় বৃক্ষ মেরুর ধ্বজা স্বরূপ আছে। ঐ চারি বৃক্ষের উচ্চতা একাদশ২ সহস্র যোজন।

শৈবে। জম্বুদ্বীপে জম্বুবৃক্ষোযোজনৈস্তং নিবোধত। সহস্রং শত মেকঞ্চ যোজনানাঞ্চ সমুচ্ছ্রয়ঃ। ভারতে। সুদর্শনোনাম মহান্ জম্বুবৃক্ষঃ সনাতনঃ। সর্ব্বকামফলঃ পুণ্যঃ সিদ্ধচারণসেবিতঃ।

অর্থঃ। ঐ চতুষ্টয় বৃক্ষের মধ্যে জম্বু মহাবৃক্ষ এবং সে সর্ব্ববৃক্ষের রাজা ও সে বৃক্ষের বিশেষ নাম সুদর্শন। এবং সে বৃক্ষরাজ একাদশ সহস্র যোজন উচ্চ ও বিস্তারে শাখাপল্লবদ্বারা শতযোজন ব্যাপী। এবং সে বৃক্ষের প্রকাণ্ড দশযোজন স্থূল ও সে বৃক্ষরাজ চিরজীবী ও সে বৃক্ষের ফল সর্ব্বজীবের অভিলষিত ও সে বৃক্ষ সিদ্ধগণেতে ও স্বর্গীয় গায়ন গণেতে সেবিত অতএব সে জম্বু পুণ্যবৃক্ষ।

বৈষ্ণবে। জম্বুদ্বীপস্য সা জম্বুর্নামহেতুর্মহামুনে। মহাগজপ্রমাণানি জম্ব বাস্তস্যাঃ ফলানিবৈ। বায়ুপুরাণে। অরত্নীনাং শতান্যষ্টাবেকষষ্ট্যাধিকানিচ। ফলপ্রমাণং কথিতং মুনিভিস্তত্ত্বদর্শিভিঃ। ভারতে। অরত্নীনাং সহস্রঞ্চ শতানি দশপঞ্চচ। পরিণাহস্তু তজ্জম্বুফলানাং রসভেদিনাং।

অর্থঃ। পুনশ্চ সে বৃক্ষরাজ জম্বুএইদ্বীপের নামের হেতু অর্থাৎ তাহাতে জম্বদ্বীপ এই নাম খ্যাত হইয়াছে। অতঃপর জম্বুফলের পরিমাণ শ্রবণ করুণ। বিষ্ণু পুরাণে কথিত আছে যে এক২ জম্বুফল বৃহৎ হস্তির প্রমাণ বায়ুপুরাণে উক্ত আছে যে এক২ জম্বুফল ৮৬১ অষ্টশত একষষ্টি অরত্নি প্রমাণ। অরত্নির পরিমাণ কিঞ্চিন্ন্যূন এক হস্ত। অর্থাৎ যাহাকে লোকে গজ বলে তদর্দ্ধই অরত্নি। এবঞ্চ ভারতে কহিয়াছেন যে এক২ জম্বুফল সহস্র অরত্নি প্রমাণ স্থূল ও১৫০০পঞ্চদশশত অরত্নি প্রমাণ দীর্ঘ। অয়ং ভাবঃ একবৃক্ষে ক্ষুদ্র ও মধ্যম ও বৃহৎ তিন প্রকার ফলজন্মে ইহা সর্ব্বজনে প্রসিদ্ধআছে। অতএব তিনশাস্ত্রে তিনপ্রকার ফলের তিনপ্রকার পরিমাণ কহিয়াছেন। ইহাতে কেহ২ কহেন যে যুগভেদ ফলের পরিমাণের হ্রাস ও বৃদ্ধি আছে। এইকথা অমূলক ও অসঙ্গত। যেহেতুক যে স্থানে ঐ জম্বুবৃক্ষ আছে সে স্থানে যুগভেদাভাব ইহা পশ্চাৎকথিত হইবেক।এবং

সে জম্বুফল বহুরস বিশিষ্ট এইকারণ রসেরভরেতে আপনি ফাটিয়া যায়।

ভারতে। পতমানি তান্যুর্ব্ব্যাং কুর্ব্বন্তি বিপুলংস্বনং। মুঞ্চন্তিচ রসান্ রাজন্ তস্মিন্‌রজতসন্নিভে। শৈবে। তস্যাজম্ব্বাঃ ফলরসশ্চামৃতস্বাদুরুচ্যতে। বৈষ্ণবে। পতন্তিভূভৃতঃ পৃষ্ঠে শীর্য্যমাণানি সর্ব্বতঃ রসেন তেষাংপ্রখ্যাতা তত্র জম্বুনদীতিবৈ। সরিৎ প্রবর্ত্ততে সাচ পীয়তে তন্নিবাসিভিঃ। নখেদো নচদৌর্গন্ধ্যং নজরা নচেন্দ্রিয়ক্ষয়ঃ। তৎপানস্বস্থমনসাং জনানাং তত্র জায়তে।

অর্থঃ। ঐ জম্বুফল সকল বহুরসেতে পরিপূর্ণ হইয়া স্বয়ং কতক পর্ব্বতের উপর ও কতক ভূমির উপর পতিত হয় এবং পতনকালে মহাশব্দ হয় ও পতিত হইয়া সকলফল বিদীর্ণ হয় তাহাতে বিস্তর রস নির্গত হয়। এবং সেস্থান রজতের সদৃশ শুভ্রবর্ণ ও তাহায় শ্যামবর্ণ জম্বুফলরস পড়িয়া অতিশোভাকর হয়। ঐ সকলরস একত্র হইয়া সেস্থানে একমহতী নদী বহিয়াছে তাঁহার নাম জম্বুনদী। এবং তত্তীরবাসি ব্যক্তিরা ঐ নদীর জম্বুরস রূপ জলই পান করে ঐ জম্বুরস অমৃতের মত মিষ্ট এইকারণ তৎপানকারিরদিগের মন সর্ব্বদা সুস্থ থাকে কখনওকোনো বিষয়ে খেদান্বিত হয় না এবং তাঁহারদিগের শরীরে দুর্গন্ধ হয় না ও পুংশক্তির হ্রাস হয় না ও জরা হয় না।

বৈষ্ণবে। তীরমৃত্তদ্রসংপ্রাপ্য সুখবায়ুবিশোষিতা। জাম্বুনদাখ্যংভবতি সুবর্ণং সিদ্ধভূষণং। সিদ্ধভূষণং দেবভূষণং। তথাচ শৈবে। তত্র জাম্বুনদং নাম কনকং দেবভূষণং। ইন্দ্রগোপকসংকাশং জায়তে ভাস্বরন্তুতৎ।

অর্থঃ। ঐ জম্বুনদী তীরের মৃত্তিকা সকল জম্বুরসের সংযোগে আর্দ্র হয় ও মন্দ২ বায়ুতে শুষ্ক হয় পরে তাহাই জাম্বুনদ নামক উত্তম স্বর্ণহয় ঐ স্বর্ণ শালগ্রাম শিলাস্থ বজ্রকীট স্বর্ণের সদৃশ এবং ঐ স্বর্ণেতে বিশ্বকর্ম্মা কর্তৃক ইন্দ্রাদি দেবগণের নিমিত্তকিরীট কটক কটিসূত্র হারাদি অলঙ্কার নির্ম্মিত হয়। ইতি জম্বুবৃক্ষ জম্বুফল জম্বুনদী জাম্বুনদ বর্ণনং।

অথ নয় বর্ষ।

বিষ্ণুপুরাণে। ভারতং প্রথমং বর্ষং ততঃ কিম্পুরুষংস্মৃতং। হরিবর্ষং তথৈবান্যন্মেরোর্দক্ষিণতোদ্বিজ। রম্যকঞ্চোত্তরং বর্ষং তস্যৈবানু হিরন্ময়ং

উত্তরাঃ কুরবশ্চৈব যথা বৈ ভরতং তথা। ইলাবৃতঞ্চ তন্মধ্যে সৌবর্ণোমেরুরুচ্ছ্রিতঃ। মেরোঃ পূর্ব্বেণ ভদ্রাশ্বং কেতুমালঞ্চ পশ্চিমে। নবসাহস্রমেকৈকমেতেষাং দ্বিজসত্তম।

অর্থঃ। লক্ষযোজন পরিমিত এই জম্বুদ্বীপ নয় খণ্ডেতে বিভক্ত আছে ঐ নয় খণ্ডই নয় বর্ষ। যথা জম্বুদ্বীপের দক্ষিণাংশে হিমালয় পর্ব্বতপর্য্যন্ত এই ভারতবর্ষ ও তদুত্তরে কিম্পুরুষবর্ষ ও তদুত্তরে হরিবর্ষ ও তদুত্তরে সুমেরুর চতুঃপার্শ্বে ইলাবৃতবর্ষ ও ইলাবৃতের পূর্ব্বে ভদ্রাশ্ববর্ষ ও পশ্চিমে কেতুমালবর্ষ এই তিনবর্ষের উত্তরে রম্যক বর্ষ ও তদুত্তরে হিরন্ময়বর্ষ ও তদুত্তরে কুরুবর্ষ। এবং এইনয় বর্ষের প্রত্যেক বর্ষনয়২ সহস্র যোজনপরিমিত

অথ নয়বর্ষের সীমা পর্ব্বত।

শ্রীভাগবতে। যস্মিন্নব বর্ষাণি নবযোজন সহস্রায়ামান্যষ্টভির্মর্য্যাদাগিরিভিঃ সুবিভক্তানি ভবন্তি। বৈষ্ণবেচ। হিমবান্ হেমকূটশ্চ নিষধশ্চাস্য দক্ষিণে। নীলঃ শ্বেতশ্চ শৃঙ্গীচ উত্তরে বর্ষপর্ব্বতাঃ। লক্ষপ্রমাণৌ দ্বৌ মধ্যে দশহীনাস্তথাপরে। সহস্রদ্বিতয়োচ্ছ্রায়াস্তাবদ্বিস্তারিণশ্চতে। বারাহে। জম্বুদ্বীপ প্রমাণেন নিষধঃ পরিকীর্ত্তিতঃ তস্মাচ্চ দশভাগেন হেমকূটঃ প্রহীয়তে। হিমবান্ বিংশভাগেন তস্মাদেব প্রহীয়তে। অশীতির্হিমবান্ শৈলআয়াতঃ পূর্ব্বপশ্চিমে। নীলঃ শ্বেতশ্চ শৃঙ্গীচ ক্রমেণৈবং প্রমাণকাঃ। অবগাঢ়াহ্যুভয়তঃসমুদ্রৌ পূর্ব্বপশ্চিমৌ। দ্বীপস্যমণ্ডলীভাবাদ্ হ্রাসবৃদ্ধী প্রকীর্ত্তিতে

অর্থঃ। জম্বুদ্বীপের মধ্যে হিমালয় ও হেমকূট ও নিষধ ও নীল ও শ্বেত ও শৃঙ্গবান ও মাল্যবান ও গন্ধমাদন এই অষ্ট ভারতাদি নয় বর্ষের বিভাগ কারক সীমা পর্ব্বত এই অষ্টপর্ব্বত অলঙ্ঘনীয় অতএব একনয় বর্ষের লোক অন্যবর্ষে যাইতে পারেনা। তথাহি ভারত বর্ষের উত্তর সীমা হিমালয় সে আশী সহস্র যোজন দীর্ঘ। এবং কিম্পুরুষ বর্ষের উত্তর সীমা হেমকূট সে নব্বই সহস্র যোজন দীর্ঘ। হরিবর্ষের উত্তর সীমা নিষধ সে লক্ষ যোজন দীর্ঘ। কেতুমাল ও ইলাবৃত ও ভদ্রাশ্ব এই তিন বর্ষের উত্তর সীমা নীল সেও লক্ষযোজন দীর্ঘ। রম্যক বর্ষের উত্তর সীমা শ্বেত সে নব্বই সহস্র যোজন দীর্ঘ। হিরন্ময় বর্ষের উত্তর সীমা শৃঙ্গবান্ সে আশী সহস্র যোজন দীর্ঘ। ঐ ছয় পর্ব্বতই দ্বিসহস্র২ যোজন উচ্চ ও দ্বিসহস্র২ যোজন

বিস্তৃত। এবং ঐ ছয় পর্ব্বতই দৈর্ঘ্যেতে পূর্ব্ব ও পশ্চিম সমুদ্রস্পর্শি কিন্তু জম্বুদ্বীপের গোলতা প্রযুক্ত দৈর্ঘ্যে ন্যূন ও অধিক আছে।

বৈষ্ণবে। আনীলনিষধায়ামৌ মাল্যবদ্গন্ধমাদনৌ। চত্বারিংশৎ সহস্রাণি পরিবৃদ্ধৌ মহীতলাৎ।

অর্থঃ। কেতুমাল বর্ষের পূর্ব্বসীমা ও ইলাবৃত বর্ষের পশ্চিমসীমা গন্ধমাদন এবং ইলাবৃতের পূর্ব্বসীমা ও ভদ্রাশ্ব বর্ষের পশ্চিমসীমা মাল্যবান। এই উভয় পর্ব্বতই চল্লিশং সহস্র যোজন উচ্চ এবং দৈর্ঘ্যেতে উত্তরে নীলপর্ব্বত স্পর্শি ও দক্ষিণে নিষধ পর্ব্বত স্পর্শি।

বৈলঙ্গে। হিমবৎ প্রমুখাশ্চাষ্টৌ মর্য্যাদাপর্ব্বতাইমে। নানাধাতুপিনদ্ধাশ্চ নানারত্নাকরাশ্চৈব। নানাপুষ্পফলোপেতা নানাবৃক্ষগণাবৃতাঃ। ভূস্বর্গা দেবভোগ্যাশ্চ দুষ্প্রাপ্যামানবৈর্ভুবি। হেমকূটেতু গন্ধর্ব্বাবিজ্ঞেয়াশ্চাপ্সরোগণাঃ। সর্ব্বেনাগাস্তু নিষধে শেষবাসুকিতক্ষকাঃ। নীলেতু বৈদূর্য্যময়ে সিদ্ধব্রহ্মর্ষয়োমলাঃ। দৈত্যানাং দানবানাঞ্চ শ্বেতপর্ব্বতউচ্যতে। শৃঙ্গবৎ পর্ব্বতে চৈব পিতৃণাং নিলয়াঃ শুভাঃ। হিমবান্ দক্ষমুখ্যানাং ভূতানামীশ্বরস্যচ। সর্ব্বাদ্রিষু মহাদেবো হরিণা ব্রহ্মণা সুরঃ। স্কান্দে। সন্তি বিদ্যাধরাণাঞ্চ পর্ব্বতে গন্ধমাদনে। উদ্যানানি বিচিত্রাণি ভবনানি বহূনিচ তেষুবিদ্যাধরবরাবিদ্যাধর্যশ্চ কৌতুকাৎ। বিহরন্তি সুখং যত্রবায়ুর্বহতি গন্ধবান্। সুগন্ধিপুষ্পসম্ভূতান্ গন্ধানাদায় সর্ব্বতঃ। দেবাদৈত্যাদানবাশ্চ কদাচিদ্যান্তি তত্র বৈ। একদা তত্র যদ্বৃত্তং তন্নিশাময় সর্ব্বশঃ। বালাবিদ্যাধরসুতা নাম্না মলয়গন্ধিনী। ক্রীড়ন্তী পিতুরাক্রীড়ে হৃতা কঙ্কালকেতুনা।

অর্থঃ। উক্ত হিমালয়াদি অষ্ট সীমাপর্ব্বত নানাধাতুতেবদ্ধ ও নানা রত্নের আকার এবং নানাজাতীয় পুষ্পসকলেতে শোভিত ও সুগন্ধিতে বাসিত এবং নানাফলবিশিষ্ট নানাবৃক্ষ সকলতে আবৃত। এবঞ্চ ঐ সকল পর্ব্বত ভূস্বর্গ অতএব দেবভোগ্য ও মনুষ্যদিগের দুষপ্রাপ্য। কিন্তু ব্রহ্মা বিষ্ণু রুদ্র ইন্দ্র দেব দৈত্য দানব যক্ষ রক্ষঃ ভূত প্রেত পিশাচ পন্নগ নাগ গুহ্যক বিহগ অসুর বিদ্যাধর চারণ কিন্নর কিম্পুরুষ গন্ধর্ব্ব সিদ্ধ সাধ্য বসু বিশ্বেদেব পিতৃ দেবর্ষি মহর্ষি ব্রহ্মর্ষি সপ্তর্ষি ঋষিসকলের ঐচ্ছিক বিহার স্থান। এবং তপস্বি ও যোগি গণের সাধনস্থান এবং সিংহব্যাঘ্র

বরাহ ভল্লুক জম্বুক বৃক হস্তি হরিণ খড়্গি খর বানর শল্লকী মহিষ গবয় কৃষ্ণসারাদি জন্তুগণের ও নানাবিধ পক্ষিসমূহের আশ্রয় স্থান। তাহাই কিঞ্চিৎ কহিতেছেন যে হেমকূট পর্ব্বতে গন্ধর্ব্বেরা ও অপ্সরঃ সকল বিহার করে এবং নিষধপর্ব্বতে অনন্ত বাসুকি তক্ষকাদি নাগগণ ও বৈদূর্য্য মণিময় নীলপর্ব্বতে সিদ্ধেরা ও ব্রহ্মর্ষিরা এবং শ্বেত পর্ব্বতে দৈত্য দানবাদি বিহরে ও শৃঙ্গবৎ পর্ব্বতে দিব্য পিতৃগণের আবাস আছে। অপর হিমালয় পর্ব্বত ঈশ্বর ও দক্ষ প্রভৃতি প্রজাপতি দিগের ও ভূতগণের ঐচ্ছিক বিহারস্থান। এবং সকল পর্ব্বতে ইন্দ্রাদি দেবগণের সহিত ব্রহ্মা ও বিষ্ণু শিব কখন২ যান।

গন্ধমাদন পর্ব্বতে বিদ্যাধরদিগের রমণীয় অনেক উদ্যান আছে তন্মধ্যে ক্রীড়ার্থ বিচিত্র গৃহসকল আছে সে স্থানে নানাপ্রকার সুগন্ধিপুষ্প সকলের সুগন্ধ সর্ব্বদিগহইতে আনয়নকারী সুগন্ধ বায়ু মন্দ২ বহে তাহাতে আমোদিত হইয়া বিদ্যাধরগণ বিদ্যাধরীগণের সহিত বিহার করেন। এবং সে পর্ব্বতে দেব ও দৈত্য ও দানবগণ ও কখন২ যান।

ঐ গন্ধমাদন পর্ব্বতে বসন্তকালে এক দিবস মলয়গন্ধিনী নাম্নী বিদ্যাধরী পিতার উদ্যানে ভ্রমণ করিতেছেন তৎকালে যুবা কঙ্কালকেতু দানব দৈবে ঐউদ্যানদর্শনার্থ সেস্থানে আইল। এবংঐ বিদ্যাধরীর সৌন্দর্য্য দর্শনমাত্র কামবাণে বিদ্ধ ও তৎক্ষণাৎ মূর্চ্ছিত হইল কেননা ঐ বিদ্যাধরী বয়সে বালা ও রূপে মদনমোহিনী ও দিব্য অলঙ্কারধারিণী ওএকাকিনী নির্জ্জনে বনে বিহারিণী ছিল। অনন্তর দানব ক্ষণেক থাকিয়া চেতনা পাইল ও উঠিয়া বিদ্যাধরীর নিকট গমন করত অতি মৃদুভাষে তাহাকে বলিতে লাগিল হে সুন্দরি কটাক্ষ দৃষ্টি করিয়া আমাকে কৃতার্থ কর ও আমি তোমার রূপেতে ক্রীত দাস হইলাম ও অদ্যাবধি তোমার আজ্ঞানুবর্ত্তী হইয়া থাকিব ও আমার প্রতি সদয়াহও ও প্রসন্নবদনা হইয়া কথা কও ইত্যাদি অনেক প্রার্থনা দানব করিল তথাপি মলয়গন্ধিনী প্রত্যুত্তর করিলেন না কিন্তু লজ্জায় অধোবদনা ও দানবদর্শনে অতিভীতা ও অতিনিকট প্রযুক্ত পলায়নে অক্ষমা হইয়া কাষ্ঠ পুত্তলিকার ন্যায় রহিল। পরে দুষ্ট দানব বলাৎকার পূর্ব্বক বিদ্যাধরীকে ধরিয়া স্কন্ধে আরোহণ করাইল ও

শীঘ্র পাতালে লইয়া গেল। তখন মলয়গন্ধিনী রোদন করিতেং ভগবতী শ্রীগৌরীর স্মরণ করিয়া ঐ দানবকে অভিশপ্ত করিলেন যে আমাকে বলাৎ কারপূর্ব্বক আনয়নকারী তুই হত হ। ঐ শাপেতে ভীত হইয়া দানব তাহাকে চম্পকাবতী পুরীতে লইয়া এক অপূর্ব্ব গৃহে রাখিল ও তাহাকে সম্মতা করাইতে অনেকচেষ্টা পাইতে লাগিল। ঐ সময় নারদ মুনি উপায়দ্বারা ঐ বিদ্যাধরীকে এক বিষ্ণুভক্তরাজার সহিত বিবাহদিলেন ঐ বিবাহের বিবরণ কহি শ্রবণ করুন।

অথ বিষ্ণুভক্তের বিজয় ও বিদ্যাধরীর সহিত বিবাহ।

কাশীখণ্ডে ঈশ্বরউবাচ। আসীদমিত্রজিন্নামা রাজা পরপুরঞ্জয়ঃ। ধার্ম্মিকঃ সত্ত্বসম্পন্নঃ প্রজাপালনতৎপরঃ। যশোবলোবদান্যশ্চ সুধীর্ব্রাহ্মণদৈবতঃ। বিনীতোনীতিসম্পন্নঃ কুশলঃ সর্ব্বকর্ম্মসু। বিদ্যাব্ধি পারদৃশ্বাশ্চ গুণবান্ গুণিবৎসলঃ। কৃতজ্ঞোমধুরালাপঃ পাপকর্ম্ম পরাঙ্মুখঃ। সত্যবাক্ শৌচনিলয়ঃ স্বল্পবাগ্বিজিতেন্দ্রিয়ঃ। বাসুদেবাঙ্ঘ্রিযুগলে চেতো বৃত্তিংনিধায় সঃ। চকার রাজ্যং নির্দ্বন্দ্বং বিশ্বগীতিবির্জিতং। অলঙ্ঘ্যশাসনঃ শ্রীমান্ বিষ্ণুভক্তিপরায়ণঃ।

অর্থঃ। কাশীতে ঈশ্বর ঈশ্বরীর নিকট কহিলেন যে এই কাশীপুরীতে পূর্ব্বে অমিত্রজিৎনামে এক ক্ষত্রিয়রাজা ছিলেন। সে রাজা শত্রুদিগের অনেক নগর নিজবলেতে জয় করিয়াছিলেন। এবং তিনি ধার্ম্মিক ও সাত্ত্বিক ও নিজ প্রজার পালনে তৎপর ও বড় বদান্য ছিলেন অতএব তাঁহার বড় যশ লোকেরা কহিত। এবং তিনি সুবুদ্ধি ও ব্রাহ্মণভক্ত ও নীতিজ্ঞ ও বিনয়ী ও সর্ব্বকর্ম্মে নিপুণ ছিলেন। এবং ঐ রাজা বিদ্যাসমুদ্রের পারদর্শী অতএব গুণবান্ ও গুণিগণে প্রেমকারী ও কৃতজ্ঞ অর্থাৎ কেহ যদি কিছু উপকার করে তবে তাহার প্রত্যুপকার করণার্থ সর্ব্বদা সচেষ্ট এবং জিতেন্দ্রিয় অতএব পাপকর্ম্মে পরাঙ্মুখ ও মিষ্টালাপী ও সত্যবাদী ও অল্পবাক্যবাদী ও সদাশুদ্ধ ও অলঙ্ঘ্যশাসন ও শ্রীমান্ ও বিষ্ণুভক্তি পরায়ণ। অতএব রাজা শ্রীকৃষ্ণের পদারবিন্দ যুগলে স্বচিত্তবৃত্তি সমর্পণ করত ও নির্ব্বিবাদ পূর্ব্বক ও সর্ব্বপ্রজার মনোরঞ্জন রূপে রাজ্য করি

তেন তাহাতে কোনো বিষয়ে তাঁহার নিন্দা কেহ করিতে পারিত না কিন্তু সকলেই তাঁহার কীর্ত্তি কহিত।

গোবিন্দ গোপ গোপাল গোপীজন মনোহর গদাপাণে গুণাতীত গুণাঢ্য গরুড়ধ্বজ। কেশীহৃৎ কৈটভারাতে কংসারে কমলাপতে। কৃষ্ণ কেশব কঞ্জাক্ষ কীনাশ ভয়নাশন পুরুষোত্তম পাপারে পুণ্ডরীকবিলোচন। পীত কৌষেয় বসন পদ্মনাভ পরাৎপর জনার্দন জগন্নাথ জহ্নবী জলজন্মভূঃ। জন্মিনাং জন্মহরণ জংজপূকাঘনাশন। শ্রীবৎসবক্ষঃ শ্রীকান্ত শ্রীকর শ্রেয়সাং নিধে। শ্রীরঙ্গ শার্ঙ্গকোদণ্ড শৌরে শীতাংশু লোচন। দৈত্যারে দানবা রাতে দামোদর দুরন্তহৃৎ। দৈবকীনন্দনানন্দ দন্দশূকেশ্বরেশয়। বিষ্ণো বৈকুণ্ঠ নিলয় বাণারে বিষ্টরশ্রবঃ। বিশ্বক্সেন বিধে বীর বনমালিন্ বল প্রিয়। ত্রিবিক্রম ত্রিলোকীশ চক্রপাণে চতুর্ভুজ।

ইত্যাদীনি পবিত্রাণি নামানি প্রতিমন্দিরং। স্ত্রীবৃদ্ধবাল গোপাল বদ্ধ নোদীরিতানিতু। শ্রূয়ন্তে যত্রকুত্রাপি রম্যাণি মধুবিদ্বিষঃ। পবিত্রাণি বিচি ত্রাণি চরিত্রাণ্যব্জিজাপতেঃ। সৌধভিত্তিষু দৃশ্যন্তে চিত্রকৃন্নির্ম্মিতানিতু।

অর্থঃ। শ্রীকৃষ্ণের গোবিন্দ গোপালাদি পবিত্র নামসকল ঐ রাজার রাজ্যে প্রত্যেক মন্দিরে স্ত্রী ও বৃদ্ধ ও বাল ও রাখালগণের মুখেতে উচ্চারিত যেখানে সেখানে শুনা যাইত। এবং রাজগৃহের ভিত্তিতে লক্ষ্মী পতির মৎস্যাবতারাদি পবিত্র ও বিচিত্র চরিত্র সকল চিত্রকরকর্তৃক লিখিত ছিল তাহা সকললোক দর্শন করিত।

তস্য রাজ্যে মৃগাশ্চাপি ব্যাধেররণ্যসুখচারিণঃ। নমৎস্যান্নৈব কমঠান্ নক্রাংশ্চ কৈশ্চন। হন্যন্তে ক্বাপি তদ্ভীত্যা মৎস্য মাংসাতিলোলুপৈঃ। অপ্যুত্তানায়া স্তনা রাষ্ট্রেমিত্রজিতঃক্বচিৎ। স্তনপানং নকুর্ব্বন্তি সংপ্রাপ্য হরিবাসরং। পশবোপি তৃণাহারং পরিত্যজ্য হরের্দিনে। উপোষণপরাজ্ঞাতা অন্যেষাং কা কথা নৃণাং। মহামহোৎসবঃ সর্ব্বৈঃ পুরৌকোভির্বিতন্যতে।

অর্থঃ। ঐ রাজা অহিংসাধর্ম্ম এইরূপ পালন করিয়াছিলেন যে তাঁহার ভয়েতে মাংসলোভি ব্যাধেরা হরিণ ও বরাহাদি পশু ও পক্ষি বধ করিতে পারিত না অতএব সকল পশু পক্ষি সুখে অরণ্যে রাচত। এবং মৎস্যলোভি কৈবর্ত্তেরাও মৎস্য ও কচ্ছপাদি মারিতে পারিত না। অপ

রক্ত ঐ রাজার রাজ্যে সর্ব্ব প্রজারা একাদশী করিত এবং অভিনব শিশু রাও হরিবাসরে স্তন্যপান করিত না। এবংপশুরাও তৃণাহার ত্যাগ করিয়া একাদশীর উপবাস করিত অন্য মনুষ্যের কথা আর কি কহিব কিন্তু নগরবাসি লোকেরা হরিবাসরে উপবাস ও বিষ্ণুপূজা ও গীতবাদ্য পূর্ব্বক রাত্রি জাগরণ করত মহামহোৎসব করিত।

সএব দণ্ড্যোভূত্তস্য রাজ্ঞোমিত্রজিতঃক্ষিতৌ। যোবিষ্ণুভক্তিরহিতঃপ্রাণৈরপি ধনৈরপি। বিনা মুকুন্দং গোবিন্দং পরমানন্দমচ্যুতং। নান্যোজপেত্ত মন্যেত নভজেত্ত জনৈঃক্বচিৎ। কৃষ্ণএব পরোদেবঃ কৃষ্ণএব পরাগতিঃ কৃষ্ণএব পরোবন্ধুস্তস্যানাদবনীপতেঃ। এবং তস্মিন্মহীপালে রাজ্যং সম্যক্ প্রশাসতি। একদা নারদঃ শ্রীমান্ তং দিদৃক্ষুঃ সমাযযৌ।

অর্থঃ। সেই অমিত্রজিৎ রাজার অধিকার ভূমির মধ্যে যত প্রজারা বাস করিত তাহারদিগের মধ্যে যে ব্যক্তি বিষ্ণুভক্তি রহিত সে ধনে ও প্রাণে রাজকর্তৃক দণ্ড্য হইত। অতএব তদ্দেশীয় সকললোক পরমানন্দ রূপি ও মুক্তিদায়ি শ্রীগোবিন্দ ব্যতিরিক্ত অন্য দেবতাকে মানিত না ও জপিত না ও ভজিত না। এবং রাজার ও শ্রীকৃষ্ণই পরমদেবতা ও শ্রীকৃষ্ণই পরমাগতি ও শ্রীকৃষ্ণই পরমবন্ধু এতাদৃশী ভক্তি শ্রীকৃষ্ণে ছিল। অপরঞ্চ ঐ অমিত্রজিৎ রাজা উক্তরূপে শ্রীকৃষ্ণে মনোনিবিষ্ট করত বিলক্ষণ রূপে রাজ্য রক্ষণ করিতে ছিলেন তৎকালে এক দিবস শ্রীনারদ মহাশয় ঐ রাজাকে দর্শন করিতে তাঁহার নিকট আগমন করিলেন।

রাজ্ঞা সপর্য্যিতঃ সোথ মধুপর্কবিধানতঃ নারদোবর্ণয়ামাস তমমিত্রজিতং নৃপং। নারদউবাচ। ধন্যোসি কৃতকৃত্যোসি মান্যোপ্যসি দিবৌকসাং। সর্ব্বভূতেষুগোবিন্দং পরিপশ্যন্ বিশাম্পতে। যোযজ্ঞপুরুষোবিষ্ণুর্যোযজ্ঞপুরুষোহরিঃ। যোস্তরাত্মাস্য জগতঃ কর্ত্তা হর্ত্তাবিতা বিভুঃতন্ময়ং পশ্যতোবিশ্বং তব ভূপালসত্তম। দর্শনংপ্রাপ্যশুভদং শুচিত্বমগমংপরং

অর্থঃ। শ্রীমন্নারদ মুনিকে দেখিবামাত্র রাজা সিংহাসন হইতে উত্থিত হইয়া দণ্ডবৎ প্রণাম করিলেন এবং পাদ্য ও অর্ঘ্য ও আচমণীয় ও মধুপর্কাদি প্রদান পূর্ব্বক মুনিকে পূজা করিয়া উত্তম আসনে বসাইলেন। পরে শ্রীমন্নারদ ঐ অমিত্রজিৎ রাজার বর্ণনা করিতে লাগিলেন যে হে

ভূপতে তুমি ধন্য ও কৃতকৃত্য ও দেবতারদিগের ও তুমি মান্য যেহেতু ক শ্রীগোবিন্দকেই তুমি সকল প্রাণির শরীরে জীবরূপ ও তৎকর্ম্মসাক্ষী পরমাত্মরূপ দেখিতেছ। অপরঞ্চ বেদাদি শাস্ত্রে যাঁহাকে যজ্ঞপুরুষ বিষ্ণু বলেন ও যাঁহাকে যজ্ঞপুরুষ হরিবলেন ও যাঁহাকে অন্তর্যামি ব লেন এবং জগতের সৃষ্টি কর্ত্তা ও পালনকর্ত্তা ও সংহার কর্ত্তা পরমেশ্বর বলেন তাঁহাকে তুমি এইবিশ্বময় দেখিতেছ অতএব হে ভূপালশ্রেষ্ঠ তোমার দর্শন করিয়া আমি পরম পবিত্র হইলাম।

অনয়া বিষ্ণুভক্ত্যা তে সন্তুষ্টেন্দ্রিয়মানসঃ। উপকর্ত্তুমনা ব্রূয়াং তন্নিশাময় ভূপতে। বালা বিদ্যাধরসুতা নাম্না মলয় গন্ধিনী। ক্রীড়ন্তী পিতুরা ক্রীড়ে হৃতা কঙ্কালকেতুনা। কপাল কেতুপুত্রেণ দানবেন বলীয়সা। আ গামিন্যাং তৃতীয়ায়াং তস্যাঃ পাণিগ্রহঃ কিল। পাতালে চম্পকাবত্যাং নগর্য্যাং সাস্তি সাম্প্রতং।

অর্থঃ। সম্প্রতি আগমন প্রয়োজন কহেন যে হে ভূপতে তোমার এই রূপ বিষ্ণুভক্তিতে অত্যন্ত সন্তুষ্ট হইয়া তোমার উপকার করণার্থ এক বিষয় আমি বলি তাহা শ্রবণকর মলয়গন্ধিনী নাম্নী বিদ্যাধরের কন্যা বয়সে বালা আপন পিতার উদ্যানে খেলা করিতেছিল তাহাকে কপা লকেতুর পুত্র কঙ্কালকেতু বলাৎকারপূর্ব্বক হরণ করিয়া লইয়াছে ও আ গামিনী তৃতীয়াতে বৈবাহিক দিন স্থির করিয়াছে তাহাকে তদ্দিবসে বি বাহ করিবে। সেই কন্যা সম্প্রতি পাতালে চম্পকাবতী নাম্নী নগরেতে আছে ও যদি বল আপনি কি প্রকারে ইহা জানিলেন তাহা কহি।

হাটকেশাৎ সমাগচ্ছংস্ত্বয়াহং সাশ্রুনেত্রয়া। দৃষ্টঃপ্রণম্য বিজ্ঞপ্তো যথা তচ্চ নিশাময়। ব্রহ্মচারিন্ মুনিশ্রেষ্ঠ গন্ধমাদনশৈলতঃ। বালক্রীড়নকাসক্তাং মাংহৃত্বাত্র নিনায় সঃ। কঙ্কালকেতুর্দুর্বৃত্তো দুর্জয়োন্যাস্ত্রশস্ত্রতঃ। যঃ স্বত্রিশূলঘাতেন ম্রিয়তে নান্যথা রণে। জগৎ পর্য্যাকুলীকৃত্য নিদ্রাত্যত্র বিনির্ভয়ঃ। যদি কোপি কৃতজ্ঞোমাং হত্বেমং দুষ্টদানবং। মদ্দত্তেন ত্রিশূলেন নয়েত্তদ্ভদ্রং ভবেত্ততঃ। যদ্যত্রোপচিকীর্ষুস্ত্বং রক্ষ মাং দুষ্টদানবাৎ। মমাপি হি বরোদত্তোভবগত্যা মহামুনে। বিষ্ণুভক্তোযুবা ধীমান পুত্রিত্বাং পরিণেষ্যতি। আতত্তীয়াতিথি যথা হ্যাকাং তথ্যতাং ব্রজেৎ

তথা নিশ্চিন্তমাএং ত্বং ভব যত্নং সমাচর। ইতি তদ্বচনাদ্রাজন বিষ্ণুভক্তিপরায়ণম্। যুবানঞ্চাপি ধীমন্তং ত্বামনুপ্রাপ্তবানহং। তৎকাৰ্য্য সিদ্ধ্যৈ ত্বাং হত্ব তং দুষ্টদানবং। আনয়াশু মহাবাহো শুভাং মলয়গন্ধিনীং। সা তু বিদ্যাধরী বালা বিলোক্য ত্বাং নরেশ্বর। পার্ব্বতীবচনা দুষ্টং ঘাতয়িষ্যত্যসত্তমঃ।

অর্থঃ। মুনি মহাশয় বলিলেন যে শুন মহারাজ বিতলস্থ হাটকেশ্বর শিবদর্শন করিয়া আমি আসিতেছিলাম পথিমধ্যে দৈবে আমার দর্শন পাইয়া ঐ বিদ্যাধরকন্যা আমাকে প্রণাম করিয়া সজলনয়না বিজ্ঞপ্তি করিল যে ভো বৃহ্মচারিন মুনে আমার নিবেদন শ্রবণ করুন আমি বিদ্যাধরের কন্যা এবং গন্ধমাদন পর্ব্বতে পিতার উদ্যানে আমি বাল্যক্রীড়া করিতেছিলাম কঙ্কালকেতু দুষ্ট দানব আমাকে হরণ করিয়া এই স্থানে আনিয়াছে। এবং সে দানব অন্য অস্ত্র ও শস্ত্রেতে রণে দুর্জ্জয় কিন্তু তাহার নিজ এক ত্রিশূল আছে কেবল তাহার আঘাতেই মরিবে এবং সে জগৎকে ব্যাকুল করিয়া এই স্থানে নির্ভয়রূপে নিদ্রা করে অতএব ত্রিলোকবিজয়ী ইহাতে যদি কোন বৃত্তকার্য্য বীর আসিয়া মৎকর্ত্তৃক দত্ত ঐ ত্রিশূলেতে তাহাকে বধ করিয়া আমাকে লয় তবে ভাল হয়। মহাশয় যদি এবিষয়ে অনুগ্রহ করিয়া আমার উপকার করিতে চাহেন তবে এই দুষ্ট দানবহইতে আমাকে রক্ষা করুন। এবং পূর্ব্বে আমি গৌরীব্রত করিয়াছিলাম তাহাতে তুষ্টা হইয়া ভগবতী আমাকে বরপ্রদান করিলেন হে পুত্রি এক বিষ্ণুভক্ত ও যুবা ও বুদ্ধিমান তোমাকে বিবাহ করিবে। অতএব ভগবতীর ঐ বাক্য আগামিনী তৃতীয়া তিথির পূর্ব্বেই সত্য যাহাতে হয় মহাশয় নিশ্চিন্ত না হইয়া তেমন যত্ন করুন। হে মহারাজ বিদ্যাধর কন্যার এই বাক্যেতে আমি তোমার নিকট আসিয়াছি কেননা তুমি বিষ্ণুভক্ত ও যুবা ও বুদ্ধিমান। অতএব সে কাৰ্য্য সাধন করিবার কারণ তুমি স্বয়ং গমন কর এবং হে মহাবাহো সেই দুষ্ট দানবকে বধ করিয়া সুন্দরী মলয়গন্ধিনীকে শীঘ্র আন। অপর কহিলেন যে সে বিদ্যাধরী বালা তোমাকে দেখিয়া পার্ব্বতীর বরে তোমার দ্বারা সেই দুষ্ট দানবকে অবশ্য বধ করাইবে।

ইতি নারদবাক্যং সনিশম্যামিত্রজিন্নৃপঃ। অনল্পোৎকলিকোজাতোবি দ্যাধরসুতাং প্রতি। উপায়ঞ্চাপি পপ্রচ্ছ গন্তুং তং চম্পকাবতীং। নার দেন পুনঃপ্রোক্তঃ সরাজা গিরিরাজজে। তূর্ণমর্ণবমাসাদ্য পূর্ণিমাদিবসে নৃপ। ভবান্ দ্রক্ষ্যতি যে তস্থঃ কল্পবৃক্ষং রথস্থিতং। তত্র দিব্যাঙ্গনা কাচিদ্দিব্যপর্য্যঙ্কসংস্থিতা। বীণামাদায় গায়ন্তী গাথাং গাস্যতি সুস্বরং। যৎকর্ম্ম নিচিতং যেন শুভং বাথ শুভেতরং। সএব ভুংক্তে তত্তথ্যং বিধি সূত্রনিযন্ত্রিতঃ। গাথামিমাংসা সঙ্গীয় সরথাসমহীরুহা। সপর্য্যঙ্কাক্ষণাদেব মর্ণোসিন্ধুং প্রবেক্ষ্যতি। ভবানপ্যবিশঙ্কশ্চ ততঃ পোতান্মহার্ণবে তামনু বৃজত ক্ষিপ্রং যজ্ঞবারাহমাস্তবন্। ততোদ্রক্ষ্যসি পাতালে নগরীং চম্পকা বতীং। মহামনোহরাং রাজন্ সহিতাং বালয়া তয়া। ইত্যুক্ত্বান্তর্হিতো দেবি সচ দুর্ম্মথনন্দনঃ।

অর্থঃ। নারদ মুনির ঐ বাক্য শুনিয়া অমিত্রজিৎ রাজা বিদ্যাধরীর প্রতি অতি উল্লাসিতচিত্ত হইয়া চম্পকাবতীপুরীতে যাওনের উপায় মুনিকে জিজ্ঞাসা করিলেন। পরে নারদমুনি পুনর্ব্বার বলিতে লাগিলেন যে হে নৃপ পূর্ণিমা তিথিতে তুমি বৃহন্নৌকায় আরোহণ করত সমুদ্রের মধ্যে যাইবা পরে জলের উপর এক রথ দেখিবা ও রথের উপর এক কল্পবৃক্ষ ও তদুপরি এক খট্টা ও তদুপরি কোন একদিব্যাঙ্গনা বীণা লইয়া এক গীত সুস্বরপূর্ব্বক গান করিবে তাহা তুমি দেখিতে পাইবা ঐ গীতের অর্থ এই শুভকর্ম্ম বা অশুভকর্ম্ম যেব্যক্তি করে তাহার শুভাশুভ ফল বি- ধাতার লিপির অনুসারে সেই ব্যক্তি ভোগ করে। এতদর্থক গীতের গানা ন্তে ঐ দিব্যস্ত্রী রথ ও বৃক্ষ ও খট্টার সহিত তৎক্ষণাৎ সমুদ্রীয় জলের ভিতর প্রবেশ করিবে। এবং তুমিও বৃহন্নৌকা হইতে নিঃসন্দেহ পূর্ব্বক জল মধ্যে অবগাহন করিয়া ঐ দিব্যাঙ্গনার অনুগামী হইবা। এবং যাইয়া যজ্ঞবারাহের দর্শন পাইবা ও তাঁহার স্তুতি করিবা পরে পাতালে গমন করিয়া চম্পকাবতী নাম্নী মহামনোহরা পুরী দেখিতে পাইবা। এবং ঐ পুরীর মধ্যে বিদ্যাধরীর দর্শন পাইবা এই সকল কথা কহিয়া ব্রহ্মার নন্দন নারদ অন্তর্হিত হইলেন।

রাজাপ্যর্ণবমাসাদ্য যথোক্তং পরিলভ্যচ। বিবেশান্তঃ সমুদ্রঞ্চ নগরী

সসাদ তাং। অথ বিদ্যাধরী বালা নেত্রপ্রাঘুণিকীকৃতা। তেনরাজ্ঞা ত্রিজ
গীসৌন্দর্য্য শ্রীরিবৈকিকা। পাতালদেবতেয়ং বা মম নেত্রোৎসবায় কিং
রামায়ি সমুদ্রে সিদ্ধিষা চান্দ্রমসী কিমু। যোষিদ্রূপং সমাশ্রিত্য তিষ্ঠত্যত্র
তোভয়া। ইত্থং ক্ষণং তাং নির্ব্বর্ণ্য সরাজাগাত্বদন্তিকং। সা বিলো
াথ তং বালা নিতরাং মধুরাকৃতিং। বিশালোরস্থলতলপ্রলম্বতুল
ীসুজং। শঙ্খচক্রাঙ্কিতকরম্বভুজদ্বয়রাজিতং। হরিনামাক্ষরসুধাসুধৌতর
ালিং। ভবানীভক্তি বীজোত্থভূরুহং পুরুষাকৃতিং। কস্তমত্র কৃতা
সা ভুবনে মধুরাকৃতে। প্রাগেবামে মন্দভাগ্যায়াশ্চেতোবৃত্তিং নিরুন্ধয়ন্
ামায়াতি সুভগ সকঠোরতরাকৃতিঃ। অতিপর্য্যা কুলীকৃত্য ত্রিলোকীং
ানবাত্মকঃ। কঙ্কালকেতুর্দুবৃত্তস্তুবধ্যঃ পরহেতিভিঃ। তাবদ্গুপ্তং সমা
তিষ্ঠ শস্ত্রাগারেত্র গহ্বরে। নমে কন্যাব্রতং ভগ্নং সমর্থেনাপ্যমাবরাৎ।
াগামিন্যাং তৃতীয়ায়াং পরশ্বঃ পাণিপীড়নং। স চিকীর্ষতি দুষ্টাত্মা
গত্বায়ুর্মম শাপতঃ। মাতভীতিং কুরু যুবংস্তুৎকার্য্যং ভবিতাচিরাৎ।
বিদ্যাধর্য্যেতি চোক্তঃ সশস্ত্রাগারে নিগূঢ়বৎ। স্থিতঃ স্থিরোমহাবাহু
দানবাগমনেক্ষণঃ।

অর্থঃ। নারদের বাক্যে রাজা সমুদ্রে গমন করিয়া মুনি যেমন কহিয়া
ছিলেন তেমনি দিব্যাঙ্গনাদি সকল দেখিতে পাইলেন। এবং সমুদ্রের
জলাভ্যন্তর প্রবেশ করিয়া চম্পকাবতী পুরীতে পঁহুছিলেন। এবং ঐ পুরী
র মধ্যে বালা বিদ্যাধরীকে দূরহইতে দেখিয়া তাঁহার অতিআশ্চর্য্য রূ
পের প্রতি রাজা চমৎকৃত হইয়া অন্তঃকরণে বিতর্ক করিতেছেন যে এ
কি ত্রিলোকের সৌন্দর্য্যশ্রী একত্র হইয়াছে কিম্বা আমার নয়নের উৎসবা
র্থ ইনি কি পাতালের দেবতা। অথবা রাহুর ভয়েতে চন্দ্রকলা স্ত্রীরূপ
ধারণ করিয়া এইস্থানে কি অকুতোভয় হইয়া আছেন। এইপ্রকার ক্ষণি
ক বিদ্যাধরীর রূপ বর্ণনা করত রাজা বালার নিকটে গমন করিলেন।
অনন্তর বিদ্যাধরী স্বনিকটাগত ও নিতান্ত প্রিয়দর্শন ও বিশাল বক্ষঃস্থলে
লম্বমান তুলসী মালাতে শোভিত ও শঙ্খচক্রাঙ্কিত ভুজদ্বয়েতে রাজিত
ও হরিনামাক্ষরসুধাতে সুধৌতদন্তপংক্তি ও স্বকৃতভবানীভক্তিরূপ বীজ
হইতে প্রোদ্ভূত পুরুষাকৃতি পাদরূপ রাজাকে স্বচক্ষুতে নিরীক্ষণ করিলে

না। এবং বলিলেন হে প্রিয়দর্শন এই অন্তকের ভুবনে মন্দভাগ্যা আমার চিত্রবৃত্তিকে রুদ্ধ করত আসিয়াছ তুমি কে। পরে রাজা শঙ্কেত করিলেন যে নারদের আদেশে আগত আমি। তখন বিদ্যাধরী ব্যস্তা হইয়া বলিতেছেন যে হে সুভাগ্য এই কঙ্কালকেতু দানব অন্তকস্বরূপ ও দুর্বৃত্ত ও অতিকঠোরতর ও পরকীয় অস্ত্রশস্ত্রেতে অবধ্য অতএব ত্রিলোকের ব্যাকুলকারী সে যাবৎ না আইসে তাবৎ তুমি এই গহ্বররূপ শস্ত্রাগারে গুপ্তরূপে থাক। বিদ্যাধরী এইবাক্য বলিয়া স্ববৃত্তান্তও তখন বিজ্ঞাপন করিলেন যে সে দানব এতাদৃশ সমর্থ হইয়াও উমার বরপ্রভাবে আমার কন্যাব্রত ভঙ্গ করিতে পারেনাই কিন্তু পরশ্ব তৃতীয়া তিথিতে সে আমাকে বিবাহ করিতে ইচ্ছা করিয়াছে অপর সে দষ্টাত্মা আমার শাপেতে গতায়ু জানিবা অতএব হে যুব সে দানবকে ভয় করিও না ও তোমার মনোগত কার্য্য অচিরে সিদ্ধ হইবে। বিদ্যাধরীর এই বাক্যেতে মহাবাহু রাজা দানবের আগমনে দত্ত দৃষ্টি হইয়া শস্ত্রাগারে গুপ্ত থাকিলেন।

অথ সায়ং সমায়াতোদানবোভীষণাকৃতিঃ। ত্রিশূলং কলয়ন্ পাণৌ মৃত্যোরপিভয়ঙ্করঃ। আগত্য দানবোরৌদ্রঃ প্রলয়াম্বুদনিস্বনঃ। বিদ্যাধরীং জগাদেতি মদাঘূর্ণিতলোচনঃ। গৃহাণেমানি রত্নানি দিব্যানি বরবর্ণিনি। কন্যাত্বঞ্চ পরশ্বস্তে পাণিগ্রহাদপৈষ্যতি। দাসীনামযুতংপ্রাতর্দাস্যামি তবসুন্দরি। অসুরীণাং সুরীণাঞ্চ দানবীনাং মনোহরং। গন্ধর্ব্বীণাং নরীণাঞ্চ কিন্নরীণাং শতং শতং। বিদ্যাধরীণাং নাগীনাং যক্ষিণীনাং শতানি ষট্। রাক্ষসীনাং শতান্যষ্টৌ শতমপ্সরসাং বরং। এতাস্তে পরিচারিণ্যোভবিষ্যন্ত্যমলাশয়ে। যাবৎ সম্পত্তিসম্ভারো দিক্পালানাং গৃহেষুবৈ। মৎপরিগ্রহতাং প্রাপ্য তাবত্ত্বমিহেশ্বরী। দিব্যান্ ভোগাস্ময়া সার্দ্ধং ভোক্ষ্যসে মৎপরিগ্রহাৎ। কদা পরশ্বো ভবিতা যস্মিন্ বৈবাহিকোবিধিঃ। ত্বদঙ্গামন্দসংস্পর্শসুখসন্দোহমেদুরঃ। পরাংনির্বৃতিমাপ্স্যামি পরশ্বো নিকটং যদি। মনোরথাশ্চিরংযাবদ্যে মে হৃদি সমেধিতাঃ। তান কৃতার্থী করিষ্যামি পরশ্ব স্তবসঙ্গমাৎ। জিত্বা দেবানুণে সর্ব্বানিন্দ্রাদীন্মৃগলোচনে। ত্রৈলোক্যৈশ্বর্য্য সম্পত্তেস্তাং করিষ্যামি চেশ্ব

রীং। স্বাধারাঙ্কে ত্রিশূলং স্বংসুস্বাপেতি প্রলপ্য সঃ নরমাংসবদাহাদ প্রমত্তোভীতমাধসং।

অর্থঃ। দৈত্য ও দানব ও রাক্ষসেরা দিবসেই দস্যুবৃত্তি করিয়া নানা স্থানে ভ্রমণ করে অতএব ভয়ঙ্করমূর্ত্তি ও যাহার দর্শনে মৃত্যুও মৃত্যুভয় পান সে দানব দস্যুতা করিয়া সায়ংকালে নিজ বাটীতে আইল এবং যে গৃহে ঐ বিদ্যাধরীকে রাখিয়াছে সে গৃহে স্বয়ং চৌকি দিবার কারণ গমন করিয়া মদেতে ঘূর্ণায়মানলোচন ও প্রলয়কালীন মেঘেরমত ঘর্ঘরশব্দ করত বিদ্যাধরীকে কহিল হে বরবর্ণিনি এই দিব্য রত্নসকল লও এবং পরশ্ব বিবাহেতে তোমার ক্লান্তি দূর হইবে। হে সুন্দরি কল্য প্রাতঃ সুরী ও অসুরী ও দানবী অযুত মনোহরা দাসী তোমাকে দিব এবং গন্ধর্ব্বী ও নরী ও কিন্নরী দাসী এক২ শত দিব এবং বিদ্যাধরী ও নাগী ও যক্ষিণী দাসী দুই২ শত দিব এবং রাক্ষসী দাসী অষ্টশত দিব ও অপ্সর দাসী এক শত দিব। এই ১১৮০০ একাদশ শহস্র অষ্ট শত দাসীরা তোমার পরিচর্য্যা করিবে অতএব আমার প্রতি শুদ্ধান্তঃকরণা হও। অপর ইন্দ্রাদি দশ দিক্‌পালদিগের গৃহে২ যাবৎ সম্পত্তি আছে আমার ভার্য্যা হইয়া তুমি তাবতের ঈশ্বরী হইবা। এবং আমার পত্নীহইয়া তুমি আমার সহিত দিব্য ভোগসকল ভোগ করিবা। পরশ্ব কখন নিকট হইবে ও যে দিবস বিবাহ সে পরশ্ব যখন নিকট হইবে তখন বিশেষরূপ তোমার অঙ্গসঙ্গ জন্য সুখসমূহেতে আমি স্নিগ্ধ হইয়া আপ্যায়িত হইব। এবং চিরকাল অবধি যেসকল মনোরথ আমার হৃদয়ে জাগিতেছে পরশ্ব তোমার সঙ্গমেতে সেসকলকে কৃতার্থ করিব অপর হে মৃগাক্ষি ইন্দ্রাদি ত্রেত্রিশ কোটি দেবতাকে যুদ্ধে জয় করিয়া ত্রৈলোক্যৈশ্বর্য্যের তোমাকে ঈশ্বরী করিব। দানব নরমাংস ও নরদুগ্ধের ইহার আস্বাদ জন্য মত্তহইয়া এই সকল বকিল এবং নিজ ত্রিশূল কোলে রাখিয়া নির্ভয়পূর্ব্বক নিদ্রা গেল।

বরংস্মরন্তী সাপৌর্য্যাবিদ্যাধরকুমারিকা। বিজ্ঞায় তং প্রমত্তঞ্চ প্রসুপ্তঞ্চাতিনির্ভয়ং। আহুয় তং নরবরং বরং সর্ব্বাঙ্গসুন্দরং। বিষ্ণুভক্তিকৃতত্রাণং প্রাণনাথেতি জপ্যাচ। শূলং তদঙ্কাদাদায় গৃহাণেমং জহি দ্রুতং। ইতি ত্রিশূলং বাপ্তাতো বালার্কসদৃশদ্যুতি। সমাদায় মহাবাহুঃ সত্বরা

উত্তরাঃ কুরবশ্চৈব যথা বৈ ভারতং তথা। ইলাবৃতঞ্চ তন্মধ্যে সৌবর্ণোমেরুরুচ্ছ্রিতঃ। মেরোঃ পূর্ব্বেণ ভদ্রাশ্বং কেতুমালঞ্চ পশ্চিমে। নবসাহস্রমেকৈকমেতেষাং দ্বিজসত্তম।

অর্থঃ। লক্ষযোজন পরিমিত এই জম্বুদ্বীপ নয় খণ্ডেতে বিভক্ত আছে ঐ নয় খণ্ডই নয় বর্ষ। যথা জম্বুদ্বীপের দক্ষিণাংশে হিমালয় পর্ব্বতপর্য্যন্ত এই ভারতবর্ষ ও তদুত্তরে কিম্পুরুষবর্ষ ও তদুত্তরে হরিবর্ষ ও তদুত্তরে সুমেরুর চতুঃপার্শ্বে ইলাবৃতবর্ষ ও ইলাবৃতের পূর্ব্বে ভদ্রাশ্ববর্ষ ও পশ্চিমে কেতুমালবর্ষ এই তিনবর্ষের উত্তরে রম্যক বর্ষ ও তদুত্তরে হিরন্ময়বর্ষ ও তদুত্তরে কুরুবর্ষ। এবং এই নয় বর্ষের প্রত্যেক বর্ষ নয়২ সহস্র যোজনপরিমিত

অথ নয়বর্ষের সীমা পর্ব্বত।

শ্রীভাগবতে। যস্মিন্নব বর্ষাণি নবযোজন সহস্রায়ামান্যষ্টভির্ম্মর্য্যাদাগিরিভিঃ সুবিভক্তানি ভবন্তি। বৈষ্ণবেচ। হিমবান্ হেমকূটশ্চ নিষধশ্চাস্য দক্ষিণে। নীলঃ শ্বেতশ্চ শৃঙ্গীচ উত্তরে বর্ষপর্ব্বতাঃ। লক্ষপ্রমাণৌ দ্বৌ মধ্যে দশহীনাস্তথাপরে। সহস্রদ্বিতয়োচ্ছ্রায়াস্তাবদ্বিস্তারিণশ্চতে। বারাহে। জম্বুদ্বীপ প্রমাণেন নিষধঃ পরিকীর্ত্তিতঃ তস্মাচ্চ দশভাগেন হেমকূটঃ প্রহীয়তে। হিমবান্ বিংশভাগেন তস্মাদেব প্রহীয়তে। অশীতির্হিমবান্ শৈলআয়াতঃ পূর্ব্বপশ্চিমে। নীলঃ শ্বেতশ্চ শৃঙ্গীচ ক্রমেণৈবং প্রমাণকাঃ। অবগাঢ়া হ্যুভয়তঃসমুদ্রৌ পূর্ব্বপশ্চিমৌ। দ্বীপস্যমণ্ডলীভাবাদহ্রাসবৃদ্ধী প্রকীর্ত্তিতে

অর্থঃ। জম্বুদ্বীপের মধ্যে হিমালয় ও হেমকূট ও নিষধ ও নীল ও শ্বেত ও শৃঙ্গবান ও মাল্যবান ও গন্ধমাদন এই অষ্ট ভারতাদি নয় বর্ষের বিভাগ কারক সীমা পর্ব্বত এই অষ্টপর্ব্বত অলঙ্ঘনীয় অতএব এনয় বর্ষের লোক অন্যবর্ষে যাইতে পারেনা। তথাহি ভারত বর্ষের উত্তর সীমা হিমালয় সে আশী সহস্র যোজন দীর্ঘ। এবং কিম্পুরুষ বর্ষের উত্তর সীমা হেমকূট সে নব্বই সহস্র যোজন দীর্ঘ। হরিবর্ষের উত্তর সীমা নিষধ সে লক্ষ যোজন দীর্ঘ। কেতুমাল ও ইলাবৃত ও ভদ্রাশ্ব এই তিন বর্ষের উত্তর সীমা নীল সেও লক্ষযোজন দীর্ঘ। রম্যকবর্ষের উত্তর সীমা শ্বেত সে নব্বই সহস্র যোজন দীর্ঘ। হিরন্ময় বর্ষের উত্তর সীমা শৃঙ্গবান্ সে আশী সহস্র যোজন দীর্ঘ। ঐ ছয় পর্ব্বতই দ্বিসহস্র যোজন উচ্চ ও দ্বি

বিস্তৃত। এবং ঐ ছয় পর্ব্বতই দৈর্ঘ্যেতে পূর্ব্ব ও পশ্চিম সমুদ্রস্পর্শি কিন্তু জম্বুদ্বীপের গোলতা প্রযুক্ত দৈর্ঘ্যে ন্যূন ও অধিক আছে।

বৈষ্ণবে। আনীলনিষধায়ামৌ মাল্যবদ্গন্ধমাদনৌ। চত্বারিংশৎ সহস্রাণি পরিবৃদ্ধৌ মহীতলাৎ।

অর্থঃ। কেতুমাল বর্ষের পূর্ব্বসীমা ও ইলাবৃত বর্ষের পশ্চিমসীমা গন্ধমাদন এবং ইলাবৃতের পূর্ব্বসীমা ও ভদ্রাশ্ব বর্ষের পশ্চিমসীমা মাল্যবান। এই উভয় পর্ব্বতই চল্লিশ সহস্র যোজন উচ্চ এবং দৈর্ঘ্যেতে উত্তরে নীলপর্ব্বত স্পর্শি ও দক্ষিণে নিষধ পর্ব্বত স্পর্শি।

বৈষ্ণবে। হিমবৎ প্রমুখাশ্চাষ্টৌ মর্য্যাদাপর্ব্বতাইমে। নানাধাতুপিনদ্ধাশ্চ নানারত্নাকরাশ্চবৈ। নানাপুষ্পফলোপেতা নানাবৃক্ষগণাবৃতাঃ। ভূস্বর্গা দেবভোগ্যাশ্চ দুষ্প্রাপ্যামানবৈর্ভুবি। হেমকূটেতু গন্ধর্ব্বাবিজ্ঞেয়াশ্চাপ্সরোগণাঃ। সর্ব্বেনাগাশ্চ নিষধে শেষবাসুকিতক্ষকাঃ। নীলেতু বৈদূর্য্যময়ে সিদ্ধব্রহ্মর্ষয়োমলাঃ। দৈত্যানাং দানবানাঞ্চ শ্বেতপর্ব্বতউচ্যতে। শৃঙ্গবৎ পর্ব্বতে চৈব পিতৃণাং নিলয়াঃ শুভাঃ। হিমবান্ যক্ষমুখ্যানাং ভূতনাথীশ্বরস্যচ। সর্ব্বাদ্রিষু মহাদেবো হরিণা ব্রহ্মণা সুরঃ। স্কান্দে। সন্তি বিদ্যাধরাণাঞ্চ পর্ব্বতে গন্ধমাদনে। উদ্যানানি বিচিত্রাণি ভবনানি বহূনিচ তেষুবিদ্যাধরবরাবিদ্যাধর্য্যশ্চ কৌতুকাৎ। বিহরন্তি সুখং যত্রবাতিবহতি গন্ধবান্। সুগন্ধিপুষ্পসম্ভূতান্ গন্ধানাদায় সর্ব্বতঃ। দেবাদৈত্যাদানবাশ্চ কদাচিদ্যান্তি তত্র বৈ। একদা তত্র যদ্বৃত্তং তন্নিশাময় সর্ব্বশঃ। বালা বিদ্যাধরসুতা নাম্না মলয়গন্ধিনী। ক্রীড়ন্তী পিতুরাক্রীড়ে হৃতা কঙ্কালকেতুনা।

অর্থঃ। উক্ত হিমালয়াদি অষ্ট সীমাপর্ব্বত নানাধাতুতে ও নানা রত্নের আকার এবং নানাজাতীয় পুষ্পসকলেতে শোভিত ও সুগন্ধিত বাসিত এবং নানাফলবিশিষ্ট নানাবৃক্ষ সকলেতে আবৃত। এবঞ্চ ঐ সকল পর্ব্বত ভূস্বর্গ অতএব দেবভোগ্য ও মনুষ্যাদিগের দুষ্প্রাপ্য। কিন্তু ব্রহ্মা বিষ্ণু রুদ্র ইন্দ্র দেব দৈত্য দানব যক্ষ রক্ষঃ ভূত প্রেত পিশাচ পন্নগ নাগ গুহ্যক বিহগ অসুর বিদ্যাধর চারণ কিন্নর কিম্পুরুষ গন্ধর্ব্ব সিদ্ধ সাধ্য বসু বিশ্বদেব পিতৃ দেবর্ষি মহর্ষি ব্রহ্মর্ষি সপ্তর্ষি ঋষিসকলের ঐচ্ছিক [illegible] ও যোগি গণের সাধনস্থান এবং সিংহব্যাঘ্র

ভূপতে তুমি ধন্য ও কৃতকৃত্য ও দেবতারদিগের ও তুমি মান্য যেহেতু ক শ্রীগোবিন্দকেই তুমি সকল প্রাণির শরীরে জীবরূপ ও তৎকর্ম্মসাক্ষী পরমাত্মরূপ দেখিতেছ। অপরঞ্চ বেদাদি শাস্ত্রে যাঁহাকে যজ্ঞপুরুষ বিষ্ণু বলেন ও যাঁহাকে যজ্ঞপুরুষ হরি বলেন ও যাঁহাকে অন্তর্যামি ব লেন এবং জগতের সৃষ্টি কর্ত্তা ও পালনকর্ত্তা ও সংহার কর্ত্তা পরমেশ্বর বলেন তাঁহাকে তুমি এইবিশ্বময় দেখিতেছ অতএব হে ভূপালশ্রেষ্ঠ তোমার দর্শন করিয়া আমি পরম পবিত্র হইলাম।

অনয়া বিষ্ণুভক্ত্যা তে সন্তুষ্টোস্মিন্নরনায়ক। উপকর্ত্তুমনা ব্রূয়াং তন্নিশাময় ভূপতে। বালা বিদ্যাধরসুতা নাম্না মলয় গন্ধিনী। ক্রীড়ন্তী পিতুরা ক্রীড়ে হৃতা কঙ্কালকেতুনা। কপাল কেতুপুত্রেণ দানবেন বলীয়সা। আ গামিন্যাং তৃতীয়ায়াং তস্যাঃ পানিগ্রহঃ কিল। পাতালে চম্পকাবত্যাং নগর্য্যাং সাস্তি সাম্প্রতং।

অর্থঃ। সম্প্রতি আগমন প্রয়োজন কহেন যে হে ভূপতে তোমার এই রূপ বিষ্ণুভক্তিতে অত্যন্ত সন্তুষ্ট হইয়া তোমার উপকার করণার্থ এক বিষয় আমি বলি তাহা শ্রবণকর মলয়গন্ধিনী নাম্নী বিদ্যাধরের কন্যা বয়সে বালা আপন পিতার উদ্যানে খেলা করিতেছিল তাহাকে কপা লকেতুর পুত্র কঙ্কালকেতু বলাৎকারপূর্ব্বক হরণ করিয়া লইয়াছে ও আ গামিনী তৃতীয়াতে বৈবাহিক দিন স্থির করিয়াছে তাহাকে তদ্দিবসে বি বাহ করিবে। সেই কন্যা সম্প্রতি পাতালে চম্পকাবতী নাম্নী নগরেতে আছে ও যদি বল আপনি কি প্রকারে ইহা জানিলেন তাহা কহি।

হাটকেশাৎ সমাগচ্ছংস্ত্বাং হং সাশ্রু মত্তয়া। দৃষ্টঃ প্রণম্য বিজ্ঞপ্তো যথা তচ্চ নিশাময়। ব্রহ্মচারিন্মুনিশ্রেষ্ঠ গন্ধমাদনশৈলতঃ। বালক্রীড়মকাস ন্ত্বাং মাংহৃত্বাত্র নিনায় সঃ। কঙ্কালকেতুর্দুর্ব্বৃত্তো দর্পেয়োন্যাস্ত্রশস্ত্রতঃ। ষঃ স্বত্রিশূলঘাতেন ম্রিয়তে নান্যথা রণে। জগৎ পর্য্যাকুলীকৃত্য নিদ্রেত্যা ত্র বিনির্ভয়ঃ। যদি কোপি কৃতজ্ঞোমাং হত্বেমং দুষ্টদানবং। মদ্দত্তেন ত্রিশূলেন নয়েত্তদ্রং ভবেত্ততঃ। যদ্যত্রোপটিকীর্ষুস্ত্বং রক্ষ মাং দুষ্টদান বাৎ। মমাপি হি বয়োদত্তোভবগতা মহামুনে। বিষ্ণুভক্ত্যাযুতো ধীমান পতিস্তাং পরিনেষ্যতি। আকর্ণ্যাতিথি যথা দুষ্টাক্যং তথ্যতাং বুদ্ধেৎ

তথা নির্ব্বিন্নমার্গং ত্বং ভব যত্নং সমাচর। ইতি তদ্বচনাদ্রাজন বিষ্ণুভক্তিপরায়ণং। যুবানঞ্চাপি ধীমন্তং ত্বামনুপ্রাপ্তবানহং। তৎকাঙ্ক্ষ কার্য্যসিদ্ধ্যৈ ত্বাং হত্ব তং দুষ্টদানবং। আনয়াশু মহাবাহো শুভাং মলয়গন্ধিনীং। সাতু বিদ্যাধরী বালা বিলোক্য ত্বাং নরেশ্বর। পার্ব্বতীবচনাদ্দুষ্টং ঘাতয়িষ্যত্যযত্নতঃ।

অর্থঃ। মুনি মহাশয় বলিলেন যে শুন মহারাজ বিতলস্থ হাটকেশ্বর শিবদর্শন করিয়া আমি আসিতেছিলাম পথিমধ্যে দৈবে আমার দর্শন পাইয়া ঐ বিদ্যাধরকন্যা আমাকে প্রণাম করিয়া সজলনয়না বিজ্ঞপ্তি করিল যে ভো ব্রহ্মচারিন মুনে আমার নিবেদন শ্রবণ করুন আমি বিদ্যাধরের কন্যা এবং গন্ধমাদন পর্ব্বতে পিতার উদ্যানে আমি বাল্যক্রীড়া করিতেছিলাম কঙ্কালকেতু দুষ্ট দানব আমাকে হরণ করিয়া এই স্থানে আনিয়াছে। এবং সে দানব অন্য অস্ত্র ও শস্ত্রেতে রণে দুর্জ্জয় কিন্তু তাহার নিজ এক ত্রিশূল আছে কেবল তাহার আঘাতেই মরিবে এবং সে জগৎকে ব্যাকুল করিয়া এই স্থানে নির্ভয়রূপে নিদ্রা করে অতএব ত্রিলোকবিজয়ী ইহাতে যদি কোন কৃতকার্য্য বীর আসিয়া মৎকর্ত্তৃক দত্ত ঐ ত্রিশূলেতে তাহাকে বধ করিয়া আমাকে লয় তবে ভাল হয়। মহাশয় যদি এবিষয়ে অনুগ্রহ করিয়া আমার উপকার করিতে চাহেন তবে এই দুষ্ট দানবহইতে আমাকে রক্ষা করুন। এবং পূর্ব্বে আমি গৌরীব্রত করিয়াছিলাম তাহাতে তুষ্টা হইয়া ভগবতী আমাকে বরপ্রদান করিলেন হে পুত্রি এক বিষ্ণুভক্ত ও যুবা ও বুদ্ধিমান তোমাকে বিবাহ করিবে। অতএব ভগবতীর ঐ বাক্য আগামি তৃতীয়া তিথির পূর্ব্বেই সত্য যাহাতে হয় মহাশয় নিশ্চিন্ত না হইয়া তেমত যত্ন করুন। হে মহারাজ বিদ্যাধর কন্যার এই বাক্যেতে আমি তোমার নিকট আসিয়াছি কেননা তুমি বিষ্ণুভক্ত ও যুবা ও বুদ্ধিমান। অতএব সে কার্য্য সাধন করিবার কারণ তুমি স্বয়ং গমন কর এবং হে মহাবাহো সেই দুষ্ট দানবকে বধ করিয়া সুন্দরী মলয়গন্ধিনীকে শীঘ্র আন। অপর কহিলেন যে সে বিদ্যাধরী বালা তোমাকে দেখিয়া পার্ব্বতীর বরে তোমার দ্বারা সেই দুষ্ট দানবকে অবশ্য বধ করাইবে।

মিত্রজিন্নৃপঃ। অহর্ষচ জগর্জ্জোচ্চৈস্চবালায়াশ্চাভয়ন্দিশন্ বামপাদপ্রহারেণ তমাতাড়্য সনির্ভয়ঃ। সংস্মরংশ্চক্রিণংচিত্তে জগদ্রক্ষামণিংহরিং। জগাদোত্তিষ্ঠরে দুষ্ট শিষ্ট কন্যাপহারক। যুধ্যস্বচ ময়া সার্দ্ধং নসুপ্তং হন্ম্যহং রিপুং। ইতি সংশ্রুত্য সংভ্রান্তমুত্থায় সদনেঃ সুতঃ। ত্রিশূলং দেহিমে কান্তে প্রোবাচেতি মুহুর্ম্মুহুঃ। কোয়ং মৃত্যুমুখং প্রাপ্তঃ কস্য রুষ্টো দ্যবাস্তকঃ। কআয়ুর্যমাসংত্যক্তোযঃ প্রাপ্তোমম গোচরং। মমপ্রচণ্ডদোর্দ্দণ্ডকণ্ডূকণ্ডূয়নক্ষমঃ। নান্যোনরোয়ংভবিতা কিং ত্রিশূলেন সুন্দরি মাভৈর্ম্মেকৌতুকস্পশ্য ভক্ষ্যোয়ং মম সাম্প্রতং। কালেন মৎতোঙীতেন স্বয়মেবোপঢৌকিতঃ ইত্যুক্ত্বা মুষ্টিঘাতেন তেনোচ্চৈর্দনুসূনুনা। হৃদয়ে নিহতোরাজা শিলাস্থিকঠিনে দৃঢ়ং। সচক্রিণা কৃতত্রাণঃ পীড়ামল্পীয়সীমপি। নবেদ কঠিনোবক্ষস্তুংকরং প্রত্যুতানুদং। অথ কোপবতা রাজ্ঞা হতো বক্ষে চপেটয়া। আঘূর্ণিতশিরা ভূমৌ পতিত্বা পুনরুত্থিতঃ। উবাচ বচোধৈর্য্যমবলম্ব্য মহাবলী।

অর্থঃ। অনন্তর ঐ বিদ্যাধরের কুমারী মলয়গন্ধিনী দেখিলেন যে দানব মদ্য ও নরমাংসাদিতে মত্ত এবং নিদ্রিত হইয়াছে তখন বিদ্যাধরী পূর্ব্বোক্ত গৌরীর বর স্মরণ করিয়া নির্ভয়রূপ ঐ দানবের নিকট যাইয়া তাহার কোলহইতে ত্রিশূল আনিলেন। এবং সে নরবর ও নিজবর ও সর্ব্বাঙ্গসুন্দর ও বিষ্ণুভক্তি কৃতত্রাণ অমিত্রজিৎ রাজাকে তখন প্রাণনাথ বলিয়া ডাকিলেন। এবং ঐ ত্রিশূল দিয়া বলিলেন যে এই ত্রিশূল লইয়া দুষ্ট দানবকে শীঘ্র বধ কর। তখন মহাবাহু রাজা বিদ্যাধরীর হস্ত হইতে প্রাতরুদিত সূর্য্যসম তেজস্কর ঐ ত্রিশূল গ্রহণ করিয়া হর্ষিত হইলেন এবং বালাকে অভয় দিলেন মাভৈঃ। এবং সিংহনাদেতে গর্জন করিতে লাগিলেন অপর জগতের রক্ষামণি ওচক্রপাণি শ্রীহরিকে চিত্তে স্মরণ পূর্ব্বক নির্ভয় হইয়া ঐ সুপ্ত দানবকে বামপাদেতে আঘাত করিলেন এবং বলিলেন যে অরে শিষ্টকন্যাপহারক অরে দুষ্ট উত্তিষ্ঠ আমার সহিত যুদ্ধ কর কেননা আমি নিদ্রিত রিপুকে বধকরি না। তখন রাজার ঐ নিষ্ঠুর বাক্য শ্রবণ করিয়া দানব অত্যন্ত উদ্বিগ্ন হইয়া উঠিল ও নিকটে নিজ ত্রিশূল না দেখিয়া ঐ বিদ্যাধরীকে মুহুর্ম্মুহুঃ বলিতে লাগিল হে কান্তে

আমার ত্রিশূল দেওহ এবং বীরোক্তি করিতে লাগিল যে মৃত্যুর গৃহে আগত এ কে ও অদ্য কাহার প্রতি যম রুষ্ট হইয়াছে ও অদ্য কাহার পর মায়ুর শেষ হইয়াছে এবং যে আমার নিকটে আগত এ আমার প্রচণ্ড দোদণ্ডের যে কণ্ডু তাহার কণ্ডূয়নে ক্ষম হইবে। হে সুন্দরি আমি বুঝি য়াছি এই ব্যক্তি অন্য কেহ নহে মনুষ্যমাত্র অতএব ত্রিশূলেতে কি প্র য়োজন মাভৈঃ তুমি দাঁড়িয়া কৌতুক দেখ এ আমার এখনকার ভক্ষ্য উপস্থিত কেননা যম আমার ভয়েতে ভীত হইয়া আমার নিকট উপঢৌ কন পাঠিয়াছে ও আমি এখনি ভক্ষণ করিব ইহা কহিয়া দানব শিলা হইতে অতিকঠিন রাজার বক্ষস্থলে মুষ্টির প্রহার করিল। তখন শ্রীবি ষ্ণু নিজভক্ত রাজাকে রক্ষা করিলেন এইকারণ মুষ্ট্যাঘাতের অল্প বেদ নাও রাজা প্রাপ্ত হইলেন না প্রত্যুত দানবের হস্ত ব্যথিত হইল। অনন্তর রাজা কুপিত হইয়া দানবের মুখে চপেটাঘাত করিলেন তাহাতে দানব ঘূর্ণিতমস্তক হইয় ভূমিতে পতিত হইল এবং তৎক্ষণাৎ পুনর্ব্বার দানব উত্থিত হইল ও ধৈর্য্যধারণ করিয়া বলিতে লাগিল।

দানব উবাচ। জ্ঞাতং ত্বং নমনুষ্যোসি নৃরূপেণ চতুর্ভূজঃ আয়াতশ্ছিদ্র মাসাদ্য হন্তুং মাং দানবান্তকঃ। এবং বিদ্ধেহি মধুভিদ্যদি ত্বং বলবান সি। বিহায়েন্দ্রন্মহচ্ছূলং যুধ্যস্বস্বায়ুধৈর্ম্ময়া। ত্বয়া কপটরূপেণ বলিনঃ কৈটভাদয়ঃ। নবলেন হতাঃ সংখ্যে হতাএব ছলেন হি। বলিশ্চ পাতাল মনয়স্তং নৃবামনতাং দধৎ। নৃমৃগস্ত্বন ভবতা হিরণ্যকশিপুর্হতঃ। ত্বয়া জটিলরূপেণ লঙ্কেশোবিনিপাতিতঃ। গোপালবেশমালম্ব্য কংসাদ্যাঘা তিতাস্ত্বয়া। স্ত্রীরূপেণাহরস্তস্ত বিপ্রলাপ্যাসুরান্ সুধাং। যাদোরূপেণ ভব তা শঙ্খাদ্যানিহ তাস্ত্বয়া। মায়াবিনামগ্রগণ্য সর্ব্বধর্ম্মজ্ঞ মাধব। নত্বত্তো হং বিভেম্যদ্য যদি শূলং বিহাস্যসি। নত্যক্ষ্যসি ত্রিশূলং ত্বং নত্বাং জেষ্যাম্যহং রণে। অবশ্যমেব মর্ত্তব্যমদ্য প্রাতঃ শরীরিণা বরং ভবাশয়ে মৃত্যুর্বলেমাপি ছলেনবা।

অর্থঃ। রাজার চপেটাঘাতে দানব অতিশয় ব্যথিত হইয়াছিল অত এব সে অনুভব করিল যে এইরূপ প্রহার মনুষ্যের নহে এবং শরীরে শংখচক্রাদি চিহ্নওআছেএইকারণ বলিতেছে যেঅহে আমি জানিয়াছি

তুমি মনুষ্য নহ ও নররূপধারী বিষ্ণু এবং তুমি দানবান্তক অতএব আ
মার বিদ্যাধরী হরণরূপ ছিদ্র পাইয়া আমাকে বধ করিতে আসিয়াছ।
হে মধুসূদন যদি তুমি বলবান্ বট তবে এই মহাশূল ত্যাগ করিয়া তো
মার নিজ অস্ত্রেতে আমার সহিত তুমি যুদ্ধ কর কিন্তু তুমি বুঝি তাহা ক
রিবা না কেননা তুমি কপটেতে মহাবলবিশিষ্ট মধু ও কৈটভাদি অসুরের
দিগকে যুদ্ধে বধ করিয়াছ বলেতে নয়। এবং তুমি বামন রূপ ধারণ ক
রিয়া ছলদ্বারা স্বর্গহইতে বলিকে পাতালে আনয়ন করিয়াছ বলদ্বারা নয়
অপর নরসিংহরূপ ধারণ করিয়া হিরণ্যকশিপুকে হত করিয়াছ। এবং
রাম অবতারে জটিলরূপেতে তুমি লঙ্কেশ্বর রাবণকে হনন করিয়াছ। তথা
গোপালের বেশধারণ করত তুমি কংসাদি অসুরগণকে হত করিয়াছ।
এবং মোহিনী স্ত্রীরূপেতে অমৃতমন্থনকালে অসুরেরদিগকে মোহিত করি
য়া অমৃত হরণ করিয়াছ। এবং জলচররূপেতে সমুদ্রের মধ্যে শংখাদি
অসুরগণকে বধ করিয়াছ। অতএব হে মাধব তুমি মায়াবিদিগের অগ্রগণ্য
ও সর্ব্বধর্ম্মজ্ঞ অর্থাৎ দুষ্টনিগ্রহার্থ মারণ ও উচ্চাটন ও বশীকরণাদি এবং
বিগ্রহ ও ভেদ ও দণ্ড ও সাম ও দানাদি সকল উপায় তোমার বশীভূত।
অপরঞ্চ তুমি মায়াবী বট তথাপি যদিশূল তুমি ত্যাগ করিতা তবে আমি
তোমাকে ভয় করিতাম না কিন্তু তুমিও শূলত্যাগ করিবা না ও আমিও
তোমাকে যুদ্ধে জয় করিতে পারিব না। এবঞ্চ শরীরধারি ব্যক্তির অদ্য
বা কল্য অবশ্য মরণ নিশ্চিত আছে অতএব এক দিন মরিতে হইবেই
তাহাতে বলেতে বা ছলেতে হউক তোমার হস্তেতে মরণ শ্রেয়ঃ।

ইয়ং বিদ্যাধরী কন্যা নময়া দূষিতা সতী। সাক্ষাৎ শ্রীরেব মন্তব্যা ত্বদর্থং
রক্ষিতা ময়া। ইত্যুক্ত্বা বাহুদোর্দণ্ডপ্রহারেণাতিনিষ্ঠুরং। নিজঘান দনোঃ
সূনুস্তং শিলোচ্চয়কম্পিনা। নৃপোপি দানবাঘাতং বিষহ্য রণমূর্দ্ধনি।
লক্ষ্মীচ কার তৎকর্ণ্ঠেত্রিশূলং তোলয়ন করে বিব্যাধচ মহাবাহুঃ সচ প্রাণান্
জহৌ ক্ষণাৎ। ইত্থং কঙ্কালকেতুং স নিহত্য সুরকম্পনং। বিদ্যাধরীং
প্রপশ্যন্তীং প্রাহ হৃষ্টতনূরুহাং। নারদস্য মুনের্বাক্যাত্ত্বৎ সুশ্রোণি বাঞ্ছি
তং। কৃতং ময়া কৃতজ্ঞে কিং করবাণ্যধুনা বদ। শ্রুত্বেতি তস্য বাক্যং সা
প্রাহ গম্ভীরচেতসঃ। মলয়গন্ধিন্যুবাচ। অপ্যাদারমতে বীর নিজপ্রাণৈঃ

পণীকৃতাং। কিং মাং পৃচ্ছসি জীবেশ কুলকন্যা মদূষিতাং। ইতি ব্রুবত্যাং কন্যায়াং পুনঃ স্বৈরচরোমুনিঃ। অতর্কিতাগমঃ প্রাপ্তো নারদোদেবলোকতঃ। ততস্তত্র তুতোষৌতু দৃষ্ট্বা তং মুনিসত্তমং। কৃতপ্রণামৌ মুনিনা পরিবিশ্রামিতা শিষৌ। পাণিগ্রাহেণ বিধিনাভিষিক্তৌ নারদেন তু। জগমতুর্না রদাদিষ্টবর্ম্মনা কৃতমঙ্গলৌ। তয়া মলয়গন্ধিন্যা যুতঃ সোমিত্রজিন্নৃপঃ। পুরীং বারাণসীং প্রাপ পৌরৈর্বিহিত মঙ্গলাং।

অর্থঃ। পূর্ব্বোক্ত প্রকারে দানব স্মরণ স্থির করিয়া কহিলেন যে ইনি জাতিতে বিদ্যাধরী ও কন্যা অর্থাৎ অবিবাহিতা ও আমাকর্তৃক দূষিতা নয় ও সতী অতএব অন্যকর্তৃক ও দূষিতা নহে এবং ইনি স্বভাবতঃ লক্ষ্মী স্বরূপা ইহাঁকে আমি তোমার কারণ রক্ষা করিয়াছিলাম। ইহা কহিয়া অত্যন্ত কোপাবিষ্ট হইয়া দানব রাজার বাহুদ্বয়ে স্ববাহুদণ্ডদ্বারা অতি নিষ্ঠুররূপে আঘাত করিল তাহাতে পর্ব্বত কাঁপিয়া গেল এবং রাজা ঐ দানবের আঘাত বিষ্ণু স্মরণ করত কথমপি সহিলেন অনন্তর রাজাকুপিত হইয়া হস্তে ত্রিশূল তুলিয়া লইলেন ও দানবের বক্ষস্থল লক্ষ করিয়া শূলেতে বিদ্ধ করিলেন ও দানব শূলবিদ্ধ হইয়া তৎক্ষণাৎ প্রাণত্যাগ করিল। যাহার ভয়ে দেবতারা কম্পিত ছিলেন সে কঙ্কালকেতু দানবকে অমিত্রজিৎ রাজা এইপ্রকার নিপাত করিলেন। ঐ সময় বিদ্যাধরী যুদ্ধদর্শন করিয়াছিলেন পরে দানবের মরণে অতিহৃষ্টা হইলেন। তখন রাজা তাহাকে বলিলেন যে হে সুশ্রোণি নারদ মুনির বাক্যে আমি তোমার বাঞ্ছিত সিদ্ধ করিলাম হে কৃতজ্ঞে এখন আর কি করিব বল তখন মলয়গন্ধিনী তাঁহাকে বলিলেন হে উদারচিত্ত হে বীর আমি তোমার নিজ প্রাণেতে পণীকৃতা ও কুলকন্যা ও অদূষিতা অতএব হে প্রাণনাথ আমাকে আর কেন জিজ্ঞাসা কর। ঐ সময় অতর্কিতরূপে দেবলোক হইতে নারদ সেস্থানে আগমন করিলেন তখন রাজা ও বিদ্যাধরী মুনিকে প্রণাম করিয়া স্তুতি করিলেন এবং মুনি তাঁহারদিগকে আশীর্ব্বাদ করিলেন পরে নারদ বৈবাহিক বিধিতে ঐ উভয়ের বিবাহ দিয়া নিজ কমণ্ডলুর জলেতে শান্তি করিলেন। এবং কাশীতে গমনের এক পথ দর্শাইয়া বর কন্যার যাত্রাকালে মাঙ্গলিক মন্ত্রপাঠ করিলেন তখন অমিত্রজিৎ রাজা

মলয়গন্ধিনী রাণীর সহিত নারদদর্শিতপথে কাশীপুরীতে গমন করিলেন পরে পুরবাসিরা মঙ্গলবিধানপূর্ব্বক রাজা ও রাণীকে পুরে প্রবেশ করাইল। ইতি পুরাবৃত্তকথা সমাপ্তা।

অথ রাজা।

বিষ্ণুপুরাণে। প্রিয়ব্রতোত্তানপাদৌ সুতৌ স্বায়ম্ভুবস্য যৌ। তয়োরুত্তানপাদস্য ধ্রুবঃ পুত্রস্ত্বয়োদিতঃ। প্রিয়ব্রতস্য নৈবোক্তা ভবতা দ্বিজ সন্ততিঃ পরাশরউবাচ। প্রিয়ব্রতসুতাঃ খ্যাতাস্তেষাং নামানি মে শৃণু। অগ্নীধ্রশ্চাগ্নিবাহুশ্চ বপুষ্মান্ দ্যুতিমাংস্তথা। মেধা মেধাতিথির্ভব্যঃ সবলঃ পুত্রএবচ জ্যোতিষ্মান্ দশমস্তেষাং সত্যনামা সুতোভবৎ। মেধাগ্নিবাহুপুত্রাস্তু ত্রয়োযোগপরায়ণাঃ জাতিস্মরা মহাভাগানরাজ্যায় মনোদধুঃ। প্রিয়ব্রতোদদৌ তেষাং সপ্তানাং মুনিসত্তম। বিভজ্য সপ্তদ্বীপানি মৈত্রেয় সুমহাত্মনাং।

অর্থঃ। ব্রহ্মার পুত্র স্বায়ম্ভুব মনু ও স্বায়ম্ভুব মনুর পুত্র প্রিয়ব্রত ও উত্তানপাদ এই দুই উত্তানপাদের পুত্র ধ্রুব এবং প্রিয়ব্রতের পুত্র অগ্নীধ্র ও অগ্নিবাহু ও বপুষ্মান্ ও দ্যুতিমান্ ও মেধা ও মেধাতিথি ও ভব্য ও সবল ও পুত্র ও জ্যোতিষ্মান এইদশ জ্যোষ্মানের অপর নাম সত্য ঐ দশ পুত্রের মধ্যে মেধা ও অগ্নিবাহু ও পুত্র এই তিনজন প্রাক্তনপুণ্যপ্রভাবে জাতিস্মর ছিলেন অতএব তাঁহারদিগের জন্মান্তরীয় অসার সংসারের সুখ দুঃখাদির স্মৃতি তজ্জন্মে বিলক্ষণরূপে হইয়াছিল তাহাতে তাঁহারা বিষয়সুখে বিরত ও যোগাভ্যাসে রত হইয়া রাজ্যকরণার্থ মানস করিলেন না। অতএব সপ্তদ্বীপা পৃথিবীর পতি ঐ প্রিয়ব্রত অবশিষ্ট সপ্ত পুত্রকে সপ্তদ্বীপ বিভাগ করিয়া রাজ্যাধিকারদিলেন।

জম্বুদ্বীপংমহাভাগ সোগ্নীধ্রায় দদৌ পিতা। মেধাতিথেস্তথা প্রাদাৎ প্লক্ষদ্বীপমথাপরং। শাল্মলেচ বপুষ্মন্তং নরেন্দ্রমভিষিক্তবান্। জ্যোতিষ্মন্তং কুশদ্বীপে রাজানং কৃতবান্প্রভুঃ। দ্যুতিমন্তঞ্চ রাজানং ক্রৌঞ্চদ্বীপে সমাদিশৎ। শাকদ্বীপেশ্বরঞ্চাপি ভব্যঞ্চক্রে প্রিয়ব্রতঃ। পুষ্করাধিপতিঞ্চক্রেসবলঞ্চাপি সপ্রভুঃ।

অর্থঃ। সপ্তদ্বীপেশ্বর প্রিয়ব্রত আপন জ্যেষ্ঠ পুত্র অগ্নীধ্রুকে জম্বুদ্বীপেও মেধাতিথিকে প্লক্ষদ্বীপেও বপুষ্মান্‌কে শাল্মলিদ্বীপে ও জ্যোতিষ্মান্‌কে

কুশদ্বীপে ও দ্যুতিমানকে ক্রৌঞ্চদ্বীপে ও ভব্যকে শাকদ্বীপে ও সবলকে পুষ্করদ্বীপে রাজ্যাভিষিক্ত করিলেন।

জম্বুদ্বীপেশ্বরোয়স্তু অগ্নীধ্রো মুনিসত্তম। তস্য পুত্রাবভবন্হি প্রজাপতি সমানব। নাভিঃ কিম্পুরুষশ্চৈব হরিবর্ষ ইলাবৃতঃ। রম্যোহিরণ্বান্ ষষ্ঠস্তু কুরুর্ভদ্রাশ্বএবচ। কেতুমালস্তথাচান্যঃ সাধুচেষ্টঃ সুতোভবৎ জম্বুদ্বীপবিভাগস্তু তেষাং বিপ্র নিশাময়।

অর্থঃ। জম্বুদ্বীপে অধিপতি অগ্নীধ্র রাজার পুত্রেরা নাভি ও কিম্পুরুষ ও হরিবর্ষ ও ইলাবৃত ও রম্যক ও হিরণ্বান ও কুরু ও ভদ্রাশ্ব ও কেতুমাল এই নয়। ইহাঁরা প্রজাপতিতুল্য ছিলেন অতএব পিতা তাঁহারদিগকে জম্বুদ্বীপ বিভাগ করিয়া দিলেন।

পিত্রাদত্তং হিমাহ্বন্তু বর্ষং নাভেস্তু দক্ষিণং। হেমকূটং তথা বর্ষং দদৌ কিম্পুরুষায় সঃ। তৃতীয়ং নৈষধং বর্ষং হরিবর্ষায় দত্তবান্। ইলাবৃতায় প্রদদৌ মেরুর্যত্রতু মধ্যগঃ। নীলাচলাশ্রিতং বর্ষং রম্যায় প্রদদৌ পিতা। শ্বেতং যদুত্তরং তস্মাৎ পিতা দত্তং হিরণ্বতে। যদুত্তরং শৃঙ্গবতো বর্ষং তৎকুরবে দদৌ। মেরোঃ পূর্ব্বেণ যদ্বর্ষং ভদ্রাশ্বায় প্রদত্তবান্। মেরোস্তু পশ্চিমং বর্ষং কেতুমালায় দত্তবান্।

অর্থঃ। পূর্ব্বে জম্বুদ্বীপীয় নয় বর্ষের নাম হিমালয়াদি সীমা পর্ব্বতের নামেতে ছিল পরে অগ্নীধ্র রাজা স্বীয় নয়পুত্রকে নয় বর্ষে রাজ্যাধিকার দিলেপর যেং বর্ষের যেং ভূপতি তাঁহারদিগের নামেতে সেং বর্ষের নাম খ্যাতহইল। যথা হিমাখ্যবর্ষ নাভিকে দিলেন এবং হেমকূটাখ্য বর্ষ কিম্পুরুষকে দিলেন ও নিষধাখ্যাবর্ষ হরিবর্ষকে দিলেন এবং যে বর্ষের মধ্যে মেরু পর্ব্বত আছে সে বর্ষ ইলাবৃতকে দিলেন এবং নীলাখ্যবর্ষ রম্যকে ও শ্বেতাখ্যবর্ষ হিরণ্বত্‌কে ও শৃঙ্গবতের উত্তরবর্ষ কুরুকে দিলেন এবং সুমেরুর পূর্ব্ববর্ষ ভদ্রাশ্বকে ও পশ্চিমবর্ষ কেতুমালকে পিতা প্রদান করিলেন।

হিমাহ্বং যস্য বৈ বর্ষং নাভেরাসীন্মহাত্মনঃ। তস্যর্ষভোভবৎ পুত্রোমেরুদেব্যাং মহাদ্যুতিঃ ঋষভাদ্ভরতোজজ্ঞে জ্যেষ্ঠঃ পুত্রশতস্য সঃ। অভিষিচ্য সুতং জ্যেষ্ঠং ভরতং পৃথিবীপতিঃ। তপসে সমহাভাগঃ পুলস্ত্যস্যা

শ্রমং যযৌ। ততশ্চভারতং বর্ষ মেতল্লোকেষু গীয়তে। ভরতায় যতঃ পিত্রা দত্তং প্রাতিষ্ঠতাবনং। পুত্রসংক্রামিতশ্রীস্তু ভরতঃ সমহীপতিঃ। যোগাভ্যাসরতঃপ্রাণান্ শালগ্রামেত্যজন্ মুনে। অজায়তচ বিপ্রোসৌ যোগিনাং প্রবরে কুলে।

অর্থঃ। হিমাখ্য এইবর্ষ নাভিনামক রাজপুত্রকে পিতা প্রদান করিয়াছিলেন ও তিনি ইহাতে রাজ্য করিয়াছিলেন তথাপি তাঁহার নামেতে বর্ষের নাম খ্যাত হইল না কিন্তু তাঁহার পৌত্রের নামেতে খ্যাত হইল কেননা। খ্যাতিঃপুণ্যৈরবাপ্যতে। পুণ্যহেতুক নাম খ্যাত হয় তাহাই কহিতেছেন যে নাভিভূপতির ভার্য্যা মেরুদেবীর গর্ভে ঋষভ হইলেন ও ঋষভের শতপুত্র হইয়াছিল ঐ শতপুত্রের জ্যেষ্ঠ ভরত। পরে ঋষভ রাজা ভরতকে রাজ্যাভিষিক্ত করিয়া তপস্যার্থ পুলস্ত্য মুনির আশ্রমে গমন করিলেন। যেহেতু এইভূখণ্ড পিতৃকর্তৃক ভরতকে দত্ত হইয়াছিল সেহেতুক ইহার নাম ভারতবর্ষ লোকে খ্যাত হইল। পরে এই ভারতবর্ষে ভরতভূপতি বহুকাল রাজ্য করিয়া আপন পুত্র সুমতিকে রাজ্যলক্ষ্মী প্রদান করত বনে গমন করিলেন এবং মহানদীর তীরস্থ শালগ্রামনামক তীর্থে যোগাভ্যাস করত প্রাণত্যাগ করিলেন ও যোগিব্রাহ্মণের কুলে পুনর্জন্মগ্রহণ করিলেন তিনিই জড়ভরত নামে খ্যাত কিন্তু মহাজ্ঞানী ও ঐ জন্মে জ্ঞানদ্বারা মুক্তিপদ প্রাপ্ত হইলেন।

অথ অষ্ট বর্ষের স্বভাব।

বৈষ্ণবে। যানি কিংপুরুষাদীনি বর্ষাণ্যষ্টৌ মহামুনে। তেষাং স্বাভাবিকী সিদ্ধিঃ সুখপ্রায়াহ্যযত্নতঃ। বিপর্য্যয়োন তত্রাস্তি জরামৃত্যুভয়ং নচ। ধর্ম্মাধর্ম্মৌ নতেষ্বাস্তাং নোত্তমাধমমধ্যমাঃ। নতেষ্বস্তি যুগাবস্থা ক্ষেত্রেষ্বষ্টসু সর্ব্বদা। নতেষু বর্ষতে দেবোভৌমান্যম্ভাংসি তত্রবৈ। মার্কণ্ডেয়েচ। নতেষু পুণ্যপাপানামপূর্ব্বাণামুপার্জনং। নচৈতেষু মনুষ্যাণাং বৈমনস্যং কদাচন।

অর্থঃ। হিমালয়ের উত্তরে যে কিংপুরুষাদি অষ্টবর্ষ উক্ত হইল ঐ অষ্ট বর্ষে স্থানস্বভাবত প্রজারদিগের অনায়াসে সুখোৎপত্তি হয় ভারতবর্ষে। নহি সুখং দুঃখৈর্বিনালভ্যতে। এবং ঐ অষ্টবর্ষে কোনো ব্যতিক্রম নাই অর্থাৎ অকালে জরা ও অকালমৃত্যু ও ভয় ও বৈমনস্য নাই এবং ধর্ম্ম

ও অধর্ম্ম নাই অর্থাৎ সৎকর্ম্ম করণেতে পুণ্যাপূর্ব্ব ও অসৎকর্ম্ম করণেতে পাপাপূর্ব্বের উপার্জন হয়না। এবং ঐশ্বর্য্য ও সুখ ও শীল ও চাতুর্য্যাদি গুণে উত্তম ও মধ্যম ও অধম কেহ নহে সকললোকই সমান কিন্তু জাতি ভেদআছে অপর সত্য ও ত্রেতা ও দ্বাপর ও কলি এই চতুর্যুগের ব্যবস্থা নাই এবং দেবতারা বৃষ্টি বর্ষেন না অতএব কৃষি কর্ম্মও নাই কিন্তু নদীনদাদির জল আছে তাহাতে পানাদি ক্রিয়া চলে।

অথ নয়বর্ষের প্রজা পরমায়ু আহার ব্যবহারাদি।

লৈঙ্গে। বসন্ত্যেতেষু বর্ষেষু প্রজানানাবিধাদ্বিজ। বর্ণায়ুর্ভোজনাদীনি তাসাং বক্ষ্যামি মে শৃণু।

অর্থঃ। জম্বূদ্বীপের উত্তরাংশস্থ কুরুবর্ষ অবধি দক্ষিণাংশস্থ ভারতবর্ষ পর্য্যন্ত নয়বর্ষের মধ্যে নানাপ্রকার প্রজারা নিবাস করে তাহারদিগের শরীরের বর্ণ ও পরমায়ু ও ভক্ষ্যদ্রব্য ও ব্যবহার ও ধর্ম্মাদি বিশেষরূপে কহি শ্রবণ করুন।

লিঙ্গপুরাণে। কুরুবর্ষেতু কুরবঃ স্বর্গলোকাৎ পরিচ্যুতাঃ। সর্ব্বে মিথুনজা তাশ্চ ক্ষীরিণঃ ক্ষীরভোজনাঃ। অন্যোন্যমনুরক্তাশ্চ চক্রবাকসধর্ম্মিণঃ। অনাময়াহ্যশোকাশ্চ নিত্যং সুখনিষেবিণঃ। কেচিচ্চ যোগিনঃ সন্তি ভোগিনশ্চ তথাপরে। ত্রয়োদশ সহস্রাণি শতানি দশ পঞ্চচ। জীবন্তিতে মহাবীর্য্যা নচান্যস্ত্রীনিষেবিণঃ। সহৈব মরণং তেষাং কুরূণাং স্বর্গবাসিনাং হৃষ্টানাং সুপ্রবৃদ্ধানাং সর্ব্বতোমৃতভোগিনাং। সদাতু চন্দ্রকান্তানাং সদা যৌবনশালিনাং ভারতেচ। তত্র বৃক্ষা মধুফলানিত্য পুষ্পফলোদ্ভবাঃ। অপরে ক্ষীরিণোনাম বৃক্ষাস্তত্র নরাধিপ। যে ক্ষরন্তি সদা ক্ষীরং ষড্রসঞ্চামৃতোপমং। বস্ত্রাণিচ প্রসূয়ন্তে ফলেস্বাভরণানিচ। সর্ব্বদা মণিময়ী ভূমিঃ সূক্ষ্মকাঞ্চনবালুকা। সর্ব্বর্ত্তুসুখদা রাজন্ নিষ্পঙ্কাশ্চ জলাশয়াঃ। দেবলোকাচ্চ্যুতাঃ সর্ব্বে জায়ন্তে তত্র মানবাঃ। শুক্লাভিজনসম্পন্নাঃ সর্ব্বে সুপ্রিয়দর্শনাঃ। মিথুনং জায়তে কালে সমং তচ্চপ্রবর্দ্ধতে। তুল্যরূপগুণোপেতং সমবেশং তথৈবচ দশ বর্ষ সহস্রানি দশ বর্ষশতানিচ। জীবন্তিতে মহারাজ নচান্যোন্যং জহত্যুত। ভারুণ্ডানাম শকুনাস্তীক্ষ্নতুণ্ডামহাবলাঃ। তান্নির্হরন্তিচ মৃতান্ দরীষু নিক্ষিপন্তিচ।

অর্থঃ। কুরুবর্ষের সকল ভূমি মণিময়ী ও সূক্ষ্ম স্বর্ণবালুকাময়ী এবং বৃক্ষ সকলে নিত্য ফল ও পুষ্প জন্মায় ঐ ফল মধুর মত মিষ্ট এবং ক্ষীরি নামক কতক বৃক্ষ আছে তাহাহইতে ক্ষীর নির্গত হয় ঐ ক্ষীর ষড়্‌রসযুক্ত ও অমৃততুল্য এবং ঐ বৃক্ষের ফলেতে বস্ত্র ও অলঙ্কার জন্মে ও জলাশয় সকল পঙ্করহিত এবং অতিশীত ও অতিগ্রীষ্ম নাই এইকারণ ছয়ঋতু-তেই ঐবর্ষ সুখদায়ক ও স্বর্গতুল্য অতএব স্বর্গভোগান্তে স্বর্গীয় জীবগণ আসিয়া ঐবর্ষে জন্মলন তাহাতে তদ্বর্ষীয় মনুষ্যেরা দেবতুল্য নিত্য সুখ সেবি এবং তাহারা যমজরূপ পুত্র ও পুত্রী দুইটিং জন্মে ঐ দুই সমে বাড়ে ও সমরূপ ও সমবেশ ও সমগুণ ও পরস্পর অত্যন্ত অনুরক্ত ও চক্রবাক পক্ষির ন্যায় যুগলচর কিন্তু চক্রবাক পক্ষিযুগলের রাত্রিতে পরস্পর বিচ্ছেদ আছে তাহারদের তাহা নাই সর্ব্বদা সহস্থিতি ও সহমরণ এবং ঐ ক্ষীরিবৃক্ষের অমৃত তুল্য ক্ষীরই তাহারদিগের আহার অতএব তাহারা অমৃতভোগি ও শুভ্রবর্ণ ও চন্দ্রসমকান্তি ও মহাবলবিশিষ্ট ও সদাহৃষ্ট ও সদাপুষ্ট ও সদা যৌবন বিশিষ্ট ও সদাশিষ্ট ও কেননা পরস্ত্রীসেবন করেননা অতএব অরোগি ও অশোকি ও দীর্ঘায়ু। অপরঞ্চ কিম্পুরুষাদি অষ্টবর্ষে বৈদিক ও তান্ত্রিক ও পৌরাণিক ও স্মার্ত্ত এই চতুর্ব্বিধ কর্ম্মের কোনো কর্ম্মই নাই কিন্তু কেহং ঈশ্বরের ধ্যান করিয়া থাকেন তাঁহারাই যোগি ও অন্যেরা কেবল ভোগি এবঞ্চ কুরুবর্ষীয় যোগিরদিগের পরমায়ু চতুর্দশ সহস্র পঞ্চশত বৎসর ও ভোগিরদিগের পরমায়ু একাদশ সহস্র বৎসর এবং তাঁহারদিগের শবদাহাদি অন্ত্যেষ্টি ক্রিয়া কিছুই নাই কিন্তু ভারুণ্ড নামে তীক্ষ্ণচঞ্চু ও মহাবলবন্ত কতক পক্ষি আছে ঐ পক্ষিরা আসিয়া তাঁহারদিগের শব চঞ্চুদ্বারা বহিয়া দূরাতে ক্ষেপণ করে।

বারাহে। বর্ষং হিরন্ময়ং নাম তত্র হৈরন্মবী নদী। যক্ষাবসন্তি তত্রৈব বলিনঃ কামরূপিণঃ। লৈঙ্গেচ। হিরণ্ময়োমহাভাগাহিরণ্যভাজনাশ্চ তে। একাদশ সহস্রাণি শতানি দশ পঞ্চচ। বর্ষাণাং তত্র জীবন্তি লকুচাশনজী বিতাঃ। হিরন্ময়াইবাত্যর্থমীশ্বরার্পিতচেতসঃ।

অর্থঃ। হিরন্ময়বর্ষে হৈরন্ময়ী নাম্নী এক মহানদী আছে তত্তীরে মহা বলবন্ত ও নানারূপ ধারণক্ষম যক্ষেরা নিবাসকরে এবং অন্যস্থানে নানা

জাতি প্রজারা নিবাস করে ও তাঁহারা মাদার বৃক্ষের ফলই খান তাহাতে শুদ্ধস্বর্ণবর্ণ অতএব ঐসকল ফল অতিআশ্চর্য্য ইহা অবশ্য বক্তব্য কেননা স্বর্গীয় সুখভোগিরদিগের ভাগার্থ তাহা বিধিনিরূপিত এবং তাহারদের সকল পাত্র স্বর্ণময় এবং তাহারা ঈশ্বরার্পিতচিত্ত অতএব দ্বাদশ সহস্র পঞ্চশত বৎসর জীবি ও কেবল ভোগিরা দশ বর্ষজীবি।

বারাহে। বর্ষন্তু রম্যকং নাম জায়ন্তে তত্র মানবাঃ। রতিপ্রধানাবিমলা জরারোগবিবর্জিতাঃ। তত্রাপি সুমহান বৃক্ষোন্যগ্রোধোরোহিতঃ স্মৃতঃ। তৎফলদ্রবপানাদ্ধি দশবর্ষ সহস্রিণঃ। আয়ুষাং ধর্ম্মমনুজাজায়ন্তে দেবরূপিণঃ। ভারতেচ। তত্র তে পুরুষাঃ শ্বেতাস্তেজোযুক্তামহাবলাঃ। স্ত্রিয়ঃকুসুমগন্ধাশ্চ সুন্দর্য্যঃ প্রিয়দর্শনাঃ। চন্দ্রপ্রভাশ্চন্দ্রবর্ণাপূর্ণচন্দ্রনিভাননা চন্দ্রশীতলগাত্রাশ্চ নৃত্যগীতবিশারদঃ। লৈঙ্গেচ। তত্রা রমণকে জীবান্যগ্রোধফলভোজনাঃ। দশ বর্ষ সহস্রাণি শত নি দশ পঞ্চচ। জীবন্তি শুদ্ধাস্তু সর্ব্বে শিবধ্যানপরায়ণাঃ।

অর্থঃ। রম্যকবর্ষে স্বর্গাগত পুণ্যবন্ত জীবেরা জন্মেন ও তাঁহারা দেবরূপি মনুষ্য ও অজর ও অরোগ ও তেজোযুক্ত ও মহাবলযুক্ত ও শুভ্রবর্ণএবং স্ত্রীরা চন্দ্রবর্ণা ও চন্দ্রপ্রভা ও পূর্ণচন্দ্রমুখী ও চন্দ্রবৎ শীতলগাত্রী ও পরম সুন্দরী ও পুষ্পগন্ধা অতএব প্রিয়দর্শনা ও নৃত্যগীতনিপুণা এইকারণ তদ্বর্ষীয় মানবগণ রতিরসপ্রধান তথাপি পাপহীন এবং ঐ বর্ষে রক্তবর্ণ এক বৃহৎ বটবৃক্ষ আছে ঐ বটের ফলই ভোজন করেন ও তদ্রসই পান করেন। এবং তদ্বর্ষীয় জন যাহারা শুদ্ধসত্ত্ব তাঁহারা শিবের ধ্যান করেন অতএব তাঁহারদিগের পরমায়ু একাদশ সহস্র পঞ্চশত বৎসর ও কেবল ভোগিরদের দশ সহস্র বৎসর।

লৈঙ্গে। পদ্মপ্রভাঃ পদ্মমুখাঃ পদ্মপত্রনিভেক্ষণাঃ পদ্মপত্রসুগন্ধাশ্চ জায়ন্তে ভবভাবিতাঃ। জম্বুফলরসাহারা অনিষ্পাদাঃ সুগন্ধিনঃ। দেবলোকাচ্যুতাস্তেতু জায়ন্তেঅজরামরাঃ। ত্রয়োদশ সহস্রাণি বর্ষাণি তে নরোত্তমাঃ। আয়ুঃপ্রমাণাজ্জীবন্তি বর্ষে দিব্যইলাবৃতে।

অর্থঃ। ইলাবৃতবর্ষে দেবলোকহইতে চ্যুত হইয়া দেবতারা জন্মেন অতএব তদ্বর্ষীয় নরগণ দেবতুল্য ও জম্বুফলের রসাহারি ও শ্বেতপদ্মপ্রভ ও পদ্মমুখ ও পদ্মলোচন ও পদ্মগন্ধ অনিমেষবর্জিত ও জরাবর্জিত ও অকাল

মৃত্যুরহিত। এবং যাঁহারা শিবধ্যায়ি তাঁহারা ত্রয়োদশ সহস্র বৎসরজীবি ও যাহারা কেবল ভোগি তাহারদিগের পরমায়ু দ্বাদশ সহস্রবৎসর।

লৈঙ্গে। ভদ্রাশ্বাঃ শুক্লবর্ণাশ্চ স্ত্রিয়শ্চন্দ্রাংশুসন্নিভাঃ। কালাম্রভোজনাঃ সর্ব্বে নিরাতঙ্কারতিপ্রিয়াঃ। বর্ষৈকাদশসাহস্রজীবিনঃ শিবভাবিতাঃ। ভারতেচ। ভদ্রশালবনং তত্রকালাম্রশ্চ মহাদ্রুমঃ। কালাম্ররসপীতাস্তে নিত্যং সুস্থির যৌবনা।

অর্থঃ। ভদ্রাশ্ববর্ষীয় নরগণ শুক্লবর্ণ ও নারীগণ চন্দ্ররশ্মিবর্ণ এবং ঐবর্ষে ভদ্রশাল নামে এক মহাবন আছে তন্মধ্যে কৃষ্ণবর্ণ ও বৃহৎ এক আম্রবৃক্ষ আছে ঐ বৃক্ষের আম্রফলই তদ্বর্ষীয়েরা ভোজন করে ও আম্ররসই পান করে অতএব তাহারা অতিরতিপ্রিয় ও নিরাতঙ্ক ও নিত্য স্থিরযৌবন; এবং শিবধ্যায়িরদিগের পরমায়ু একাদশ সহস্র বৎসর ও কেবল ভোগিরদের দশ সহস্র বৎসর।

লৈঙ্গে। কেতুমালে নরাঃ কালাঃ সর্ব্বে পনসভোজনাঃ। স্ত্রিয়শ্চোৎপল পত্রাভাঃসর্ব্বাঃ সুপ্রিয়দর্শনাঃ। একাদশ সহস্রাণি জীবন্তি শিবভাবিতাঃ।

অর্থঃ। কেতুমালবর্ষীয় জনগণ পনস ভোজন করেন এই কারণ পুরুষেরা কৃষ্ণবর্ণ ও স্ত্রীরা নীলোৎপলবর্ণা ও অতি প্রিয়দর্শনা এবং শিবধ্যানকারিরা একাদশ সহস্র বৎসর বাঁচেন ও অন্যেরা দশ সহস্র বৎসর জীবিহন।

লৈঙ্গে। হরিবর্ষন্তু বিজ্ঞেয়ং দেবভোগ্যং মনোরমং। মহারাজতসং কাশাহরিবর্ষোদ্ভবানরাঃ। দেবলোকাচ্যুতাঃ সর্ব্বে দেবাকারাশ্চ সর্ব্বশঃ। হরং যজন্তি বিশ্বেশং পিবন্তীক্ষুরসং শুভং। নব্যাধির্বাধতে তত্রনচ জীর্য্যন্তি তে নরাঃ। দশ বর্ষসহস্রাণি তত্র জীবন্তি মানবাঃ।

অর্থঃ। হরিবর্ষ রমণীয়স্থান ও দেবভোগ্য অতএব তদ্বর্ষে দেবতারা জন্মলন তাহাতে সকলই দেবাকার ও উত্তম স্বর্ণবর্ণ এবং তদ্বর্ষীয়সকল লোকই বিশ্বেশ্বর হরের আরাধনা করেন ও ইক্ষুরস পান করেন অতএব তাহারা রোগরহিত ও জরারহিত ও দশসহস্র বৎসর জীবি।

লৈঙ্গে। নাম্না কিম্পুরুষং বর্ষং পুণ্যবদ্ভির্নিষেবিতং। সুবর্ণবর্ণাশ্চ নরা স্ত্রিয়শ্চাপ্সরসোপমাঃ। শুদ্ধসত্ত্বাশ্চ হেমাভাঃসর্ব্বে প্লক্ষভোজনাঃ। শ্রীরামং জানকীনাথং ভজন্তে তত্র মানবাঃ। দশবর্ষ সহস্রাণি স্থিতিঃকিম্পুরুষেনৃণাং

অর্থঃ। কিম্পুরুষবর্ষ প্রচুরপুণ্য প্রাণীগণেতে সেবিত এবং তদ্বর্ষীয় সকল নর সুবর্ণবর্ণ ও সকলনারী স্বর্ণবর্ণাও অপ্সরঃ সদৃশী ও অতিসাধ্বী এবং তদ্বর্ষীয় প্রজারা শ্রীরামচন্দ্রের ভজনা করেন ও প্লক্ষবৃক্ষের ফল ভোজন করেন এবং তাঁহার দিগের পরমায়ু দশ সহস্র বৎসর। কিম্পুরুষ বর্ষের অব্যবহিত দক্ষিণে হিমালয় পর্ব্বত।

বিষ্ণুপুরাণে। উত্তরং যৎসমুদ্রস্য হিমাদ্রেশ্চৈব দক্ষিণং। জ্ঞেয়স্তদ্ভারতং বর্ষ ভারতী যত্রসন্ততিঃ। নবযোজনসাহস্রো বিস্তারোস্য মহামুনে। কর্ম্মভূমিরিয়ং স্বর্গমপবর্গঞ্চ গচ্ছতাং। মহেন্দ্রোমলয়ঃ সহ্যঃ শুক্তিমানৃক্ষপর্ব্বতঃ। বিন্ধ্যশ্চ পারিপাত্রশ্চ সপ্তাত্র কুলপর্ব্বতাঃ।

অর্থঃ। সমুদ্রের উত্তরে ও হিমালয়ের দক্ষিণে এই ভূখণ্ডে ভরত ও ভরতের সন্তানেরা পরম্পরা রাজ্য করিয়াছিলেন এইকারণ ইহার নাম ভারতবর্ষ এবং ভারতবর্ষের পূর্ব্ব ও দক্ষিণ ও পশ্চিম সীমা লবণসমুদ্র ও উত্তরসীমা হিমালয় কিন্তু হিমালয়ের কতক অংশ ভারতবর্ষ এই ভারতবর্ষ নয়সহস্র যোজন পরিমিত। অপরঞ্চ এই ভারতবর্ষ কর্ম্মভূমি অর্থাৎ স্বর্গগমনেচ্ছু ব্যক্তিরদের কর্ম্মকরণদ্বারা স্বর্গসাধনের ও মুমুক্ষু ব্যক্তিরদিগের জ্ঞানাভ্যাসদ্বারা মোক্ষসাধনের বেদবিহিত স্থান। এবং ভারতবর্ষে হিমালয় রাজা ও তাঁহার প্রজারূপ পর্ব্বত অনেক আছে ঐসকলের মধ্যে মহেন্দ্র ও মলয় ও সহ্য ও শুক্তিমান্ ও ঋক্ষ ও বিন্ধ্য ও পারিপাত্র এই সপ্ত কুলপর্ব্বত অর্থাৎ নর্ম্মদাদি পুণ্যনদী সকলের উৎপত্তি স্থান।

নৈষধে। হিমপ্রায়স্তু হিমবান্ হেমকূটস্তু হেমবান্। কিরাতার্জুনীয়ে। অবিরতোজ্ঝিতবারিবিপাণ্ডুভির্ব্বিরহিতৈরচিরদ্যুতিতেজসা। উদিতপক্ষমিবারতনিঃস্বনৈঃপৃথুনিতম্ববিলম্বিভিরম্বুদৈঃ পাদ্যে। বহুরত্নখনিস্তুহি গিরিরাজহিমালয়। অপ্রাপ্যস্তুং মনুষ্যাণাং নিবাসস্তুং হরস্যবৈ।

অর্থঃ। হিমালয় পর্ব্বত বহুহিমবিশিষ্ট কারণ হিমালয়ের স্থূলতর নিতম্ব অবলম্বন করিয়া সর্ব্বদা মেঘসকল থাকে ঐমেঘ গর্জনরহিত ও বিদ্যুতিরহিত ও ধবল তাহাতে ইন্দ্র কর্তৃক ছিন্নপক্ষ হইয়াও হিমালয় পক্ষবিশিষ্ট। ঐ সকল মেঘহইতে অনবরত জল পড়িতেছে ঐসকল জল পর্ব্বতীয় প্রস্তর সংস্পর্শে অত্যন্তশীতল হয় ঐজলই হিম অতএব হিমালয়

পর্ব্বতে সর্ব্বকাল হিমজল আছে তাহা বায়ুকর্তৃক নানাস্থানে চালিত হয় এবং ঐ হিমজলস্পর্শী বায়ু যেদেশে আগমন করে তদ্দেশেই শীতাধিক্য হয় তাহাতে শীতঋতুতে প্রায় উত্তর হইতে বায়ু বহে অত এব ভারতবর্ষে শীতাধিক্য এবং গ্রীষ্মঋতুতে দক্ষিণবায়ু হিমালয়ের হিমস্পর্শে শীতল হইয়া কিম্পুরুষাদিবর্ষে সুখদায়ক হয়। অপর নারদ মুনি হিমালয়কে কহিলেন হে পর্ব্বতরাজ তুমি বহুরত্নের আকর ও হরের নিবাসস্থান অতএব তুমি মনুষ্যগণের অপ্রাপ্য।

বারাহে। এতানি নব বর্ষাণি জম্বূদ্বীপে স্থিতানিবৈ। প্রপাতবিষমৈস্তৈস্তৈঃ পর্ব্বতৈরাবৃতানিতু। সন্ততানি নদীভেদৈরগম্যানি পরস্পরং।

অর্থঃ। জম্বূদ্বীপের মধ্যস্থিত ভারতাদি নয়বর্ষ স্বস্বসীমাস্থ মহাপর্ব্বত গণেতে আবৃত ও মহানদীগণেতে ব্যাপ্ত এবং হিমালয়াদি অষ্টসীমাপর্ব্বত অতিউচ্চপ্রযুক্ত বিষম অর্থাৎ অগম্য ও অলঙ্ঘনীয় অতএব বর্ষসকল পরস্পর অগম্য অর্থাৎ একবর্ষের লোক অন্যবর্ষে যাইতে পারে না। অতএব ভারতবর্ষীয় মনুষ্য হিমালয় লঙ্ঘন করিয়া কিম্পুরুষবর্ষে যাইতে পারে না এবং কিম্পুরুষবর্ষীয় ব্যক্তিরাও হিমালয় লঙ্ঘিতে না পারিয়া ভারতবর্ষে আইসে না। যদি সীমাপর্ব্বত সকল লঙ্ঘনীয় হইত তবে কিম্পুরুষাদিবর্ষীয় ব্যক্তিবর্গ মহাবলবন্ত ও মহাবুদ্ধিমন্ত সুতরাং তাহারা আসিয়া ভারতবর্ষ ভোগ করিত।

বৈষ্ণবে। ভদ্রাশ্বে ভগবান্ বিষ্ণুরাস্তে হয়শিরাদ্বিজ। বরাহঃ কেতুমালেতু ভারতে কূর্ম্মরূপধৃক্। মৎস্যরূপশ্চ গোবিন্দঃ কুরুষ্বাস্তে জনাদনঃ। বিশ্বরূপেণ সর্ব্বত্র সর্ব্বঃ সর্ব্বেশ্বরোহরিঃ।

অর্থঃ। হয়গ্রীবরূপী শ্রীবিষ্ণু ভদ্রাশ্ববর্ষে ও বরাহরূপী কেতুমালবর্ষে ও কূর্ম্মরূপী ভারতবর্ষে আছেন। যথাজ্যোতিষে প্রাঙ্মুখোভগবান্ শেতে কূর্ম্মরূপী জনার্দ্দনঃ কূর্ম্মরূপধারী হরি পূর্ব্বমুখে শয়ন করত ভারতবর্ষকে ধারণ করিয়াছেন তদুপরি নানাদেশ আছে। মৎস্যরূপী গোবিন্দ কুরুবর্ষে আছেন ও বিশ্বরূপেতে বিষ্ণু সর্ব্বত্র আছেন যেহেতুক তিনি সর্ব্বজীবময় ও সর্ব্বজগতের ঈশ্বর।

অথ দশ অবতার।

ভবিষ্যপুরাণে। মৎস্যঃ কূর্ম্মোবরাহশ্চ নরসিংহোথ বামনঃ। রামোরা মশ্চ রামশ্চ বুদ্ধঃ কল্কীচ তে দশ। অগ্নিপুরাণে। অবতারক্রিয়া দুষ্টনষ্ট্যৈ শৎপালনায়চ।

অর্থাৎ। দস্টের নাশকরণার্থ ও শিষ্টের রক্ষাকরণার্থ শ্রীবিষ্ণু পৃথিবীতে পনঃ২ অবতীর্ণ হন ঐ অবতার অসংখ্য তন্মধ্যে দশ অবতার এই। মৎস্য ও কর্ম্ম ও বরাহ ও নরসিংহ ও বামন ও পরশুরাম ও শ্রীরাম ও বলরাম ও বুদ্ধ ও কল্কী। এই দশের মধ্যে নয় অবতার অতীত ও কল্কী ভবিষ্যতি এবং শ্রীহরি লবণ সমদ্রে মৎস্যরূপ ও ক্ষীরসমুদ্রে কূর্ম্মরূপ ও পাতালে বরাহরূপ ধারণ করেন ও নরসিংহাদি সপ্তরূপ ভারতবর্ষে ধারণ করেন।

অথ শ্রীকৃষ্ণ অবতার।

শ্রীকৃষ্ণজন্মখণ্ডে। কেনবা প্রার্থিতঃ কৃষ্ণআজগাম মহীতলং। সর্ব্বাংশে রেকএবাংশঃ পরিপূর্ণতমঃ স্বয়ং। কথং রাধা পুণ্যময়ী দেবী গোলোক বাসিনী। বৃজেবা বৃজকন্যা সা বভূব প্রেয়সী হরেঃ। কথং গোপ্যোদুরা রাধ্যং সংপ্রাপরীশ্বরং পরং।

অর্থাৎ। বদরিকাশ্রমে শ্রীনরনারায়ণের নিকট শ্রীনারদ জিজ্ঞাসা করিলেন যে শ্রীকৃষ্ণ গোলোকনাথ গোলোকধামে বিরাজমান ছিলেন তিনি কোন কর্তৃক প্রার্থিত হইয়া পৃথিবীতে অবতীর্ণ হইলেন এবং পরিপূর্ণতম পর মেশ্বর স্বয়ং সর্ব্বাংশেতে অবতীর্ণ কি একাংশেতে। এবং গোলোকনাথ শ্রীকৃষ্ণের পরমপ্রিয়া ও পুণ্যময়ী ও গোলোকবাসিনী যে শ্রীরাধা তিনি কি কারণ বৃজে বৃজকন্যা হইয়াছিলেন ও যে পরমেশ্বর দুরারাধ্য অর্থাৎ দুষ্প্রাপ্য তাঁহাকে গোপীরা কিপ্রকার পতিরূপে পাইল।

শ্রীনারায়ণউবাচ। সদ্যঃ কৃষ্ণকথাবক্তা স্বস্য পুংসাংশতং শতং। সম ভৃত্য শ্রুতবতাং পুনাতি নিখিলং কুলং। প্রষ্টাতু প্রশ্নমাত্রেণ পুনাতি কুলমাত্মনঃ। শ্রোতা শ্রবণমাত্রেণ স্বকুলং স্বস্ববান্ধবান্। অর্চ্চনং বন্দনঞ্চ মন্ত্রজপঃ সেবনমেবচ। স্মরণং কীর্ত্তনঞ্চ শশ্বদ্গুণশ্রবণমীপ্সিতং। নিবেদনং স্বস্যদাস্যং নবধা ভক্তিলক্ষণং। করোতি জন্মসফলং কৃষ্ণে তানিচভারতে।

অর্থঃ। শ্রীমন্নারায়ণ কহিলেন যে কৃষ্ণের কথাবক্তা ব্যক্তি শতং স্বকুলকে তৎক্ষণাৎ উদ্ধার করিয়া শ্রোতারদিগের সকল কুল পবিত্র করেন এবং প্রশ্নকর্ত্তা প্রশ্নমাত্রেতে স্বকুলকে পবিত্র করেন। শ্রোতা শ্রবণমাত্রেতে স্বকুলকে পবিত্র করেন এবং বক্তা ও প্রষ্টা ও শ্রোতা এই ত্রিতয় স্বস্ব বান্ধব গণকেও পবিত্র করেন। অতএব কৃষ্ণকথা অবশ্য প্রষ্টব্যা ও অবশ্য বক্তব্যা ও অবশ্য শ্রোতব্যা। অপরঞ্চ পরমেশ্বরের পূজন ও প্রণাম ও মন্ত্র জপ ও পরিচর্য্যা ও মনেতে স্মরণ ও বাক্যেতে কীর্ত্তন ও কর্ণেতে পুনঃ২ তদ্গুণশ্রবণ ও তৎপদপ্রাপ্ত্যর্থ বাঞ্ছা ও আপনাকে দাসতারূপে তাঁহার প্রতি অর্পণ। এই নয়ভক্তি ভারতবর্ষে যিনি করেন তাঁহারই জন্ম সফল।

একদা রাধয়াসার্দ্ধং গোলোকে শ্রীহরিঃস্বয়ং। বিজহার মহারণ্যে নির্জনে রাসমণ্ডপে। রাধিকাসুখসংভোগাদ্বুধেনস্বয়ংপরঃ। কৃত্বা বিহারং শ্রীকৃষ্ণস্তামদৃষ্ট্বোবিহায়চ। গোপিকাংবিরজামন্যাং শৃঙ্গারার্থং জগামহ। তস্যাবয়স্যাঃ সুন্দর্য্যোগোপীনাং শতকোটয়ঃ। রত্নসিংহাসনস্থা সা দদর্শ হরিমন্তিকে। দৃষ্ট্বা তাং শ্রীহরিস্তূর্ণং বিজহার তয়া সহ। পুষ্পতল্পে মহারণ্যে নির্জনে রত্নমণ্ডপে তয়াসক্তং শ্রীহরিঞ্চ রত্নমণ্ডপসংস্থিতং। দৃষ্ট্বাতু রাধিকাল্যশ্চ চক্রুস্তাঞ্চ নিবেদনং।

অর্থঃ। শ্রীগোলোকধামে গোলোকনাথ শ্রীকৃষ্ণের আদিশক্তি ভগবতী শ্রীমতী রাধা বিবাহিতা পত্নী প্রধানা পরম সুন্দরী প্রাণাধিকপ্রিয়া নিত্যা আছেন। তদন্যা গোলোকস্থ গোপের কন্যা অতিসুন্দরী বিরজানাম্নী বিবাহিতা বধূ আছেন। এক দিবস বৃন্দাবনে অতিনির্জনে রাসমণ্ডপমধ্যে শ্রীকৃষ্ণ বিহার করিলেন তখন শ্রীরাধা শ্রীকৃষ্ণের সঙ্গমসুখে স্ব ও পর বিস্মৃতা হইলেন। সেই সময় শ্রীহরি অন্তর্হিত করিলেন এবং বিরজার নিকট উপস্থিত হইলেন তখন বিরজা রত্নসিংহাসনে উপবিষ্টা ও শতকোটি সুন্দরী সখীতে বেষ্টিতা ও নিকটে শ্রীহরির দর্শন পাইলেন এবং শ্রীকৃষ্ণ তাঁহাকে প্রেমপূর্ণ দৃষ্টিতে দেখিয়া নির্জনে বৃন্দাবনে বিহারাসক্ত হইলেন। অনন্তর শ্রীরাধার সখীরা শ্রীকৃষ্ণকে পুষ্পশয্যায় বিরজাতে আসক্ত দেখিয়া শ্রীমতীর নিকটে তদ্বৃত্তান্ত বিজ্ঞাপন করিল।

তাসাঞ্চ বচনং শ্রুত্বা মূর্চ্ছাপচ রুরোদচ। উবাচ তাশ্চ সা দেবী মাস্তংদর্শ

য়িতং ক্ষমাঃ। যদি সত্যংবৃতং যূয়ংময়া সার্দ্ধং প্রগচ্ছত। তামূচুঃ পুরতঃ স্থিত্বা সর্ব্বাএব প্রিয়াং সখীং। বয়ং তং দর্শয়িষ্যামোবিরজাসহিতং প্রভুং। তাসান্তদ্বচনংশ্রুত্বা রথমারুহ্য সুন্দরী। জগাম সার্দ্ধং গোপীভি স্ত্রিসপ্তশতকোটিভিঃ।

অর্থঃ। শ্রীরাধা সখীগণের বাক্য শুনিয়া শয্যায় শয়ন করিলেন ও রোদন করিলেন এবং সখীরদিগকে বলিলেন শ্রীকৃষ্ণকে সেস্থানে কি আমায় দেখাইতে পারিবা ও যদি তোমরা সত্য কহিয়াছ তবে আমার সহিত চল। তখন সখীরা কৃতাঞ্জলি হইয়া নিবেদন করিল যে বিরজার সহিত শ্রীকৃষ্ণকে আমরা দর্শাইতে পারিব এই বাক্য শ্রবণ করিয়া শ্রীরাধা সুন্দরী তৎক্ষণাৎ রথে আরোহণ করিলেন এবং শতকোটি ও দশকোটি গোপীর দিগকে সঙ্গে লইয়া সেস্থানে গমন করিলেন।

অথ রথ বর্ণনা।

রত্নেন্দ্রসাররচিতং কোটিসূর্য্য সমপ্রভং। সর্ব্বেষাং স্যন্দনানাঞ্চ শ্রেষ্ঠং বায়ুহরংপরং। লক্ষচক্রসমাযুক্তং মনোযায়ি মনোহরং। কোটিঘণ্টা সমাযুক্তং পতাকাকোটিভির্যুতং। শতযোজনমুর্দ্ধঞ্চ দশযোজন বিস্তৃতং মণিসারবিকারৈশ্চ কোটিস্তম্ভৈঃ সুশোভিতং। রতিমন্দিরলক্ষৈশ্চ রত্নসার বিনির্ম্মিতৈঃ। রত্নদর্পণলক্ষাণাং শতৈকেশ্চ সমন্বিতং। ভোগদ্রব্য সমাযুক্তং বেশ্যদ্রব্যসমন্বিতং। পারিজাতপ্রসূনানাং মালাকোটিবিরাজিতং কুন্দানাং করবীরাণাং যূথিকানান্তথৈবচ। সুচারুচম্পকানাঞ্চ নাগেসানাং মনোহরৈঃ মল্লিকানাং মালতীনাং মাধবীনাং সুগন্ধিনাং। কদম্বনাঞ্চ মালানাং কদম্বৈশ্চ বিরাজিতং। সহস্রদলপদ্মানাং মালাপদ্মৈর্বিভূষিতং। শ্বেতচামর কোটিভির্বজ্রমুষ্টিভিরন্বিতং। পারিজাতপ্রসূনানাং কোটিতল্পবিরাজিতং রত্নশয্যাকোটিভিশ্চ চিত্রবস্ত্র পরিচ্ছদৈঃ পুষ্পো প্রধানযুক্তাভিঃ শৃঙ্গারাহাভিরক্তিতং।

অর্থঃ। শ্রীরাধার রথ কেবল উত্তম রত্নগণেতে নির্ম্মিত অতএব কোটি সূর্য্যসম দীপ্তিমান ও মনোহর ও জগতের মধ্যে যতং রথ আছে সে সকল হইতে শ্রেষ্ঠ। ঐ রথ অশ্ব বিনা কেবল বায়ুতে চলে ও রথচক্র এক লক্ষ অতএব মনের তুল্য অতি শীঘ্রগামী ও রথের গমনকালে কোটি

ঘণ্টার বাদ্য হয় ও উপরি কোটি২ পতাকা উড্ডীয়মানা ঐরথ শতযোজন উচ্চ ও দশযোজন বিস্তৃত ও মণিগণের সারময় কোটিস্তম্ভেতে শোভিত। ঐ রথে রত্নময় লক্ষ২ রতিমন্দির আছে ও শতলক্ষ দর্পণ আছে এবং বহু ভোগদ্রব্য ও গৃহোপকরণ দ্রব্য আছে পারিজাত পুষ্পের কোটিমালা ও কুন্দ করবীর যূথিকা চম্পক নাগেশ্বর মল্লিকা মালতী মাধবী কদম্ব পুষ্পের মালা সমূহ ও সহস্রদলপদ্মের পদ্মসংখ্যক মালাতে ভূষিত ও বজ্রমুষ্টি বিশিষ্ট কোটি শ্বেতচামর ও পারিজাত পুষ্পের কোটিশয্যা ও কোটি২ রত্নশয্যাতে চিত্রবস্ত্রের পরিচ্ছেদ ও পুষ্পময় বালিশ আছে ঐরথ শৃঙ্গারযোগ্য যুবতীগণেতে রক্ষিতা।

এবম্ভূতাদ্রথাদ্ধূর্ণমবরুহ্য হরিপ্রিয়া। জগাম সহসা দেবী তৎরম্যমণ্ডপং মুনে। দ্বারে নিযুক্তং দদর্শ দ্বারপালং মনোহরং। লক্ষগোপপরিবৃতং স্মেরাননসরোরুহং গোপং শ্রীদামনামানং শ্রীকৃষ্ণপ্রিয়কিঙ্করং তমুবাচ রুষা দেবী রক্তপঙ্কজলোচনা। দূরং গচ্ছ গচ্ছ দূরং রতিলম্পটকিঙ্কর। কীদৃশী মৎপরা কান্তা দ্রক্ষ্যামি ত্বৎপ্রভোরহং। রাধিকাবচনং শ্রুত্বা নিঃশঙ্কঃ পুরতঃ স্থিতঃ। তামেব নদদৌ গন্তুং বেত্রপাণির্মহাবলঃ। তূর্ণঞ্চ রাধিকালাশ্চ শ্রীদামানং সকিঙ্করং বলেন প্রেষয়ামাসুঃ কোপেন স্ফুরিতাধরাঃ। শ্রুত্বা কোলাহলং শব্দং গোপিকানাং হরিঃ স্বয়ং। জ্ঞাত্বাচকুপিতাং রাধামন্তর্দ্ধানং চকার হ। বিরজা রাধিকাশব্দাদন্তর্দ্ধানং হরেরপি দৃষ্ট্বা রাধাং ভয়াত্তা সা জহৌ প্রাণাংশ্চ যোগতঃ। সদ্যস্তত্র সরিদ্রূপং তচ্ছরীরং বভূবহ। ব্যাপ্তঞ্চ বর্ত্তুলাকারং তয়া গোলোকমেবচ। কোটিযোজনবিস্তীর্ণং প্রস্থেতিনিম্নমেবচ।

অর্থঃ। এতদ্রূপ মহারথে শ্রীরাধা গমন করিয়া শীঘ্র সেস্থানে উপস্থিতা হইলেন এবং তৎক্ষণাৎ রথ হইতে নামিয়া রতিমন্দিরে গমন করত দেখিলেন যে শ্রীদামা একলক্ষ গোপের সহিত দ্বাররক্ষা করিতেছে তখন শ্রীমতী অতিকোপবতী ও রক্তলোচনবতী হইলেন ও ক্রোধেতে শ্রীদামকে বলিলেন অরে রতিলম্পটকিঙ্কর দূর হ তোর প্রভুর মদন্য প্রিয়া কীদৃশী আমি তাহা দেখিব। ঐবাক্য শুনিয়া ও শ্রীদামা ভীত হইলনা কিন্তু বেত্র হস্ত হইয়া তাঁহাকে দ্বারে প্রবেশ করিতে দিলনা এখন রাধার সখীসকল

ক্রুদ্ধা ও কম্পিত ওষ্ঠাধরা হইলেন ও বলপূর্ব্বক ঐলক্ষ গোপের সহিত শ্রীদামকে ঠেলিয়া দূরে ফেলিলেন তখন গোপীসকলের কোলাহল শব্দ শুনিয়া রাধানাথ জানিলেন যে শ্রীরাধা কুপিয়া আসিয়াছেন অতএব অন্তর্দ্ধান পূর্ব্বক তখন শ্রীহরি শ্রীহরি করিলেন অনন্তর বিরজা দেখিলেন যে শ্রীহরি অন্তর্হিত হইলেন এবং রাধিকাও আসিতেছে ও আমার সখী গণ অল্প অতএব আমি পরাজিতা হইব ইহা ভাবিয়া ভয়েতে বিরজা যোগদ্বারা প্রাণত্যাগ করিলেন এবং তাঁহার ঐশরীর তৎক্ষণাৎ একনদী হইল ঐনদীকর্ত্তৃক গোলাকার গোলোক বেষ্টিত হইল ঐ নদী প্রস্থে কোটিযোজন বিস্তৃত ও অতিগভীর।

রাধারতিগৃহং গত্বা নদদর্শ হরিং মুনে। বিরজাংশ্চ সরিদ্রূপাং দৃষ্টা গেহং জগাম সা। শ্রীকৃষ্ণোবিরজাং দৃষ্ট্বা সরিদ্রূপাংপ্রিয়াং সতীং। উচ্চৈরুরোদ বিরজাতীরে নীরমনোহরে। মমান্তিকং সমাগচ্ছ প্রেয়সীনাং পরে বরে। পুরাতনং শরীরন্তে সরিদ্রূপমভূৎসতী। জলাদুত্থায় চাগচ্ছ বিধায় নূতনাং তনুং। সাজগাম হরেরগ্রং সাক্ষাদ্রাধেব সুন্দরী। তাঞ্চ রূপবতীং দৃষ্ট্বা প্রেমোদ্রেকাং জগৎপতিঃ। চকারালিঙ্গনং তূর্ণং চুচুম্বচ মুহুর্মুহুঃ। কান্তে নিতং তব স্থানমাগমিষ্যামি নিশ্চিতং। যথা রাধা তৎসমা ত্বং ভবিষ্যসি প্রিয়া মম। ইত্যুক্তবন্তং শ্রীকৃষ্ণং বসন্তং বিরজান্তিকে। দৃষ্ট্বা রাধাবয়স্যাশ্চ কথয়ামাসুরীশ্বরীং।

অর্থঃ। পরে রাধা বিরজার রতিগৃহে গমন করিয়া শ্রীহরির দর্শন পাই লেন না এবং বিরজাকেও নদীরূপা দেখিয়া স্বগৃহে গমন করিলেন। অনন্তর কৃপাময় শ্রীকৃষ্ণ বিরজাকে নদীরূপা দেখিয়া তাঁহাকে ডাকিতে লাগিলেন হে প্রেয়সীশ্রেষ্ঠে আমার নিকট আইস এবং তোমার পুরাতন শরীর নদীরূপ হইয়াছে অতএব নূতন শরীর ধারণ করিয়া জলহইতে উত্থিতা হও। শ্রীকৃষ্ণের বাক্যেতে বিরজা রাধার তুল্যরূপবতী হইয়া শ্রীহরির সাক্ষাৎ আইলেন এবং তাঁহাকে অতিরূপবতী দেখিয়া শ্রীকৃষ্ণ আলিঙ্গনাদি ব্যাপার পূর্ব্ববৎ করিলেন ও বিরজা গর্ভধারণ করিয়া পুত্রপ্রসবিলেন ইত্যাদি কথা পূর্ব্বে কথিতা হইয়াছে। এবং শ্রীকৃষ্ণকে বিরজার নিকটবাস করত শ্রীরাধার সখীগণ দেখিয়া পুনশ্চ ঈশ্বরীর নিকট বিজ্ঞাপন করিল।

শ্রুত্বা রুরোদ সা দেবী সুষ্বাপ ক্রোধমন্দিরে। অন্তর্বক্রং সস্মিতঞ্চ বিষ কুম্ভং পয়োমুখং। মুদাশুয়ং সমাগন্তং যূয়ং দাস্যো নদাস্যথ। এতস্মিন্ন ন্তরে কৃষ্ণো জগাম রাধিকান্তিকং। প্রতস্থৌ রতিকাদ্বারে শ্রীদাম্না সহ নারদ। রাসেশ্বরী হরিং দৃষ্ট্বা রুষ্টোবাচ প্রিয়ংপুরঃ। বিরজা প্রেয়সী কান্ত সরিদ্রূপা বভূবহ। দেহংত্যক্ত্বা মম ভয়াত্তথাপি যানিতাংপ্রতি হে নদীকান্ত দেবেশ নদীং সংভোক্তু মিচ্ছসি। তত্তীরে মন্দিরংকৃত্বা তিষ্ঠতিষ্ঠ তয়া সহ। নদী বভূব সা ত্বঞ্চ নদোভবিতুমর্হসি। নদস্য নদ্যা সার্দ্ধঞ্চ সঙ্গমোগুণবান্ ভবেৎ। স্বজাতৌ পরমাপ্রীতিঃ শয়নে ভোজনে সুখাৎ। ইত্যুক্ত্বা রাধিকা দেবী বিররাম রুষান্বিতা। নোত্তস্থৌ ভূমিশয় নাৎ গোপীলক্ষ সমন্বিতা।

অর্থঃ। সখীরদিগের ঐ বাক্য শুনিয়া শ্রীরাধা ক্রুদ্ধা হইয়া ক্রোধমন্দিরে শয়ন করিলেন ও রোদন করিতে২ বলিলেন হে দাসীরা শ্রীকৃষ্ণকে আমার নিকট আসিতে দিও না কেননা যেমন বিষকুম্ভ দুগ্ধমুখ তেমন তিনি অন্তরে বক্র ও বাহিরে হাস্যমুখ। ঐ সময় শ্রীকৃষ্ণ আগমন করিয়া শ্রীদা- মের সহিত দ্বারে দণ্ডায়মান হইলে রাসেশ্বরী শ্রীরাধা রুষ্টা হইয়া প্রিয়ের সাক্ষাৎ বলিলেন যে তোমার অতিপ্রিয়তমা বিরজা ভার্য্যা আমার ভয়ে তে নদী হইল তথাপি তুমি তাহার নিকটযাও হে দেবেশ নদীর সম্ভো- গ করিতে চাহ হে নদীকান্ত তবে তাহার তীরে মন্দির করিয়া তাহার সহিত থাক২ ও সে নদী হইয়াছে তোমার নদ হওয়া উপযুক্ত কেননা নদীর সহিত নদের সঙ্গমই উত্তম হয় এবং স্বজাতির সহিত ভোজনে ও শয়নে যাদৃশ সুখ বিজাতির সহিত তাদৃশ নহে অতএব স্বজাতিতে২ পরমপ্রীতি হয় ইহা কহিয়া শ্রীরাধা মৌনাবলম্বন করিলেন। এবং কো পাবিষ্টা হইয়া ভূমিশয্যাহইতে উঠিলেন না তখন শ্রীরাধার সহিত লক্ষ যুবতী গোপী পরিচারিকা ছিল।

কাশ্চিচ্চামরহস্তাশ্চ কাশ্চিৎ সূক্ষাংশুধারিকাঃ। কাশ্চিত্তাম্বূলহস্তাশ্চ কাশ্চি ন্মালাবলীকরাঃ। বাসিতোদকরাঃ কাশ্চিং কাশ্চিৎ পত্রবলীকরাঃ কাশ্চিৎ সিন্দুরহস্তাশ্চ মণিহস্তাশ্চ কাশ্চন। রত্নালঙ্কারহস্তাশ্চ কাশ্চন প্রমদোত্তমাঃ। বেণুবীণাকরাঃ কাশ্চিৎ কাশ্চিদ্‌যন্ত্রকরাঃ পরাঃ। সঙ্গীতনিপুণা কাশ্চিৎ কা

চিন্নর্ত্তনতৎপরাঃ। ক্রীড়াবস্তুকরা কাশ্চিন্মধুহস্তাশ্চ কাশ্চন। সুধাপাত্রকরাঃ কাশ্চিদঙ্ঘ্রিপীঠকরাঃ পরাঃ। বেশবস্তুকরাঃ কাশ্চিৎ কাশ্চিচ্চরণসেবিকাঃ পুটাঞ্জলিকরাঃ কাশ্চিৎ কাশ্চিৎ স্তুতিপরাবরাঃ। এবং কতিবিধাঃ সন্তি রাধিকাপুরতোমুনে। বহির্দেশস্থিতাঃ কাশ্চিৎ কোটিশঃ কোটিশঃ সদা কাশ্চিদ্দ্বারনিযুক্তাশ্চ বয়স্যাবেশ ধারিকাঃ।

অর্থঃ। শ্রীরাধার নিত্য পরিচারিকা লক্ষ গোপী ও তাঁহারদিগের সেবা এতদ্রূপ ছিল শ্রীমতীর নিকট কেহ২ চামর হস্তে করিয়া থাকে যখন কর্ত্রী ভ্রূভঙ্গেতে আজ্ঞা করেন তখনই চামর ঢুলায় এবং সর্ব্বত্র। কেহ২ সূক্ষ্মবস্ত্রহস্তা ও কেহ২ তাম্বূলহস্তা ও কেহ২ মালাহস্তা ও কেহ২ সুগন্ধ জলহস্তা ও কেহ২ পদ্মপুষ্পহস্তা ও কেহ২ সিন্দুরহস্তা ও কেহ২ মণিহস্তা ও কেহ২ রত্নালঙ্কারহস্তা ও কেহ২ বংশী ও বীণাহস্তা ও কেহ২ নানাবিধ বাদ্যযন্ত্রহস্তা ও কেহ২ গানবিদ্যানিপুণা ও কেহ২ নর্ত্তননিপণা সাক্ষাৎ দাঁড়িয়া থাকে আজ্ঞামাত্র বাজান্ ও গান্ ও নাচেন্! কেহ২ খেলনীয় বস্তুহস্তা ও কেহ২ মধুহস্তা ও কেহ২ সুধাপূর্ণপাত্রহস্তা ও কেহ২ পাদপীঠ হস্তা ও কেহ২ বেশভূষাবস্তুহস্তা ও কেহ২ চরণসেবিকা ও কেহ২ করযোড় করিয়া থাকে ও কেহ২ স্তুতিকরে। ইত্যাদি নানাসেবাতে নিত্য নিযুক্তা লক্ষগোপী এবং মন্দিরের বাহিরে নিত্য কোটি২ গোপী থাকেন ও কেহ২ দিব্যবেশ ধারণ করিয়া দ্বাররক্ষা করেন। ঐ সকল গোপী শ্রীমতীর অংশজা এবং রূপেতে ও বেশেতে তাঁহার তুল্যা কেমনা সৃষ্টিকালে শ্রীরাধার লোমকূপহইতে লক্ষকোটি গোপী জন্মিয়াছিলেন।

কৃষ্ণমভ্যন্তরং গন্তং নদদ্দ্বার্দ্বারসংস্থিতং পুরস্থিতংতং প্রাণেশং রাধা পুনরুবাচ সা হে কৃষ্ণ বিরজাকান্ত গচ্ছ মৎপুরতোহরে। হেসুশীলে শশিকলে হেপদ্মাবতি মাধবি। নিবার্য্যতাঞ্চ ধূর্ত্তোয়মস্যাত্র কিংপ্রয়োজনং। রাধিকা বচনং শ্রুত্বা তস্যূর্গোপিকাহরিং। হিতং তথ্যঞ্চ বিনয়ং সারং যৎসময়োচিতং কাশ্চিদূচুরিতি হরে গচ্ছ স্থানান্তরং ক্ষণং। রাধাকোপাপনয়নে গময়িষ্যামহে বয়ং। কাশ্চিদূচুরিতি প্রীত্যা ক্ষণং গচ্ছ গৃহান্তরং ত্বয়ৈব বঞ্চিতা রাধা ত্বাং বিনা কঞ্চ বক্ষ্যতি। কাশ্চিদূচুরিতি প্রেম্না রাধিকায়া হরিংমুনে। ক্ষণং বৃন্দাবনং গচ্ছ মানাপনয়নাবধি। কাশ্চিদিত্যূ

চুরীশঙ্ক পরিহাসপরং বচঃ। মানাপনয়নং ভক্ত্যা মানিন্যাঃ কুরু কামুক কাশ্চনাচুরিতি হরিং সস্মিতং পুরতঃস্থিতঃ। গত্বা সমীপমূর্গাপা মামা পনয়নং কুরু। কাশ্চিন্নিবারয়ামাসুর্মাধবং প্রমদোত্তমাঃ। স্মিতবক্ত্রঞ্চ সর্ব্বেশং স্বচ্ছমক্রোধমীশ্বরং।

অর্থঃ। ঐ গোপীরা শ্রীকৃষ্ণকে গৃহমধ্যে যাইতে দিল না এবং দ্বারে দণ্ডায়মান প্রাণনাথকে শ্রীরাধা পুনঃ বলিলেন হে কৃষ্ণ হে বিরজাকান্ত আমার সম্মুখ হইতে যাও। পরে শ্রীরাধা সখীরদিগকে আজ্ঞা করিলেন হে সুশীলে হে শশিকলে হে পদ্মাবতি হে মাধবি এ ধূর্ত্তশিরোমণিকে নিবারণ কর আমার এ স্থানে ইহাঁর কি প্রয়োজন তখন শ্রীরাধার আজ্ঞাতে সখীরা হিত ও তথ্য ও সার ও সময়োচিত ও বিনয় যে বাক্য তাহা শ্রীহরিকে বলিল। কেহ২ কলিল হে কৃষ্ণ এইক্ষণে তুমি স্থানান্তরে যাও যখন শ্রীমতীর মান ভগ্ন হইবে তখন আমরা তোমাকে আনয়ন করিব। কেহ২ বলিল হে কৃষ্ণ এইক্ষণে অন্যগৃহে যাও কেননা তুমিই রাধাকে বাড়াইয়াছ তোমারে না বলিয়া আর কাহাকে বলিবেন। কেহ২ বলিল মানের উপশম পর্য্যন্ত তুমি বৃন্দাবনে গিয়া একক্ষণ থাক ও কেহ২ পরিহাস পূর্ব্বক বলিল হে কামুক ভক্তি করিয়া কামিনীর মান ভঞ্জন কর কেহ২ শ্রীকৃষ্ণের সম্মুখে হাঁসিয়া২ বলিল মানিনীর নিকটে যাও ও তাঁহাকে উঠাইয়া মানভঞ্জন কর কেহ২ শ্রীকৃষ্ণকে বারণ করিল। তখন শ্রীকৃষ্ণ অন্য গৃহে গমন করিলেন কিন্তু শ্রীকৃষ্ণ পরমেশ্বর সদানন্দ ও সদাহাস্য বদন ও স্বচ্ছ ও ক্রোধহীন কাহাকে কিছু বলিলেন না কেননা তাঁহার ইচ্ছাতে এইসকল হইতেছে যেহেতুক শ্রীকৃষ্ণের নানালীলা।

গোপীভির্বার্য্যমাণেচ জগৎকারণকারণে। সদাশ্চূকোপ শ্রীদামা হরৌ গেহান্তরংগতে। কোপাদুবাচ শ্রীদামা রাধিকাং পরমেশ্বরীং। রক্তপদ্মেক্ষণাং রুষ্টাং রক্তপঙ্কজলোচনঃ। কথং বদসি মাতস্ত্বং কটুবাক্যং মদীশ্বরং। আত্মারামং পূর্ণকামং করোষি ত্বং বিড়ম্বনং। দেবীনাং প্রবরা ত্বঞ্চ নিবোধ কস্য সেবয়া। কস্য পাদার্চ্চনেনৈব সর্ব্বেষামীশ্বরী পরা। ভ্রূভঙ্গলীলয়া কৃষ্ণঃ সৃষ্টিং শক্তশ্চ তদ্বিধাঃ কোটিশোঃ কোটিশোদেবীস্তং নজানাসি নির্গুণং। বৈকুণ্ঠে শ্রীহরেরস্য চরণাম্বুজমার্জ্জনং। করোতি

কেশৈঃ শশ্বৎ শ্রীঃ সেবনং ভক্তিপূর্ব্বকং। সরস্বতী চ স্তৌতি ঃ কর্ণপীযূষসূক্তৈঃ। সন্তুতং স্তৌতি যং ভক্ত্যা নজানাসি তমীশ্বরং। ক্ষিপ্রং রোষং পরিত্যজ্য ভজ পাদাম্বুজং হরেঃ। শ্রীদাম্নোবচনং শ্রুত্বা কেবলং কটু দুর্ব্বনং। সদ্যশ্চুকোপ সা রুষ্টানুখায় সমুবাস হ। রাসেশ্বরী বহির্গত্বা তমুবাচহ নিষ্ঠুরং স্ফুরদোষ্ঠী মুক্তকেশী রক্তাম্ভোরুহলোচনা। রাধোবাচ। রে রে জাল্ম মহামূঢ় শৃণু লম্পটকিঙ্কর। ত্বঞ্চ জানাসি সর্ব্বার্থং নজ নামি ত্বদীশ্বর। ত্বদীশ্বরোয়ং শ্রীকৃষ্ণো নহ্যস্মাকং বৃজাধম। জানাসি জনকং স্তৌষি সদা নিন্দসি মাতরং। যথা রাশ্চ ত্রিদশাধিতাং নিন্দন্তি সন্ততং। তথা নিন্দসি মাংমূঢ় তথা ত্বমসুরোভব। গোপ বৃজাসুরীং যোনিং গোলোকাচ্চ বহির্ভ্রম। ময়াদ্য শপ্তো মূঢ়স্ত্বং কস্ত্বং রক্ষিতুমীশ্বরঃ। রাসেশ্বরী তমিত্যুক্তা সুষ্বাপ বিররাম চ। বয়স্যাঃ সেবয়ামাসুশ্চামরৈ রত্নমুষ্টিভিঃ।

অর্থঃ। গোপীগণকর্তৃক বারিত হইয়া হরি অন্যগৃহে গমন করিলে তৎক্ষণাৎ শ্রীদামা কুপিল এবং ক্রোধেতে রক্তনয়ন হইয়া ক্রোধেতে রক্তনয়না শ্রীরাধাকে বলিতে লাগিল হে মাতা আমার প্রভুকে কেন কটুবাক্য বল হে দেবী বিচার না করিয়া বৃথাই তুমি ভৎর্সনা কর যে শ্রীকৃষ্ণ আত্মারাম ও পূর্ণকাম তাঁহাকে বিড়ম্বনা কর। তুমি বুঝ দেখি কাহার পাদসেবা করিয়া দেবীরদিগের মধ্যে শ্রেষ্ঠা হইয়াছ ও কাহার পাদপূজনেতে সর্ব্বজগতের পরমেশ্বরী হইয়াছ। এবং যে শ্রীকৃষ্ণ ভ্রূভঙ্গলীলাতে তোমার সদৃশী কোটিং দেবী সৃজিতে পারেন সেই নির্গুণ গোলোকনাথকে তুমি জান না ও লক্ষ্মী কেশদ্বারা এই শ্রীহরির চরণ মার্জন করেন ও সরস্বতী কর্ণপীযূষস্তবেতে যাঁহাকে স্তুতি করেন সেই ঈশ্বরকে তুমি জান না অতএব শীঘ্র ক্রোধ ত্যাগ করিয়া শ্রীহরির পাদপদ্ম ভজনা কর। শ্রীদামের এই অতি উল্বন কটুবাক্য শুনিয়া তৎক্ষণাৎ শ্রীরাধা ক্রুদ্ধা হইলেন ও উঠিয়া বসিলেন এবং রাসেশ্বরী বাহিরে যাইয়া কম্পিতোষ্ঠী ও মুক্তকেশী হইয়া শ্রীদামকে নিষ্ঠুর বাক্য বলিতে লাগিলেন রে জাল্ম রে মূঢ় রে লম্পটকিঙ্কর শোন্ তুই জানিস্ আমি তোর ঈশ্বরকে জানি না ও শ্রীকৃষ্ণ তোরই ঈশ্বর আমারদের নহেন রে বৃজাধাম পিতাকে জানিস্ ও সদা তাঁহার স্তব করিস্ মাতাকে সদা নিন্দা করিস্ যেমন অসুরেরা দেব

তারদিগকে সদা নিন্দা করে তেমন আমাকে নিন্দা করিস্ রে মূঢ় তোর অসুরের স্বভাব অতএব তুই অসুর হ আর গোলোকহইতে বাহির হএবং আসুরী যোনি প্রাপ্ত হ রে মূঢ় আমি অদ্য তোকে অভিশপ্ত করিয়াছি তোকে কে রক্ষা করিতে পারে। ইহা কহিয়া রাসেশ্বরী শয়ন করিলেন ও মৌনাবলম্বন করিলেন তখন সখীগণ রত্নমুষ্টিবিশিষ্ট চামরেতে ব্যঞ্জন করিতে লাগিল।

শ্রুত্বাচ বচনন্তস্যাঃ কোপেন স্ফুরিতাধরঃ। শশাপ তাঞ্চ শ্রীদামা বৃক্ষযোনিং বৃজিষ্যসি। মানুষ্যাইব কোপস্তে তস্মাত্ত্বং মানুষী ভুবি। ভবিষ্যসি নসন্দেহোময়া শপ্তা কৃমখিকে। মৃতা রায়াণপত্নীং ত্বাং বক্ষ্যন্তি জগতী তলে। রায়াণঃ শ্রীহরেরং শোবিশ্যোবৃন্দাবনেবনেঃ। গোকুলে প্রাপ্য তৎকৃষ্ণ বিহৃত্য বরকাননে ভবিতা তেবর্ষশতং বিচ্ছেদোহরিণাসহ। পুনঃ প্রাপ্য তমীশঞ্চ গোলোকমাগমিষ্যসি। তামিত্যুক্তাচ নত্বাচ সজগাম হরেঃ পুরঃ। গত্বা ননাম শ্রীকৃষ্ণং শাপাখ্যানমুবাচচ। আনপূর্ব্ব্যাত্তু তৎসর্ব্বং রুরোদচ ভৃশম্বুজঃ। উবাচ তংরুদন্তঞ্চ গচ্ছত্বং ধরণীতলং। তজ্জেতা তে ত্রিভুবনে হ্যসুরেন্দ্রোভবিষ্যসি। কালে শঙ্কর শূলেন দেহং ত্যক্ত্বা মমান্তিকং। আগমিষ্যসি পঞ্চাশং যুগেতীতে মমাশিষা। শ্রীকৃষ্ণস্য বচঃশ্রুত্বা তমুবাচ সুদামিত্বঃ। ত্বদ্ভক্তিরহিতং মাঞ্চ কদাচিন্ন করিষ্যসি। ইত্যুক্ত্বা শ্রীহরিং নত্বা জগাম স্বাশ্রমাদ্বহিঃ। সএব শঙ্খচূড়শ্চ বভুব তুলসীপতিঃ।

অর্থঃ। শ্রীরাধার বাক্য শুনিয়া শ্রীদাম ক্রোধেতে কম্পিতোষ্ঠ হইয়া শ্রীরাধাকে শাঁপ দিল যে তুমি বৃক্ষযোনিকে প্রাপ্তা হইবা ও মানুষের সদৃশ তোমার ক্রোধ অতএব তুমি মানুষী হইবা। কিন্তু শ্রীকৃষ্ণের অংশজাত বৈশ্য জাতি রায়াণ ভুবৃন্দাবনে হইবে ও তোমাকে ভূলোকে লোক ঐ রায়াণের পত্নী বলিবে এবং গোকুলে শ্রীকৃষ্ণের দর্শন পাইয়া তাঁহার সহিত বৃন্দাবনে বিহার করিবা পরে শতবৎসর শ্রীকৃষ্ণের সহিত বিচ্ছেদ হইবে পুনঃ শ্রীকৃষ্ণকে পাইয়া গোলোকে আগমন করিবা। ইহা কহিয়া শ্রীদাম শ্রীরাধাকে প্রণাম করিয়া শ্রীহরির নিকট আইল এবং শ্রীকৃষ্ণকে প্রণাম করিয়া শাঁপের বৃত্তান্ত আনুপূর্ব্বিক সকল কহিল ও ক্রন্দন করিল। তখন শ্রীকৃষ্ণ শ্রীদামকে বলিলেন যে তুমি পৃথিবীতে যাইয়া ত্রিভুবনে অজেয়

অসুরেন্দ্র হইবা পরে পঞ্চাশ যুগ গত হইলে শিবের শূলেতে বিদ্ধ হইয়া দেহ ত্যাগ করিবা এবং আমার বাক্যে পুনঃ আমার নিকট আসিবা শ্রীকৃষ্ণের এই বাক্য শুনিয়া শ্রীদাম আনন্দিত হইয়া শ্রীকৃষ্ণকে বলিল প্রভু তোমার ভক্তিহীন আমাকে করিবেন না ইহা কহিয়া শ্রীকৃষ্ণকে প্রণাম করিয়া আশ্রমের বাহিরে গেল। ঐশ্রীদামই শঙ্খচূড় অসুর ও তুলসীরপতি হইল।

গতে শ্রীদাম্নি সা দেবী জগামেশ্বরসন্নিধিং। ভীতা শ্রীদাম শাপাৎসা শ্রীকৃষ্ণং সমুবাচহ। ত্বয়া বিনা কথমহং ধরিষ্যামি স্বজীবিতং ক্ষণেন মে যুগশতং কালোনাথ ত্বয়া বিনা। শোকাতুরাঞ্চ তাং কৃষ্ণো বোধয়ামাস প্রেয়সীং ত্বয়া সার্দ্ধং গমিষ্য মি রাধেহহং ধরণীতলং। রাধাজগাম ধরণীং বারাহে হরিণা সহ। বৃষভানুগৃহে জন্ম ললভে গোকুলে মুনে। অতো হেতোর্জগন্নাথ আজগাম মহীতলং। বিজহার ত্বয়া সার্দ্ধং গোপবেশঞ্চ বিধায় সঃ। ব্রহ্মণা প্রার্থিতঃ কৃষ্ণ আজগাম মহীতলং। ভারাবতারণঞ্চ কৃত্বা জগাম স্বালয়ং বিভুঃ।

অর্থঃ। শ্রীদাম গোলোক হইতে গমন করিলে পর শ্রীরাধা শ্রীদামের শাপেতে ভীতা হইয়া শ্রীকৃষ্ণের নিকট আইলেন ও শ্রীকৃষ্ণকে কহিলেন যে তোমাবিনা আমি কিপ্রকার জীবন ধারণ করিব কেননা তোমার বিরহে একক্ষণই আমার শতযুগ। তখন শ্রীকৃষ্ণ অতি শোকাতুরা প্রিয়তমাকে সান্ত্বনা পূর্ব্বক প্রবোধ করাইলেন যে হে প্রিয়ে রাধে তোমার অনুরোধে তোমার সহিত পৃথিবীতে আমি গমন করিব অতএব আমার বিচ্ছেদজন্য শোক করিও না। পরে শ্রীহরির সহিত শ্রীরাধা ভূর্লোকে আগমন করিয়া গোকুলে বৃষভানুর গৃহে অযোনিসম্ভবরূপে আবির্ভূতা হইলেন। তথাহি শ্রীনারদমুনির পূর্ব্ব প্রশ্নের প্রত্যুত্তর এই যে শ্রীরাধার অনুরোধ হেতুক শ্রীকৃষ্ণ ভূমণ্ডলে আগমন করত অযোনিসম্ভব রূপে বসুদেবের গৃহে আবির্ভূত হইলেন ও গোপবেশ ধারণ করিয়া শ্রীবৃন্দাবনে শ্রীরাধার সহিত বিহার করিলেন। এবং ভূভারহরণার্থ ব্রহ্মা প্রার্থনা করিয়া ছিলেন অতএব কংসাদি দুষ্টগণকে বিনষ্ট করিয়া পুনঃস্বস্থানে প্রস্থান করিলেন উক্ত পুরাণপ্রমাণে পূর্ণব্রহ্ম পরমেশ্বর গোলোকনাথ স্বয়ং গোকুলে আগমন করিয়াছিলেন অতএব শ্রীকৃষ্ণ পূর্ণাবতার।

অথ শ্রীরাধাকৃষ্ণের বিবাহ।

শ্রীকৃষ্ণজন্মখণ্ডে। একদা কৃষ্ণসহিতো নন্দোবৃন্দাবনং যযৌ। তত্রোপবন ভাণ্ডীরে চারয়ামাস গোধনং। সরঃসুস্বাদুতোয়ঞ্চ পায়য়ামাস তৎ পপৌ উবাস বটমূলেচ বালং কৃত্বা স্ববক্ষসি। এতস্মিন্নন্তরে কৃষ্ণোমায়ামানুষ বিগ্রহঃ। চকার মায়য়াকস্মান্মেঘাচ্ছন্নং নভোমুনে। ঝঞ্ঝাবাতং মেঘ শব্দং বজ্রশব্দঞ্চ দারুণং। বৃষ্টিধারামতিস্থূলাং কম্পমানংশ্চ পাদপান্। দৃষ্টৈবং পতত্তঃস্কন্ধান্নন্দোভয়মবাপ হ। কথং যাস্যামি গোবৎসং বিহা য় স্বাশ্রমংবত। গৃহং যদি নযাস্যামি ভবিতা বালকস্য কিং। এবং নন্দে প্রবদতি রুরোদ শ্রীহরিস্তদা। মায়াভিয়া ভয়েশশ্চ পিতুঃ কণ্ঠংদধার সঃ।

অর্থঃ। ব্রহ্মবৈবর্ত্তপুরাণে শ্রীমন্নারায়ণ শ্রীনারদের নিকট শ্রীরাধাকৃষ্ণের বিবাহ বাহুল্যরূপে কহিয়াছিলেন ঐ বিবাহ সংক্ষেপতঃ দর্শাই। এক দিবস নন্দ শ্রীকৃষ্ণকে কোলে করিয়া বৃন্দাবনে গমন করিলেন এবং বৃন্দা বনস্থ উপবনে ও ভাণ্ডীর বৃক্ষবনে গোধন চরাইলেন ও সরোবরের সুস্বা দু পানীয় পান করাইলেন ও করিলেন ও বালককে বক্ষস্থলে করিয়া বটবৃক্ষমূলে বিশ্রাম করিতেছেন। ঐসময় মায়ামানুষরূপী শ্রীকৃষ্ণ মায়া প্রকাশ করিলেন তাহাতে অকস্মাৎ আকাশ মেঘাচ্ছন্ন হইল এবং ভয়া নক ঝঞ্ঝাবায়ু ও মেঘ শব্দ ও বজ্রশব্দ হইল ও স্থূলা বৃষ্টিধারা পড়িতে লাগিল এবং মহাবায়ুতে বৃক্ষসকল কম্পমান ও বৃক্ষশাখা ভগ্ন হইয়া পড়িতে লাগিল তাহা দেখিয়া নন্দ ভয় পাইলেন ও বলিলেন যে গোবৎ স সকলকে ত্যাগ করিয়া বাটীতে কিপ্রকার যাইব যদি না যাই তবে বালকের কি হইবে নন্দ ইহা কহিতেং শ্রীকৃষ্ণ স্বয়ং ভয়েশ্বর কিন্তু মায়া ভয়ে মায়া ক্রন্দন করত পিতার গলে জড়িয়া ধরিলেন।

এতস্মিন্নন্তরে রাধা জগাম কৃষ্ণসন্নিধিং। দৃষ্ট্বা তাং নির্জনে নন্দোবিস্ময়ং পরমং যযৌ। চন্দ্রকোটিপ্রভামৃষ্টাং ভাসয়ন্তীং দিশোদশ। উবাচ তাং সাশ্রুনেত্রোভক্তিনম্রাত্মকন্ধরঃ। জানামি ত্বাং গর্গমুখাৎপদ্মাধিকপ্রিয়াং হরেঃ। জানামীমং মহাবিষ্ণুং পরং নির্গুণমচ্যুতং। তথাপি মোহিতো হঞ্চ মানবো বিষ্ণুমায়য়া। উবাচ নন্দং সা যত্নাৎ প্রকাশ্যং রহস্যকং। অহং দৃষ্ট্বা ত্বয়ানেন কতিজন্মফলোদয়াৎ। বরং বৃণু ব্রজেশ ত্বং যত্তে মনসি

বাঞ্ছিতং। রাধিকাবচনং শ্রুত্বা তামুবাচ ব্রজেশ্বরঃ। যুবয়োশ্চরণে ভক্তিং দেহি নান্যত্র মে স্পৃহা। যুবয়োঃ সন্নিধৌ বাসং দাস্যসি ত্বং সুদুর্লভং শ্রুত্বা নন্দস্য বচনমুবাচ পরমেশ্বরী। দাস্যামি দাস্যমতুলমিদানীং ভক্তিমুত্তমে। গোলোকং যাস্যথোন্তেচ বিহায় মানবীংতনুং।

অর্থঃ। শ্রীরাধা পরমেশ্বরী সর্ব্বজ্ঞা তখন জানিলেন যে শ্রীকৃষ্ণের মায়াতে নন্দ ভীত ও ব্যস্ত হইয়াছে এবং শ্রীকৃষ্ণের সহিত আমার মিলনেরও এইসময় অতএব শ্রীমতী শ্রীকৃষ্ণের নিকট গমন করিলেন। গোলোকে যাদৃশরূপে পরমেশ্বরী ছিলেন তাদৃশ ঈশ্বরীয়রূপ ধারণ করিয়া শ্রীকৃষ্ণের নিকট শ্রীরাধা উপস্থিতা হইলে তখন মায়া বাতবৃষ্টি নিবৃত্তা হইল এবং ঐ নির্জনে বনে নন্দ শ্রীরাধাকে দর্শন করিয়া বিস্ময়াপন্ন হইল কেননা কোটিসংখ্যাক চন্দ্রের তেজকে নিস্তেজ করে এমন যে শ্রীরাধার তেজ তাহাতে দশদিক্ প্রকাশিত ছিল অতএব নন্দ ভক্তিভাবে সজলনয়ন ও নতশিরাঃ হইয়া শ্রীরাধাকে বলিলেন হে ভগবতি শ্রীকৃষ্ণের অন্নপ্রাশনকালে গর্গমুনি আগমন করিয়া আমাকে কহিয়াছিলেন অতএব আমি জানি যে শ্রীহরির লক্ষ্মীহইতেও তুমি অধিকপ্রিয়া এবং এই শ্রীকৃষ্ণকেও আমি জানি যে ইনিশ্রীগোলোকনাথমহাবিষ্ণু ও নির্গুণ পরমেশ্বর তথাপি আমি মনুষ্য এইপ্রযুক্ত বিষ্ণুমায়াতে মোহিত। তখন শ্রীরাধা বলিলেন হে ব্রজরাজ সাবধান আমারদিগের গুপ্তলীলা প্রকাশ করিও না ও কতশতজন্মের পুণ্যফলে আমার এওদ্রূপের দর্শন পাইলা ও আমার দর্শন নিষ্ফল নহে অতএব মনোভিলষিত বর প্রার্থনা কর। তখন নন্দনিবেদন করিলেন ঈশ্বরি তোমারদিগের উভয়ের চরণারবিন্দে ভক্তি এবং তোমাদিগেরউভয়ের নিকটে বাসবিও অন্যবরে আমার স্পৃহা নাই। নন্দের বাক্য শ্রবণ করিয়া পরমেশ্বরী বলিলেন তথাস্তু দাস্য পশ্চাৎ দাতব্য ইদানীং তোমার ভক্তি হউক ও অন্তকালে এইমানবদেহ ত্যাগ করিয়া গোলোকে গমন করিবা।

এবমুক্ত্বাতু সানন্দং কৃত্বা কৃষ্ণং স্ববক্ষসি। গত্বা দূরং তংনিনায় বাহুভ্যাঞ্চ যথোপ্সিতং। কৃত্বা বক্ষসি তংকামাৎ শ্লেষংশ্লেষং চুচুম্ব চ। পুলকাঞ্চিত সর্ব্বাঙ্গী সঞ্চার রাসমণ্ডপং। এতস্মিন্নন্তরেরাধা মায়াসদ্ভুতমণ্ডপং। দদর্শ রত্নকলসশতকেন সমন্বিতং। নানাভোগসমাকীর্ণং দিব্যদর্পণসংযুতং

মণীন্দ্রমুক্তা মানিক্যমালাজালৈর্বিরাজিতং। ভূষিতং ভূষিতৈর্বস্ত্রৈঃপতাকা নিকরৈর্বরৈঃ। কুম্ভাকারমণিভিঃ সপ্তসোপানসংযুতং। যুক্তং ষট্পদনং যুক্তৈঃ পুষ্পোদ্যানৈশ্চ পুষ্পিতৈঃ। সা দেবী মণ্ডপং দৃষ্ট্বা কণামাভ্যন্ত রুন্মুদা। দদর্শ তত্রতাম্বুলং কর্পূরাদিসুবাসিতং। জলঞ্চরত্নকুম্ভস্থং স্বচ্ছং শীতং সুবাসিতং। সুধামধুভ্যাং পূর্ণানি রত্নভাণ্ডানি নারদ।

অর্থঃ। তখন যশোদার নিকট লইয়া যাওন কারণ নন্দ শ্রীকৃষ্ণকে শ্রীরাধার কোলে দিয়া গোধন পালনে গমন করিলে শ্রীরাধা আনন্দ পূর্ব্বক শ্রীকৃষ্ণকে বক্ষস্থলে লইলেন এবং বাহুদ্বয়েতে বহন করিয়া নন্দালয়ের অভিমুখে অনেক দূর যাইয়া পুনঃ বক্ষস্থলে ধারণ করিয়া কামভাবে আলিঙ্গন করিতেং চুম্বন করিলেন। তখন শ্রীমতী সর্ব্বাঙ্গপুলকিতা হইয়া গোলোকস্থ রাসমণ্ডপ স্মরণ করিলেন। তৎকালে অকস্মাৎ সম্মুখে উত্তম রত্নময় এক রাসমণ্ডপ দেখিতে পাইলেন ঐ রাসমণ্ডপ রত্নময় শত কলসেতে অন্বিত ও ভূষিতবস্ত্রের পতাকা সকলেতে ভূষিত ও মণি ও মুক্তা ও মাণিক্যময় মালাজালেতে বেষ্টিত ঐরাসমণ্ডপের সপ্তসোপান ঐসোপান কুম্ভাকার মণিতে নির্ম্মিত এবং মণ্ডপ মধ্যে নানাভোগেদ্রব্য ও দিব্যং দর্পণ আছে ও মণ্ডপের বাহিরে পুষ্পোদ্যান ও তাহাতে নানাজাতীয় পুষ্পসকল প্রস্ফুটিত ঐ পুষ্পোপরি ভ্রমরগণ গুঞ্জায়মান আছে শ্রীরাধাদেবী এইরূপ রাসমণ্ডপ দেখিয়া আনন্দে তন্মধ্যে প্রবেশ করিলেন পরে সেস্থানে কর্পূরাদিবাসিত তাম্বুল ও রত্নকুম্ভস্থ নির্ম্মল ও শীতল ও সুবাসিত জল এবং অমৃত ও মধুতেপূর্ণ রত্নভাণ্ড সকল দেখিলেন।

পুরুষং কমনীয়ঞ্চ কিশোরং শ্যামসুন্দরং কোটিকন্দর্পলীলাভং চন্দনেন বিভূষিতং। শয়ানং পুষ্পশয্যায়াং সস্মিতং সুমনোহরং। পীতবস্ত্র পরীধানং প্রশান্ত বদনেক্ষণং। ক্রোড়ং বালকশূন্যঞ্চ দৃষ্ট্বা তং নবযৌবনং। সর্ব্বস্মৃতিস্বরূপা সা বিস্ময়ং পরমং যযৌ।

অর্থঃ। ঐ রাসমণ্ডপের মধ্যে পুষ্পশয্যায় শয়নকারি এক পুরুষকে শ্রীরাধা দেখিলেন ঐ পুরুষ পঞ্চদশবর্ষবয়স্ক ও শ্যামবর্ণ ও সুন্দরাঙ্গ ও বাঞ্ছনীয় ও কোটি কন্দর্পের সদৃশ ও চন্দনেতে ভূষিত ও ঈষৎ হাস্যবদন ও মনোহর ও পীতবস্ত্র পরিধায়ি ও প্রসন্নবদন ও প্রসন্ননয়ন ও নবযৌব

বিশিষ্ট। এইরূপ দর্শন করিতে২ দেখেন যে ক্রোড়ে বালক নাই শ্রীরাধা সর্ব্বজ্ঞানময়ী তথাপি তখন বিস্ময়াপন্না হইলেন।

রূপং রাসেশ্বরী দৃষ্ট্বা মুমোহ সুমনোহরং। কামাচ্চক্ষুশ্চকোরাভ্যাং মুখচন্দ্রং পপৌ মুদা। নিমেষরহিতা রাধা নবসঙ্গমলালসা তামুবাচ হরিস্তত্র স্মেরাননসরোরুহাং। রাধে স্মরসি গোলোকবৃত্তান্তং সুরসংসদি। অদ্য পূর্ণং করিষ্যামি স্বীকৃতং যৎ পুরা প্রিয়ে। ত্বংমে প্রাণাধিকা রাধে প্রেয়সী শ্রেয়সীপরা। যথা ত্বঞ্চ তথাহঞ্চ ভেদোহি নাবয়োর্ধ্রুবং। ত্বঞ্চ সর্ব্বস্বরূপাসি সর্ব্বরূপোহমক্ষরে। শ্রীরাধেবাচ। স্মরামি সর্ব্বং জানামি বিস্মরামি কথং বিভো। যত্ত্বংবদসি সর্ব্বাহং ত্বৎপাদাব্জপ্রসাদতঃ। বক্ষঃস্থলে চ শিরসি দেহি তে চরণাম্বুজং। দুনোতি মম্মনঃ সদ্যস্ত্বদীয় বিরহানলাৎ রাধিকা বচনং শ্রুত্বা জহাস পুরুষোত্তমঃ। তামুবাচ হিতং তথ্যং শ্রুতিস্মৃতিনিরূপিতং তিষ্ঠ ভদ্রে ক্ষণং ভদ্রং করিষ্যামি তবপ্রিয়ে। ত্বন্মনোরথপূর্ণস্য স্বয়ং কালোয়মাগতঃ।

অর্থঃ। রাসেশ্বরী রাধা শয়ান পুরুষের মনোহর রূপ দর্শন করিয়া কামেতে মোহিতা ও নবসঙ্গমেলালসা হইলেন ও চক্ষুরূপ চকোরদ্বয়েতে তাঁহার মুখচন্দ্রের চন্দ্রিকা নিমেষরহিতা হইয়া পান করিলেন। ঐ শয়ান পুরুষ মায়াবী শ্রীকৃষ্ণ তখন ঈষৎ হাস্যবদনা রাধাকে বলিলেন শ্রীরাধে গোলোকের বৃত্তান্ত কি রণ হয় দেবসভার মধ্যে আমি যাহা অঙ্গীকার করিয়াছিলাম তাহা অদ্য পূর্ণ করিব এবং তুমি প্রেয়সীর শ্রেয়সী ও আমার প্রেয়সী ও যেমন আমি তেমন তুমি উভয়ের কিছু ভেদ নাই এবং তুমিও সর্ব্বরূপা আমিও সর্ব্বরূপ। তখন শ্রীরাধা বলিলেন প্রভু আমার সকল স্মরণ হয় ও আমি সকল জানি কেন বিস্মৃতা হইব কিন্তু প্রভু যাহা কহিয়াছেন যে আমি সর্ব্বরূপা তাহা তোমার চরণ প্রসাদাৎ অতএব আমার মস্তকে ও বক্ষঃস্থলে তোমার চরণারবিন্দ অর্পণ কর কেননা তোমার বিরহ অগ্নিতে আমার মন তাপিত হইতেছে। শ্রীরাধার এইবাক্য শ্রবণ করিয়া শ্রীকৃষ্ণ ঈষৎ হাঁসিলেন এবং শ্রুতি ও শ্রুতিশাস্ত্রে বিহিত ও হিত ও তথ্য যাহা তাহা কহিলেন প্রিয়ে একক্ষণ তিষ্ঠ ভদ্রে তোমার মনোরথ পূর্ণহওনের সময় উপস্থিত অর্থাৎ বেদ ও শ্রুতিশাস্ত্রে বিহিত বিবাহ অবশ্য কর্ত্তব্য ও বিবাহানন্তর বিহার।

এতস্মিন্নন্তরে ব্রহ্মা জগাম পুরতোহরেঃ। মালাকমণ্ডলুকর ঈষদ্ধাস্য চতুর্ম্মুখঃ। গত্বা ননাম তং কৃষ্ণং প্রতুষ্টাব যথাগমং। পুনর্নত্বা প্রভুং ভক্ত্যা জগাম রাধিকান্তিকং। মূর্দ্ধ্না ননাম ভক্ত্যাচ মাতুস্তচ্চরণাম্বুজং। যথাগমং প্রতুষ্টাব পুটাঞ্জলিযুতঃপুনঃ। ব্রহ্মণস্তবনং শ্রুত্বা তমুবাচা হ রাধিকা। বরংবৃণু বিধাতস্ত্বং যত্তে মনসি বর্ত্ততে। রাধিকাবচনং শ্রুত্বা তামুবাচ জগদ্বিধিঃ। বরঞ্চ যুবয়োঃ পাদপদ্মে ভক্তিস্তু দেহিমে। ইত্যুক্তে চ বিধৌ রাধা তূর্ণং যাহীত্যুবাচহ।

অর্থঃ। শ্রীকৃষ্ণের ইচ্ছাতে তখন সেস্থানে ব্রহ্মা আগমন করিলেন তিনি হস্তে মালা ও কমণ্ডলু ধারী ও ঈষৎহাস্য চতুর্ম্মুখ এবং শ্রীকৃষ্ণকে প্রণাম করিয়া আগমোক্ত স্তবেতে স্তুতি করিলেন ও পুনঃ প্রণাম করিয়া শ্রীরাধার নিকটে গেলেন ও মাতার চরণারবিন্দে প্রণাম করিয়া পূর্ব্ববৎ স্তুতি করিলেন। তখন শ্রীরাধা বলিলেন ব্রহ্মা অভীষ্ট বর প্রার্থনা কর ব্রহ্মা বলিলেন তোমারদিগের উভয়ের চরণে ভক্তি দেও এই বর শ্রীরাধা বলিলেন তথাস্তু কিন্তু তুমি কর্ত্তব্য কার্য্য করিয়া ত্বরায় গমন কর অর্থাৎ বিলম্ব অসহ্য।

তদা ব্রহ্মা তয়োর্মধ্যে প্রজ্বাল্য চ হুতাশনং। হবিঃ সংস্কৃত্য হবনং চকার বিধিনা বিধিঃ। উত্থায় শয়নাৎ কৃষ্ণ উবাস বহ্নিসন্নিধৌ। ব্রহ্মণোক্তেন বিধিনা চকার হবনং স্বয়ং। প্রণময্য হরিং রাধাং বেদানাং জনকঃ স্বয়ং। তাঞ্চ তং কারয়ামাস সপ্তধা চ প্রদক্ষিণং। প্রণময্য পুনঃ কৃষ্ণং বাসয়ামাসতাং বিধিঃ। তস্যাহস্তঞ্চ শ্রীকৃষ্ণং গ্রাহয়ামাস সদ্বিধিঃ। বেদোক্তসপ্তমন্ত্রাংশ্চ পাঠয়ামাস মাধবং। সংস্থাপ্য রাধিকা হস্তং হরের্বক্ষসি বেদবিৎ। শ্রীকৃষ্ণহস্তং রাধায়াঃ পৃষ্ঠদেশে প্রজাপতিঃ। স্থাপয়িত্বা চ মন্ত্রাংস্ত্রীন্ পাঠয়ামাস রাধিকাং। পারিজাতপ্রসূনানাং মালা জানুলম্বিতাং। শ্রীকৃষ্ণস্য গলে ব্রহ্মা রাধাদ্বারা দদৌ মুদা। রাধাগলে হরিদ্বারা দদৌ মালাং মনোরমাং। পুনশ্চ বাসয়ামাস শ্রীকৃষ্ণং কমলোদ্ভবঃ। তদ্বামপার্শ্বে রাধাঞ্চ সস্মিতাং কৃষ্ণচেতসং। পুটাঞ্জলিং কারয়িত্বা মাধবং রাধিকাং বিধিঃ। পাঠয়ামাস বেদোক্তান্ পঞ্চ মন্ত্রাংশ্চ নারদ। প্রণময্য পনঃ কৃষ্ণং সমর্প্য রাধিকাং বিধিঃ। কন্যাকাঞ্চ যথা তাতো ভক্ত্যা তস্থৌ

হরেঃ পুরঃ। এতস্মিন্নন্তরে দেবাঃ সানন্দপুলকোদ্গমাঃ। দুন্দুভিং বাদয়া মাসুরানকং মুরজাদিকং। পারিজাত প্রসূনানাং পুষ্পবৃষ্টিং চকারহ। জগুর্গন্ধর্ব্বপ্রবরা ননৃতুশ্চাপ্সরোগণাঃ। তুষ্টাব শ্রীহরিং ব্রহ্মা তমুবাচচ সস্মিতঃ। যুবয়োশ্চরণাম্ভোজে ভক্তিং মে দেহি দক্ষিণাং। ব্রহ্মণোবচনং শ্রুত্বা তমুবাচ হরিঃ স্বয়ং। মদীয়চরণাম্ভোজে সুদৃঢ়া ভক্তিরস্তুতে। স্বস্থানং গচ্ছ ভদ্রন্তে ভবিতা নাত্র সংশয়ঃ। ঈশ্বরস্য বচঃ শ্রুত্বা বিধাতা জগতাং মুনে। প্রণম্য রাধাং কৃষ্ণঞ্চ জগাম স্বালয়ং মুদা।

অর্থঃ। তখন ব্রহ্মা উভয়ের মধ্যে কুশণ্ডিকা করত অগ্নি জ্বালিলেন ও আজ্যসংস্কার করিয়া হোম করিলেন ও শ্রীকৃষ্ণ পুষ্পশয্যাহইতে গাত্রোত্থান করিয়া অগ্নির নিকট বসিলেন এবং ব্রহ্মদর্শিত বিধিতে হোম করিলেন। ঐ বিবাহে ব্রহ্মাই পুরোহিত ও বরকর্ত্তা ও কন্যাকর্ত্তা অতএব ব্রহ্মার আদেশে শ্রীরাধা আসিয়া শ্রীকৃষ্ণকে প্রণাম করিয়া সপ্তবার প্রদক্ষিণ করিলেন ও পুনঃ প্রণাম করিয়া স্বসম্প্রদান স্বয়ং করিলেন। স্বপ্রদানেন পতিং কুর্য্যাদিতি বিধিঃ। তখন ব্রহ্মা বর ও কন্যা উভয়কে উত্থিত করাইয়া বরের বামে কন্যাকে রাখিলেন এবং বরকে কন্যার পাণি গ্রহণ করাইয়া বেদোক্ত সপ্ত মন্ত্র পড়াইলেন এবং কন্যার হস্ত বরের বক্ষস্থলে ও বরের হস্ত কন্যার পৃষ্ঠে স্থাপন করাইয়া তিন মন্ত্র কন্যাকে পড়াইলেন। পরে পারিজাতপুষ্পের মালা কন্যার হস্তেতে বরের কণ্ঠে ও বরের হস্তেতে কন্যার কণ্ঠে দেওয়াইলেন। পুনঃ পুরোহিত বরকে বসাইয়া বরের বামে কন্যাকে বসাইলেন এবং বরের প্রতি কন্যাকে কৃতাঞ্জলি করাইয়া পঞ্চ মন্ত্র পড়াইলেন ও পুনঃ প্রণাম করাইলেন। যেমন পিতা কন্যাকে বরে সমর্পণ করে তেমন ব্রহ্মা শ্রীরাধাকে শ্রীকৃষ্ণে সমর্পণ করিয়া ভক্তিভাবে অগ্রে দাঁড়াইলেন। ঐ সময় দেবতারা আনন্দিত হইয়া দুন্দুভি ও ঢক্কা ও মুরজাদি বাদ্য বাজাইলেন এবং পারিজাত পুষ্পের পুষ্পবৃষ্টি করিলেন ও গন্ধর্ব্বেরা গান করিলেন ও অপ্সরগণ নৃত্য করিলেন এবং ব্রহ্মা স্তুতি করিয়া হাস্যবদনে বলিলেন যে বিবাহের দক্ষিণা আমি পাইব কিন্তু অন্যদক্ষিণা চাহি না কেবল শ্রীরাধাকৃষ্ণের চরণারবিন্দে ভক্তি দক্ষিণা আমাকে দিউন তখন শ্রীকৃষ্ণ বলিলেন তথাস্তু তাহাই

হইবে স্বস্থানে প্রস্থান কর পরে বৃন্দা শ্রীরাধাকৃষ্ণকে প্রণাম করিয়া গমন করিলেন।

গতে বৃন্দানি সা রাধা সস্মিতা বক্রলোচনা দর্শং দর্শং হরের্বক্ত্রং চছাদ ব্রীড়য়া মুখং। পুলকাঞ্চিতসর্ব্বাঙ্গী কামবাণপ্রপীড়িতা। প্রণম্য শ্রীহরিং ভক্ত্যা জগাম শয়নং হরেঃ। চন্দনাগুরুঃ পঙ্কঞ্চ কস্তুরীকুঙ্কুমান্বিতং। ললাটে তিলকং দত্ত্বা দদৌ কৃষ্ণস্য বক্ষসি। সুধাপূর্ণং রত্নপাত্রং মধুপূর্ণং মনোহরং। প্রদদৌ হরয়ে ভক্ত্যা বুভুজে জগতীপতিঃ। তাম্বূলঞ্চ বরং রম্যং কর্পূরাদিসুবাসিতং। দদৌ কৃষ্ণায় সা রাধা সাদরং বুভুজে হরিঃ। চখাদ সস্মিতা রাধা হরিদত্তং সুধাং মধু। তাম্বূলং তেন দত্তঞ্চ বুভুজে পাদ তোহরেঃ। করে ধৃত্বাচ তাং কৃষ্ণঃ স্থাপয়ামাস বক্ষসি। শৃঙ্গারাষ্টবিধং কৃষ্ণশ্চকার কামশাস্ত্রবিৎ।

অর্থঃ। বৃন্দা গমন করিলে শ্রীরাধা ঈষৎহাস্য করত বক্র চক্ষুতে শ্রীকৃষ্ণের প্রতি পুনঃ২ অবলোকন করিয়া লজ্জাতে মুখ ঢাকিলেন এবং সর্ব্বাঙ্গে পুলকিতা ও কামবাণে পীড়িতা হইয়া শ্রীহরিকে প্রণাম করিলেন ও শয্যার নিকট গমন করিলেন। পরে চন্দন ও অগুরু ও কস্তুরী ও কুঙ্কুমের পঙ্কেতে শ্রীকৃষ্ণের কপালে ও বক্ষস্থলে তিলক দিলেন এবং অমৃত ও মধুতে পূর্ণরত্ন পাত্র ও কর্পূরাদি বাসিত তাম্বূল শ্রীকৃষ্ণকে দিলেন ও শ্রীকৃষ্ণ আদরপূর্ব্বক ভোজন করিলেন। ঐ সকল দ্রব্য শ্রীকৃষ্ণ স্বহস্তে শ্রীরাধাকে দিলেন তিনি লজ্জিতা ও সস্মিতা হইয়া ভোজন করিলেন। অনন্তর শ্রীকৃষ্ণ কামশাস্ত্রোক্ত অষ্টবিধ নিধুবন শ্রীরাধাকে দর্শাইলেন।

বভূব শিশুরূপঃ সকৈশোরঞ্চ বিহায়চ। দদর্শবালকং রাধা রুদন্তং পীড়িতং ক্ষুধা। যাদৃশং প্রদদৌ নন্দোভিরুং তাদৃশনচ্যুতং। তূর্ণং বন্দা বনাদ্রাধা জগাম নন্দমন্দিরং। যশোদায়ৈ শিশুং দাতুমুদ্যতা সেত্যুবাচহ। গৃহীত্বৈবং শিশুং স্থূলং রুদন্তঞ্চ ক্ষুধাতুরং। গোষ্ঠে তৃৎস্বামিনা দত্তং প্রাপ্তাতি যাতনাময়া। সংসিক্তং বসনং বৃষ্টের্মেঘাচ্ছন্নেতিদুর্দিনে। পিচ্ছিলে দুর্গমোদ্রেকে যশোদে বোঢুমক্ষমা। গৃহাণ বালকং ভদ্রে স্তনং দত্ত্বা প্রবোধয়গৃহং চিরং পরিত্যাক্তং যামিতিষ্ঠ সুখং সতি। ইত্যুক্ত্বা বালকং দত্ত্বা জগাম স্বগৃহং সতী। যশোদা বালকং নীত্বা চুচুম্ব চ স্তনং দদৌ।

অর্থাৎ। অনন্তর শ্রীকৃষ্ণ পুনঃশিশুরূপ হইলে শ্রীরাধা দেখিলেন যে বালক ক্রন্দিত ও ক্ষুধিত ও নন্দ যাদৃশ ভীত শিশু দিয়াছিল তাদৃশই অতএব বালককে কোলে করিয়া শীঘ্র নন্দালয়ে গমন করিলেন ও যশোদার কোলে শিশুকে দিবার সময়ে বলিলেন যশোদা তোমার স্বামি গোষ্টে শিশুটি দিয়াছিল ইহাকে কোলে করিয়া অদ্য আমি বড় যাতনা পাইয়াছি মেঘাচ্ছন্ন দুর্দ্দিন ও পথ পিছলা দুর্গম ও বৃষ্টিতে অঙ্গের বস্ত্র ভিজিয়া গেল ও তোমার বালক যে স্থূল ভারি ও ক্ষুধাতুর কান্দিতে লাগিল ও আমি বহিয়া আনিতে পারিনা লও বালককে স্তনপান করাও বাটী হইতে অনেকক্ষণ আসিয়াছি বইসগো আমি আইনি ইহা কহিয়া শ্রীরাধা নিজ গৃহে গমন করিলেন ও যশোদা শ্রীকৃষ্ণকে লইয়া চুম্বন করিয়া স্তন্যপান করাইলেন। ঐরূপ শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে বিবাহ করিয়া বিহার করিয়া ছিলেন কেননা বেদপ্রবর্ত্তক পরমেশ্বর বেদোক্তাচার উল্লঙ্ঘন করেন না। এবং যে সকল গোপীর সহিত শ্রীকৃষ্ণ রাসক্রীড়া করিয়াছিলেন তাহারা শ্রীরাধার শরীর হইতে নির্গতা অতএব শ্রীরাধার বিবাহেতে তাঁহারদিগের বিবাহ সিদ্ধ তথাহ রাধারহস্যে। চকার কৃষ্ণো যাভিস্ত যো যিভির্ব্রজমণ্ডলে। রাসংরাধাশরীরাত্তাঃ সম্ভূতাঃ সুন্দরীবরাঃ। ইতি শ্রীকৃষ্ণ জন্মখণ্ডীয় পঞ্চদশাধ্যায়ে কথিত শ্রীরাধাকৃষ্ণ বিবাহঃসম্পূর্ণঃ।

স্কান্দে। সন্তি দ্বীপাহ্যনেকাবৈ পারাবারান্তরস্থিতাঃ। জম্বুদ্বীপসমোদ্বীপোনক্বাপিজগতীতলে। তত্রাপি নব বর্ষাণি ভারতংতত্র চোত্তমং। যতোহি কর্ম্মভূরেষা অতোন্যা ভোগভূময়ঃ।

অর্থঃ। সপ্তসমুদ্রেতে আবৃত সপ্তদ্বীপ আছে ঐ সপ্তের মধ্যে জম্বুদ্বীপ শ্রেষ্ঠ কারণ জম্বুদ্বীপে দেবতারদিগের বাসস্থান সুমেরু ও কর্ম্মভূমি আছে। জম্বুদ্বীপ নয়বর্ষময় ঐ নয়বর্ষের মধ্যে ভারতবর্ষ উত্তম যেহেতুক অন্য অষ্টবর্ষ কেবল ভোগ ভূমি ও ভারতবর্ষ কর্ম্মভূমি ইহার কারণ কিঞ্চিৎ কহি। ঈশ্বরের সকল অবতার প্রায় ভারতবর্ষে তাহাতে ভগবৎ পাদস্পর্শে এই ভূমি অতি পবিত্রা এবং কাশি কাঞ্চী হরীদ্বার অযোধ্যা দ্বারকা মথুরা অবন্তী এই সপ্ত মুক্তিপুরী ও পুরুষোত্তমক্ষেত্র হরিক্ষেত্র প্রণবক্ষেত্র বিরজক্ষেত্র পুষ্করক্ষেত্র কুরুক্ষেত্র বৃন্দাবন তপোবন একাম-

কানন গোকর্ণ নৈমিষারণ্য দণ্ডকারণ্য গয়া প্রয়াগ বদরিকাশ্রম কেদার কাল ঞ্জর চন্দ্রশেখর মহালয় ভৃগুতুঙ্গ শ্রীরঙ্গ শ্রীশৈল বৈকুণ্ঠাদ্রি রামসেতু ত্র্যম্বক কামাখ্যা জালামুখী কন্যাদুর্গাদি শতসহস্র মুক্তিক্ষেত্র। এবং গঙ্গা গোদা বরী গণ্ডকী গোতমী কাবেরী কুমারী নর্ম্মদা সুরসা যমুনা সরস্বতী প্রভাব তী প্রভাস শতদ্রু সিন্ধু কৌশিকী চন্দ্রভাগা বিপাশা বিকুল্যা ঋষিকুল্যা ঋষিকন্যা বৈতরণী দ্বৈপায়নী তাম্রপর্নী তাপী পয়োষ্ণী কেরলী কৃতমা- লা কৃষ্ণবেণ্ণা দেবস্মৃতি ত্রিসামা ব্রাহ্মী ব্রহ্মবেদী বেণীগঙ্গা ভীমরথী সরযূ সরযূসরঃ পঞ্চাপ্সরঃ সরঃ শোণ নদ বিন্দুহ্রদ মার্কণ্ডেয়হ্রদ সীতাকুণ্ড সূর্য্য কুণ্ডাদি ব্রহ্মপুত্র গঙ্গাসাগরের সঙ্গম মহোদধি মনিকর্ণিকাদি পুণ্যজলবি- শিষ্ট নদী নদ হ্রদ কুণ্ডাদি মহাতীর্থ সকল ও ঐ পুণ্যনদী নদাদির তীরে২ কোটি২ দেবালয় ও কোটি২ গ্রাম্য দেবালয় ভারতবর্ষে আছে। এবং অগস্ত্য অঙ্গিরস্ অত্রি অরুণি অরিষ্টনেমি অষ্টাবক্র অংশুমান্ অলম্বায়ন অসিত আপস্তম্ব আশ্বলায়ন আস্তীক আসুরি উঞ্ছভুক উপমন্যু উপশান্ত উপজঙ্ঘন উতঙ্ক উতথ্য উদ্দালক ঋষ্যশৃঙ্গ কচ ক্রতু কর্দম কপিল কণ্ব কণাদ করথ কশ্যপ কাশ্যপ কাত্যায়ন কুৎস কৃষ্ণাত্রেয় কৌথুম কৌণ্ডিন্য গর্গ গালব গোভিল গোতম গৌতম গৌরমুখ চ্যবন জরৎকারু জমদগ্নি জামদগ্ন্য জাতূকর্ণ জাবালি জৈগীষব্য জৈমিনি তুম্বুরু দক্ষ দাল্‌ভ্য দুর্ব্বাসা দেবল ধৌম্য নর নারায়ণ নারদ প্রচেতস্ প্রস্কন্ন পঞ্চশিখ পরাশর পানিনি পি প্পলাদ পুলস্ত্য পুলহ পৈল ভরদ্বাজ ভরত ভাগুরি ভার্গব ভৃগু মরীচি মতঙ্গ মার্কণ্ডেয় মাণ্ডব্য মাণ্ডবীসুত মুদ্গল মৃকণ্ডু মৈত্রেয় যাজ্ঞবল্ক্য রুচি লিখিত লোকাক্ষি লোমশ লোমচরণ বসিষ্ঠ বৎস বামদেব বাল্মীকি বার্হ স্পত্য ব্যাঘ্রপদ বিভাণ্ডক বিশ্বামিত্র বিষ্ণু বৃহস্পতি বেদব্যাস বেদশিরস্ বৈশম্পায়ন বোঢু শঙ্কুকর্ণ শঙ্খ শাতাতপ শালঙ্কায়ন শাকটায়ন শাকল্য শা ণ্ডিল্য শাক্তি শিলাদ শীলবৃত্তি শুক শুক্র শৃঙ্গী শৌনক সনক সনন্দন সনা তন সনৎকুমার সম্বর্ত্ত সরদ্বান সমীক সুমন্তু সুশ্রুত সৌভরি হংস হারীত। ইত্যাদি ঋষি দেবর্ষি ব্রহ্মর্ষি মহর্ষি মুনিগণ তপস্বি সদাচারি ব্রহ্মচারি গৃহস্থ বানপ্রস্থ যতি যোগি যাজ্ঞিক সাগ্নিক তপঃসিদ্ধ মন্ত্রসিদ্ধ যোগসিদ্ধ শাস্ত্রজ্ঞানি ব্রহ্মজ্ঞানি জীবন্মুক্ত সকলের অধিষ্ঠানকারণ ভারতবর্ষ পবিত্র অতএব কর্ম্মযোগ্য স্থান।

বিষ্ণুপুরাণে। গায়ন্তি দেবাঃ কিল গীতকানি ধন্যাস্তু যে ভারতভূমি ভাগে। স্বর্গাপবর্গাস্পদহেতুভূতে ভবন্তি ভূয়ঃ পুরুষাঃ সুরত্বাৎ।

অর্থঃ। ভারতবর্ষে পুণ্যকর্ম্ম করিয়া জীবেরা দিব্যদেহ ধারণ করত স্বর্গে গমন করে এবং পুণ্যানুসারে স্বর্গভোগ করে পরে পুণ্যশেষে স্বর্গ হইতে পতিত হইয়া পৃথিবীতে জাত হয়। তাহাতে দেবতারা গান করত বলিতেছেন যে দেবশরীর পতিত হইলে যে জীবেরা পুনর্ব্বার ভারতভূমিতে জন্মপ্রাপ্ত হয় তাহারা ধন্য কেননা ভারতভূমি স্বর্গ ও মোক্ষ সাধনের কারণ অর্থাৎ এই কর্ম্মভূমিতে তপ জপ যজ্ঞ দান তীর্থস্নানাদি কর্ম্ম করিয়া স্বর্গে গমন করে ও ভক্তিপূর্ব্বক দেবতোপাসনদ্বারা সালোক্যাদি মুক্তিপ্রাপ্ত হয় ও ব্রহ্মজ্ঞানদ্বারা পরমমুক্তি প্রাপ্ত হয়। ইতি জম্বুদ্বীপবর্ণনং সমাপ্তং।

অথ সাত সমুদ্র ও ছয় দ্বীপের বর্ণনা।

বিষ্ণুপুরাণে। জম্বুদ্বীপং সমাবৃত্য লক্ষযোজনবিস্তরঃ। মৈত্রেয় বলয়াকারঃস্থিতঃ ক্ষারোদধির্বহিঃ। শিবগীতায়াং। ভগবন্মানুষেণৈব নোল্লঙ্ঘ্যোলবণাম্বুধিঃ।

অর্থঃ। জম্বুদ্বীপের বাহিরে লবণসমুদ্র আছে সে বিস্তারে লক্ষযোজন ও দৈর্ঘ্যেতে বলয়াকারে জম্বুদ্বীপকে বেষ্টন করিয়াছে ও দৈর্ঘ্যের পরিমাণ শাস্ত্রোক্ত নহে কেননা গোলাকার ও লক্ষযোজন জম্বুদ্বীপের বেষ্টনে যত পরিমাণ হয় তাহা বুদ্ধিগম্য এবং সমুদ্রের মধ্যে অনেক উপদ্বীপ আছে ঐসকলের বর্ণনা শাস্ত্রে দৃষ্ট হয় না কিন্তু প্রয়োজনবশতঃ লঙ্কার বর্ণনা রামায়ণে আছে। এবং নৌকাদি কোনো উপায়দ্বারা লবণসমুদ্রের ওপারে মনুষ্য যাইতে পারে না কেননা চারিলক্ষ ক্রোশ জলপথ যাওনের উপায়াভাব।

শৈবে। প্লক্ষদ্বীপে প্লক্ষবৃক্ষঃ শাল্মলৌ শাল্মলিঃ স্মৃতঃ। কুশদ্বীপে কুশস্তম্বঃ ক্রৌঞ্চদ্বীপে মহাগিরিঃ। শাকদ্বীপে শাকবৃক্ষঃ পুষ্করে পুষ্করঃ স্মৃতঃ। সর্ব্বেষামেব দ্বীপানাং সপ্তসপ্তৈব পর্ব্বতাঃ। সপ্তৈব নদ্যস্তেষাস্তু বর্ষাণি সপ্ত সপ্তবৈ। নত্র রোগান জরা ন শোকা ন পরিশ্রমঃ।

মান্যাং স্ত্রিয়ং বিজ্ঞানন্তি চক্রবাকসধর্ম্মিণঃ। ত্রেতাযুগসমঃকালঃ সর্ব্বদৈব মহামতে। প্লক্ষদ্বীপাদিষু ব্রহ্মন্ শাকদ্বীপান্তকেষুবৈ। পঞ্চবর্ষ সহস্রাণি জনাজীবন্ত্যনাময়াঃ॥

অর্থঃ। প্লক্ষদ্বীপে এক পাকুড়বৃক্ষ আছে তন্নামেতে দ্বীপের নাম এবং সর্ব্বত্র। শাল্মলিদ্বীপে শাল্মলিবৃক্ষ ও কুশদ্বীপে বৃহৎ কুশস্তম্ব ও ক্রৌঞ্চদ্বীপে ক্রৌঞ্চপর্ব্বত ও শাকদ্বীপে শাকবৃক্ষ ও পুষ্করদ্বীপে পদ্মপুষ্পের মহাবৃক্ষ আছে এবং প্লক্ষদ্বীপঅবধি শাকদ্বীপপর্য্যন্ত পঞ্চদ্বীপে সপ্ত ২ প্রধান পর্ব্বত ও সপ্ত২ প্রধান নদী ও সপ্ত২ বর্ষ আছে ঐসকল বর্ষীয় লোকেরদিগের রোগ ও শোক ও জরা ও পরিশ্রম নাস্তি এ তাঁহারা পর স্ত্রীসেবন করেন না স্বস্ত্রীর সহিত যুগল চর এবং ঐপঞ্চদ্বীপে সর্ব্বদা ত্রেতাযুগের তুল্যকাল অতএব পঞ্চসহস্র বৎসরপর্য্যন্ত লোক বাঁচে।

বিষ্ণুপুরাণে। ক্ষারদেন যথাদ্বীপোজম্বুসংজ্ঞোভিবেষ্টিতঃ। সংবেষ্ট্য ক্ষারমুদধিং প্লক্ষদ্বীপস্তথা স্থিতঃ। জম্বুদ্বীপস্য বিস্তারঃ শতসাহস্রসম্মিতঃ। সএব দ্বিগুণোব্রহ্মন্ প্লক্ষদ্বীপে প্রুদাহৃতঃ। বর্ণস্তত্রাপি চত্বারস্তাম্নিবোধ দ্বিজোত্তম। আর্য্যকাঃ কুরবাশ্চৈব বিবিংশাভাবিনশ্চ য়ে। বিপ্রক্ষত্রিয় বৈশ্যাস্তে শূদ্রাশ্চ মুনিসত্তম। ইজ্যতে তত্র ভগবাংস্তৈর্বর্ণৈরার্য্যকাদিভিঃ। সোমরূপী জগৎস্রষ্টা সর্ব্বঃ সর্ব্বেশ্বরোহরিঃ।

অর্থঃ। লবণসমুদ্রের ওপারে প্লক্ষদ্বীপ সে দ্বিলক্ষ যোজন বিস্তৃত ও দৈর্ঘ্যেতে লবণসমুদ্রকে বেষ্টন করত আছে ও প্লক্ষদ্বীপে ব্রাহ্মণাদি চারি জাতি আছে কিন্তু তদ্দ্বীপীয় সংজ্ঞাতে ব্রাহ্মণকে আর্য্যক ও ক্ষত্রিয়কে কুরব ও বৈশ্যকে বিবিংশ ও শূদ্রকে ভাবি বলে ঐসকল জাতীয় মনুষ্যগণ চন্দ্রকে স্রষ্টা পাতা হর্ত্তা ঈশ্বর বলিয়া মানে ও চন্দ্ররূপেতে আরাধনা করে।

বিষ্ণুপুরাণে। প্লক্ষদ্বীপপ্রমাণেন প্লক্ষদ্বীপঃ সমাবৃতঃ। তথৈবেক্ষুরসোদেন পরিবেশানুকারিণা। শাল্মলেন সমুদ্রোসৌ দ্বীপেনেক্ষুরসোদকঃ। বিস্তারদ্বিগুণেনায়ং সর্ব্বতঃসংবৃতঃ স্থিতঃ। শাল্মলে যেতু বর্ণাশ্চ বসন্ত্যেতে মহামুনে। ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়াবৈশ্যাঃ শূদ্রাশ্চৈব যজন্তিতং। বায়ুভূতং মুখশ্রেষ্ঠৈর্যজ্বিনোযজ্ঞসংস্থিতং। এষদ্বীপঃ সমুদ্রেণ সুরোদেন সমাবৃতঃ। বিস্তারাচ্ছাল্মলস্যৈব সমেনতু সমন্ততঃ।

অর্থঃ। ইক্ষুরসসমুদ্রেতে প্লক্ষদ্বীপ বেষ্টিত আছে ঐসমুদ্র দ্বিলক্ষ যোজন বিস্তৃত এবং ঐসমুদ্র শাল্মলিদ্বীপেতে বেষ্টিত আছে শাল্মলি দ্বীপ চতুর্লক্ষ যোজন বিস্তৃত। শাল্মলিদ্বীপে ব্রাহ্মণাদি চারিজাতি আছে তাহারা বায়ুকে ঈশ্বর করিয়া মানে ও তাঁহাকে যজ্ঞেশ্বর বলিয়া যজ্ঞদ্বারা যজেন। শাল্মলিদ্বীপকে বেষ্টন করত সুরাসমুদ্র আছে ও সুরাসমুদ্র চতুর্লক্ষ যোজন বিস্তৃত।

বৈষ্ণবে। সুরোদকঃ পরিবৃতঃ কুশদ্বীপেন সর্ব্বতঃ। শাল্মলস্যতু বিস্তারাদ্দ্বিগুণেন প্রমাণতঃ। তত্রাপি বর্ণাশ্চত্বারোনিজানুষ্ঠানতৎপরাঃ। তত্রতেতু কুশদ্বীপে ব্রহ্মরূপং জনার্দনং। যজন্তঃ ক্ষয়য়ন্ত্যুগ্রমধিকারফলপ্রদং। তৎপ্রমাণেন সদ্বীপোঘৃতোদেন সমাবৃতঃ।

অর্থঃ। সুরাসমুদ্রকে বেষ্টন করত কুশদ্বীপ আছে কুশদ্বীপ অষ্টলক্ষ যোজন বিস্তীর্ণ। কুশদ্বীপে ব্রাহ্মণাদি চারিজাতি আছে তাহারা ব্রহ্মাকে পরমেশ্বর মানিয়া যজ্ঞদ্বারা যজত স্ব২ অধিকার দায়ক কর্ম্মফল ভোগ করত কর্ম্মক্ষয় করে। তথাহ ভোগঃ কর্ম্মবিনাশায়। এবং কুশদ্বীপঘৃত সমুদ্রেতে বেষ্টিত আছে ঘৃতসমুদ্র অষ্টলক্ষ যোজন বিস্তীর্ণ।

বৈষ্ণবে। ঘৃতোদশ্চ সমুদ্রোসৌ ক্রৌঞ্চদ্বীপেনসংবৃতঃ। কুশদ্বীপস্য বিস্তারাদ্দ্বিগুণোযস্য বিস্তরঃ। যাগৈরুদ্রস্বরূপস্থ ইজ্যতে যজ্ঞসন্নিধৌ। ক্রৌঞ্চদ্বীপ সমুদ্রেণ দধিমণ্ডোদকেনচ। আবৃতঃ সর্ব্বতঃ ক্রৌঞ্চদ্বীপ তুল্যেন মানতঃ।

অর্থঃ। ক্রৌঞ্চদ্বীপেতে সুরাসমুদ্র বেষ্টিত আছে ক্রৌঞ্চদ্বীপ ষোল লক্ষ যোজন বিস্তীর্ণ। ক্রৌঞ্চদ্বীপে ব্রাহ্মণাদি বর্ণেরা রুদ্ররূপি ঈশ্বরকে যজ্ঞদ্বারা যজেন এবং ক্রৌঞ্চদ্বীপকে বেষ্টন করত দধিসমুদ্র আছে দধি-সমুদ্র ষোললক্ষ যোজন বিস্তীর্ণ।

বৈষ্ণবে। দধিমণ্ডোদকশ্চাপি শাকদ্বীপেন সংবৃতঃ। ক্রৌঞ্চদ্বীপস্য বিস্তারাদ্দ্বিগুণেন প্রমাণতঃ। শাকদ্বীপেতু তৈর্বিষ্ণুঃ সূর্য্যরূপধরোমুনে। যথোক্তৈরর্চ্যতে সম্যক্ কর্ম্মভির্নিয়তাত্মভিঃ। শাকদ্বীপস্তু মৈত্রেয় ক্ষীরদেন সমন্ততঃ। শাকদ্বীপপ্রমাণেন বলয়েনেব বেষ্টিতঃ।

অর্থঃ। শাকদ্বীপেতে দধিসমুদ্র বেষ্টিত আছে শাকদ্বীপ বত্রিশলক্ষ যোজন বিস্তীর্ণ ঐ দ্বীপের ব্রাহ্মণাদ জাতেরা সূর্য্যরূপি ঈশ্বরকে কর্ম্মদ্বারা

অৰ্চনা করে। শাকদ্বীপকে বেষ্টন করত ক্ষীরসমুদ্র আছে ও ক্ষীরসমুদ্র বত্রিশলক্ষ যোজন বিস্তীর্ণ। এই ক্ষীরসমুদ্র পূর্ব্বে অমৃতার্থ মথিত হইয়াছিল তাহাতে চন্দ্র ও বিষ ও অপসর ও উচ্চৈঃশ্রবা ও সুরভি ও পারিজাত ও ধন্বন্তরি ও অমৃত ও লক্ষ্মী উৎপন্ন হইলেন। ঐ ক্ষীরসমুদ্রের মধ্যে শ্বেত নামে এক দ্বীপ আছে তন্মধ্যে অপূর্ব্বা পুরী তথায় লক্ষ্মীর সহিত শ্রীহরি বিরাজমান তিনিই বিশ্বপালক বিষ্ণু।

বৈষ্ণবে। ক্ষীরাব্ধিঃ সর্ব্বতোব্রহ্মন্ পুষ্করাখ্যেণ বেষ্টিতঃ। দ্বীপেন শাকদ্বীপাত্তু দ্বিগুণেন সমন্ততঃ। একস্তত্র মহাভাগ প্রখ্যাতোবর্ষপর্ব্বতঃ। মানসোত্তরসংজ্ঞোযসৌ মধ্যতোবলয়াকৃতিঃ। দশবর্ষসহস্রাণি তত্র জীবন্তি মানবাঃ। নিরাময় বিশোকাশ্চ রাগদ্বেষবিবর্জ্জিতাঃ। তুল্যারূপাস্ত মনুজাদেবৈস্তত্রৈকরূপিণঃ। বর্ণাশ্রমাচারহীনং ধর্ম্মাহরণবর্জ্জিতং। বর্ষদ্বয়ন্তু মৈত্রেয় ভৌমঃ স্বর্গোয়মুত্তমঃ। ভোজনং পুষ্করদ্বীপে তত্র স্বয়মপস্থিতং। স্বাদূদকেনোদধিনা পুষ্করঃ পরিবেষ্টিতঃ। সমেন পুষ্করস্যৈব বিস্তারান্মণ্ডলাত্তথা।

অর্থঃ। ক্ষীরসমুদ্রকে বেষ্টন করত পুষ্করদ্বীপ আছে সে দ্বীপ বিস্তারে চৌষট্টিলক্ষ যোজন ঐ দ্বীপের মধ্যে মানসোত্তর নামে এক পর্ব্বত আছে সে পর্ব্বত দ্বীপসম দীর্ঘ ঐপর্ব্বতের উভয়পার্শ্বে উভয়বর্ষ ঐউভয়বর্ষ ভূস্বর্গ ও তত্রস্থ মানব সকলই একরূপ ও দেবতুল্য ও অরোগ ও অশোক ও অরাগ ও অদ্বেষ ও তাঁহারদিগের পরমায়ু দশবর্ষ সহস্র এবং ঐ দ্বীপে ব্রাহ্মণাদি বর্ণোক্ত ও ব্রহ্মচর্য্যাদি আশ্রমোক্ত ক্রিয়াকলাপ নাস্তি কাম্য কর্ম্মও নাস্তিএবং ভোজনীয় দ্রব্য স্বয়ং উপস্থিত হয়। পুষ্করদ্বীপ স্বাদুজল সমুদ্রেতে বেষ্টিতআছে ঐ সমুদ্র চৌষট্টিলক্ষ যোজন বিস্তীর্ণ।।

বৈষ্ণবে। স্বাদূদকস্য পুরতোদৃশ্যতে লোকসংস্থিতিঃ। দ্বিগুণা কাঞ্চনী ভূমিঃ সর্ব্বজন্তুবিবর্জ্জিতা। লৈঙ্গে। তস্যাঃ পরেণ শৈলস্তু মর্য্যাদাস্তোনমণ্ডলঃ। অর্ব্বাচীনেতু তস্যার্দ্ধে চরন্তি রবিরশ্ময়ঃ। পরার্দ্ধেতু তমোনিত্যং লোকালোকস্ততঃস্মৃতঃ।

অর্থঃ। স্বাদুজল সমুদ্রের ওপারে স্বর্ণময়ী ভূমি আছে সে ভূমি দুই খণ্ড ও স্বাদুজল সমুদ্রের তীর অবধি প্রথমখণ্ডে দেবরূপি লোকদিগের

বসতি ও দ্বিতীয়খণ্ডে সর্ব্বপ্রাণির নিবাস শূন্য কিন্তু দেবতারা সেখানে কখনং আগমন করিয়া ক্রীড়া করেন। তাহারপর পৃথিবীর সীমাপর্ব্বত ঐ পর্ব্বতের এপার্শ্বে রবিরশ্মির গমন আছে ওপার্শ্বে গমনাভাব অতএব এপার্শ্বে লোক অর্থাৎ আলো ওপার্শ্বে অলোক অর্থাৎ অন্ধকার এই-কারণ ঐ পর্ব্বতের নাম লোকালোক। ঐ পর্ব্বত ভূমণ্ডলকে মণ্ডলাকারে সর্ব্বদিগে বেষ্টন করত আছে তাহার বাহিরে ব্রহ্মাণ্ড। ইতিভূমণ্ডলবর্ণনং।

অথ পাতালবর্ণনা।

বিষ্ণুপুরাণে। দশসাহস্রমেকৈকং পাতালং পরিকীর্ত্তিতং। তেষু দানবদৈতেয়জাতয়ঃ শতসংঘশঃ। নিবসন্তি মহানাগজাতয়শ্চ মহামনে। অর্থঃ। পূর্ব্বে কথিত অতল ও বিতল ও সুতল ও তলাতল ও মহাতল ও রসাতল ও পাতাল এইসপ্ত পাতাল লোক পৃথিবীর নীচে আছেএবং ঐ সপ্তলোকের প্রত্যেক লোক দশং সহস্র যোজন পরিমিত। ঐ সপ্তলোকে বহুং দৈত্য ও দানব জাতিরা ও সর্প ও নাগজাতিরা বাস করে। অপরঞ্চ সৃষ্টিকর্ত্তার নিরূপিতস্থান পাতালে দৈত্য ও দানবেরা বাস করে বটে কিন্তু তাহারা অতিবলবন্ত অতএব বলপূর্ব্বক স্বর্গ ও পৃথিবী ও পাতাল সর্ব্বত্র অধিকার করিয়া রাজ্য করে। যথা তারক তারকাক্ষ বিদ্যুন্মালী ময় ত্রিপুর অন্ধক হিরণ্যাক্ষ হিরণ্যকশিপু বলি বৃত্র শুম্ভ নিশুম্ভ জম্ভ মধু কৈটভ মহিষ দুর্গ দৈত্যাদি ইহারা ত্রিলোক বিজয়ি ও বহুমায়াবি ও মহাবলবন্ত ও মহা ঐশ্বর্য্যবন্ত ছিল কিন্তু দুর্গদৈত্য সকলহইতে অধিক ও তত্তুল্য কেহ নভূত নভাবী নবর্ত্তমান কেননা সে চতুর্দ্দশ ভুবনে আধি-পত্য করিয়াছিল অতএব তাহার বৃত্তান্ত কিঞ্চিৎ কহি।।

অথ দুর্গদৈত্য বধহেতুক দুর্গা নাম।

কাশীখণ্ডে। কথং দুর্গেতি বৈ নাম দেব্যাজাতামুমামৃত। কথঞ্চ কাশ্যাং সা সেব্যা সমাচক্ষ্বেতি মামিহ। স্কন্দউবাচ। কথয়ামি মহাবুদ্ধে যথা কলসসম্ভব। দুর্গানামাভবদ্দেব্যা যথা সেব্যাচ সাধকৈঃ। দুর্গোনাম মহাদৈত্যোরুরু দৈত্যাংশজোভবৎ। যশ্চ তপ্ত্বা তপস্তীব্রং পুংভ্যোজেয়-ত্বমাপ্তবান। ততস্তেনা খিলালোকা ভূর্ভুবঃ স্বর্মুখা অপি। স্বসাৎ কৃতাবিনি-র্জিতা রণেস্বভুজসারতঃ। স্বয়মিন্দ্রঃ স্বয়ং বায়ুঃ স্বয়ং চন্দ্রঃ স্বয়ং যমঃ।

স্বয়মগ্নিঃস্বয়ং পাশী ধনদো ভূতস্বয়ং বশী। স্বয়মীশানরুদ্রার্কবসূনাং পদ মাবদে। তৎসাধ্বসাদ্বিমুক্তানি তপাংস্যপি তপস্বিভিঃ। নবেদাধ্যয়নং চক্রুর্ব্রাহ্মণাস্তদ্ভয়ার্দিতাঃ। যজ্ঞবাটাবিনির্ধ্বস্তাস্তদ্ভটৈরতিদুঃসহৈঃ। প্রসভঞ্চ পরস্বানি চাপাহৃত্য দুরাসদাঃ। অভক্ষিযদ্দুরাচারাঃ ক্রূরকর্ম্মপরিগ্রহাঃ। নদ্যোবিমার্গগাআসন জ্বলন্তি নতথাগ্নয়ঃ। জ্যোতিংষি নপ্রদীপ্যন্তি তদ্ভয়া লুলিতান্যহো। ধর্ম্মক্রিয়াবিলুপ্তাশ্চ প্রবৃত্তাঃ সুকৃতেতরাঃ। তএব জলদাভূয়োববর্ষুর্নিজলীলয়া। সস্যানি তদ্ভয়াংসূতে ত্বনুপ্তাপি বসুন্ধরা। দিবৌকসঃ কৃতান্তেন সমস্তাঃ কাননৌকসঃ। ভ্রষ্টরাজ্যাথ বিবুধা মহেশং শরণং গতাঃ। সর্ব্বজ্ঞেন ততোদেবী প্রেরিতাসুরমর্দনে। মাহেশ্বরীং সমাসাদ্য ভবান্যাজ্ঞাং প্রহৃষ্টবৎ। অমর্ত্যানভয়ংদত্ত্বা সমরায়োপচক্রমে॥

অর্থাৎ। অগস্ত্যমুনি কার্ত্তিকের নিকট জিজ্ঞাসা করিলেন হে উমাসুতা উমা ভবানীর নাম দুর্গা কিকারণ হইল এবং ভগবতী কাশীতে পূজ্যা কিকারণ হইলেন তখন স্কন্দ বলিলেন আমি তাহা কহি শ্রবণ কর। পূর্ব্বে রুরুনামক দৈত্যছিল ও রুরুর পুত্র হইল দুর্গ সে অতিকঠোর তপস্যা করিয়া ব্রহ্মার বরে সকল পুরুষকর্তৃক অজেয় হইল অনন্তর দুর্গ দৈত্য স্ববাহুবলেতে ভূর্লোক ও ভুবর্লোক ও স্বর্লোকাদি নিবাসি সকলকে যুদ্ধে জয় করিল এবং ঐ সকললোক স্বাধীন করিল। পরে ইন্দ্র চন্দ্র বায়ু বরুণ কুবের যম অগ্নি ঈশান অর্ক বসুদিগের পদগ্রহণ করিয়া তত্তৎপদের কর্ম্ম স্বয়ং করিতে লাগিল এবং ঐ দুর্গের ভয়ে তপস্বিরা তপস্যা ত্যাগ করিলেন ও ব্রাহ্মণেরা বেদাধ্যয়ন ত্যাগ করিলেন এবং দুষ্ট দুর্গ দৈত্যের দুষ্ট দুঃসহ সৈন্যেরা যাজ্ঞিকদিগের যজ্ঞধ্বস্ত করিল ও হঠাৎ পর ধন হরণ করিয়া ভোগ করিতে লাগিল। এতদ্রূপে সকল ধর্ম্মকর্ম্ম লুপ্ত হইল ও পাপ কর্ম্ম প্রবৃত্ত হইল। ঐ দৈত্যের ভয়ে নদীসকল বিপথগামিনী হইল ও অগ্নিতাদৃশ জ্বলেন না ও সূর্য্য চন্দ্র নক্ষত্রাদি তাদৃক প্রকাশ করেন না এবং দৈত্যেরা স্বয়ং মেঘরূপ হইয়া নিজলীলাতে বৃষ্টি বর্ষে ও পৃথ্বী ভয়েতে বিনা বীজবপনে সস্য জন্মান তখন স্বর্গবাসি দেবগণ বনবাসি হইলেন। এতদ্রূপে ঐদৈত্য কতক কাল ত্রৈলোক্যে রাজ্য

করিতেছে তখন ভ্রষ্টরাজ্য দেবতারা মহেশের নিকট শরণাপন্ন হইলেন এবং সর্ব্বজ্ঞ মহেশ্বর জ্ঞানদ্বারা জানিলেন যে দুর্গদৈত্য পুরুষের অজেয় অতএব মহেশ্বর মহেশ্বরীকে দৈত্যবধার্থ প্রেরণ করিলেন তখন মহেশের আজ্ঞা পাইয়া মহেশী দেবী দেবতার দিগকে অভয় প্রদান করিয়া যুদ্ধের উদ্যোগ করিতে লাগিলেন।

কালরাত্রীং সমাহূয় কান্ত্যা ত্রৈলোক্যমোহিনীং প্রেষয়ামাস রুদ্রাণী তমাজ্ঞাতুং সুরদ্রুহং। কালরাত্রী সমাসাদ্য তং দৈত্যং দুষ্টচেষ্টিতং। উবাচ দৈত্যাধিপতে ত্যজ ত্রৈলোক্যসম্পদং। ত্রিলোকীং লভতামিন্দ্রস্তুং যাহি রসাতলং। প্রবর্ত্তন্তাং ক্রিয়াঃ সর্ব্ববেদোক্তাবেদবাদিনাং। অথ তে গর্ব্বলেশোস্তি তদা যাহি সমাজয়ে। অথবা জীবিতাকাঙ্ক্ষী তমিন্দ্রং শরণং ব্রজ। ইতি বক্তুং মহাদেব্যা মহামঙ্গলরূপয়া। ত্বদন্তিকং প্রেষিতাহং মৃত্যুস্ত্বামপেক্ষতে। অতোযদুচিতং কর্ত্তুং তদ্বিধেহি মহাসুর। পরংহিতং চেৎ মৃণু জীবগ্রাহং ততোব্রজ। ইত্যাকর্ণ্য বচো দেব্যা মহাকাল্যাঃ সদৈত্যরাট্। প্রজজ্বাল তদা ক্রোধাদাহচৈতাং গৃহ্যতামিয়ং। ত্রৈলোক্যমোহিনী চাষা প্রাপ্তা মদ্ভাগ্যগৌরবাৎ। এতদর্থংহি দেবর্ষিনৃপাবন্দীকৃতাময়া। অনায়াসেন মে প্রাপ্তা গৃহমেষা শুভোদয়া। অবশ্যং যস্য ভোগ্যাস্ত যত্নস্যেহোপতিষ্ঠতে। অন্তঃপুরচরাএনাং নয়ন্ত্ব ন্তঃপুরং মহৎ॥

অর্থঃ। ভগবতী তখন কালরাত্রিকে ডাকিয়া ঐদেবদ্রোহি দৈত্যাকে আজ্ঞা করণার্থ প্রেরণ করিলেন এবং কান্তিতে ত্রৈলোক্যমোহিনী কাল রাত্রি গমন করিয়া দুষ্ট দৈত্যকে দৈত্য সভামধ্যে বলিলেন হে দৈত্য রাজ মহামঙ্গলরূপা মহাদেবী তোমার নিকট এইবাক্য বলিতে আমাকে প্রেরণ করিয়াছেন যে মহাসুর তুমি ত্রৈলোক্য সম্পত্তি ত্যাগ কর ও ইন্দ্র ত্রৈলোক্য প্রাপ্ত হউন ও তুমি রসাতলে যাও এবং বেদোক্ত যজ্ঞাদিক্রিয়া চলুক। যদি তোমার দর্পের লেশও থাকে তবে যুদ্ধ করিতে যাও তুমি যদি জীবন আকাঙ্ক্ষ কর তবে ইন্দ্রের শরণাপন্ন হও কিন্তু মৃত্যু তোমার অপেক্ষা করিতেছেন। অতএব যাহা উচিত হয় তাহা কর কিন্তু হিতবাক্য যদি শুন তবে আপন প্রাণ লইয়া পলাও। মহারাত্রির এই-

বাক্য শুনিয়া ঐ দৈত্যরাজ মহাক্রোধে জ্বলিল ও অন্তঃপুররক্ষক সৈন্য গণকে আজ্ঞা করিল ধর২ ইহাকে ধর এই ত্রৈলোক্যমোহিনী আমার ভাগ্যে আমার গৃহে উপস্থিতা হইয়াছে এবং এইনিমিত্ত আমি দেবতা ও ঋষি ও রাজার দিগকে বন্দী করিয়া রাখিয়াছি তাহাতে অনায়াসে ইনি শুভোদয়া আমার গৃহে উপস্থিতা কেননা যাহার যাহা অবশ্য ভোগ্য তাহা তাহার নিকটে অবশ্য উপস্থিত হয় অতএব অন্তঃপুরস্থা দাসীরা ইহাঁকে অন্তঃপুরে প্রবেশ করাউক্॥

কালরাত্র্যুবাচ। দৈত্যরাজ মহাপ্রাজ্ঞ নৈতদ্যুক্তং ভবাদৃশাং। বয়ংদূত্যঃ পরবশারাজনীতিবিদুত্তম। অল্পোপিদূত সংবাধাং নবিদধ্যাৎ কদাচন। কিংপুনর্য্যে ভবাদৃক্ষামহান্তো বলিনোধিপাঃ। দূতীষু কোনুরাগোয়ং মহারাজাল্পিকাস্বিহ। বিজিত্য সমরে তাস্তু স্বামিনীং মম দৈত্যপ। মাদৃশীনাং সহস্রাণি পরিভুঙ্ক্ষ যথেচ্ছয়া। অদ্যৈব তে মহাসৌখ্যং ভাবি তস্যাবিলোকনাৎ। সম্পৎস্যন্তেদ্য তেকামাঃ সর্ব্বে যে চৈব চিন্তিতাঃ। অবলা সাতিমুগ্ধা চ তস্যাস্ত্রাতা নকশ্চন। সর্ব্বরূপময়ী চৈব তাং ভবান্ দ্রষ্টুমর্হতি। অহংহি দর্শয়িষ্যামি যত্রাস্তি সাজগৎখনিঃ। অহন্তে সন্নিধিষ্বেব তাস্ক্যামাদ্যাদি নাবধি। অতোনিবারয়ৈতাংস্ত্বং দৈত্যান্ সৌবিদল্লকান্। ইতিশ্রুত্বা বচস্তস্যাঃ সকামক্রোধমোহিতঃ। তামেব বহুমং স্থৈকাং দূতীং মৃত্যুমিবাসুরঃ। ইতি তেন সমাদিষ্টাঃ সর্ব্বে খর্ববরামুনে। তাংসর্ব্বেগ্রুদ্যমং চক্রুর্বলেন বলবত্তরাঃ। সাতান্ ভস্মী চকারাশু হুঙ্কার জ্বলিতাগ্নিনা।

অর্থঃ। তখন কালরাত্রি কহিলেন হে দৈত্যরাজ হে মহাবিজ্ঞ আপনকার সদৃশ ব্যক্তিরদের এ কর্ম্ম উপযুক্ত নহে কেননা হে রাজনীতিবিজ্ঞত্তম আমরা দূতী পরবশা এবং যে ব্যক্তি অতিক্ষুদ্র তৎকর্তৃক ও দূতের পীড়া অকর্ত্তব্য ও যাঁহারা মহারাজের তুল্য মহান্ত ও বলবন্ত ও কর্ত্তৃত্ববন্ত তাঁহারদিগের কথা আর কি কহিব এবং হে মহারাজ ক্ষুদ্রা দূতীর প্রতি আপনকার এ কি অনুরাগ হে দৈত্যরাজ আমার কর্ত্রীকে যুদ্ধে জয় করিয়া আমার মত সহস্র২ সুন্দরীকে ভোগ কর এবং অদ্যাই তাঁহার দর্শনেতে তোমার মহাআনন্দ জন্মিবে ও তোমার মনে যে২ অভিলাষ চিরকাল আছে তাহাও সম্পন্ন হইবেক এবং তিনি অবলা ও অতিমুগ্ধা ও তাঁহার

রক্ষক কেহ নাই ও তিনি সর্ব্বরূপময়ী অতএব তাঁহার দর্শন অবশ্য কর্ত্তব্য ও সর্ব্বজগতের কারণরূপা সেই ভগবতী যেস্থানে আছেন তোমাকে তাহা দর্শাইব ও অদ্যঅবধি আমি তোমার নিকট ত্যাগ করিব না অতএব হে দৈত্যেশ্বর এই প্রেরিত সৈন্যগণকে নিবারণ করুন। কালরাত্রির এইবাক্য শুনিয়া অসুর কাম ও ক্রোধেতে মোহিত হইয়া ঐ কালরূপিণী কালরাত্রি একা দূতীকে বদ্ধ করিয়া মানিল অতএব অন্তঃপুররক্ষক সৈন্যগণকে আদেশ করিল তাহারা অতিবলবন্ত ও অতিউল্বন কালরাত্রিকে ধরিতে আইল তখন কালরাত্রি হুঙ্কার করিলেন তাহাতে বড়অগ্নি জলিয়া ঐত্রিশ সহস্র সৈন্যকে দগ্ধ করিল।

ততো দৈত্যপতিঃ ক্রুদ্ধোদৃষ্ট্বা তান্ ভস্মসাৎকৃতান্। ক্ষণেনৈব তয়া দূত্যা দৈত্যাংস্ত্র্যযুতসম্মিতান্। দৃশা ব্যাপারয়া মাস দুর্দ্ধরং দুর্ম্মুখং খরং। শীরপাণিং পাশপাণিং সুরেন্দ্রদহনং হনুং। যজ্ঞারিং খড়্গলোমানমুগ্রাস্যং দেবকম্পনং। বদ্ধ্বা পাশৈরিমাং দুষ্টামানয়ন্ত্বাশু দানবাঃ। ইতি দৈত্যাধিপাদেশাদ্দুর্দ্ধরপ্রমুখাস্ততঃ। পাশাসিমুদ্গরধরাস্তামাদাতুং কৃতোদ্যমাঃ। দিগন্তং তে পরিপ্রাপ্তাস্তদুচ্ছ্বাসানিলাহতাঃ তেষূড্ডীনেষু দৈত্যেষু শতকোটিমিতেষু চ। নির্জগাম ততঃ সা তু কালরাত্রির্নভোধ্বগা। ততস্তান্তু বিনির্যাতামনুজগ্মুর্মহাসুরাঃ। কোটিকোটিসহস্রাণি পুররক্ষাতুরো দৈঃ। দুর্গো নাম মহাদৈত্যঃ শতকোটিরথাবৃতঃ। গজানামর্ব্বুদশতদ্বয়েন পরিবারিতঃ। কোট্যর্ব্বুদেন সহিতো হয়ানাং বাতরংহসাং। পদাতিভিরসংখ্যাতৈঃ প্রচূর্ণিতশিলোচ্চয়ৈঃ।

অর্থঃ। দৈত্যপতি দেখিলেন যে দূতী কামিনী নহে কিন্তু কালরূপা কেননা একক্ষণে তিনঅযুত দৈত্যকে ভস্মসাৎ করিল তখন দৈত্যরাজ ক্রুদ্ধ হইল এবং দুর্দ্ধর দুর্ম্মুখ খর শীরপাণি পাশপাণি সুরেন্দ্রদহন হনুযজ্ঞারি খড়্গলোম উগ্রাস্য দেবকম্পন ইত্যাদি শতকোটি দানবকে জভঙ্গেতে আজ্ঞা করিলেন যে এই দুষ্টাকে পাশেতে বদ্ধ করিয়া আন শীঘ্র আন। দৈত্যেশ্বরের আজ্ঞাতে দুর্দ্ধরাদি দৈত্যেরা পাশ ও অসি ও মুদ্গরাদি নানা অস্ত্রশস্ত্র ধারণ করিয়া দূতীকে ধরিতে উদ্যত হইলে কালরাত্রি প্রশ্বাস ফেলিলেন তাহাতে বায়ু নির্গত হইয়া ঐ শতকোটি দানবকে দশ-

দিগে উড়িইয়া ফেলিল পরে কালরাত্রি আকাশপথে ভগবতীর নিকট গমন করিলেন। অনন্তর ৫ ।টি২ সহস্র দৈত্য তৎপশ্চাৎ যুদ্ধার্থ গমন করিল এবং দুর্গদৈত্য শতকোটি রথওদুইশতঅর্বুদ গজ ও কোটিঅর্ব্বুদ অশ্বেতে আবৃত হইয়া চলিল পদাতিক সৈন্যের সংখ্যা হয়না তাহাতেএই কহিয়াছেন যে ঐ সৈন্যের গমনেতে পথের পর্ব্বত সকল চূর্ণ হইয়াছিল।

অথ দৃষ্ট্বা মহাদেবীং বিন্ধ্যাচলকৃতালয়াং। আগত্য কালরাত্র্যাচ নিবেদিততদাগমাং। মহাভুজসহস্রাঢ্যাং মহাতেজোভিবৃংহিতাং। উদ্যদস্ত্রাবৎপ্রহরণাং বাণকৌতুকসাদরাং। প্রোদ্যচ্চন্দ্রসহস্রাংশুনির্ম্মার্জ্জিতশুভাননাং। লসৎসৌন্দর্য্যসম্ভারজগন্মোহমহৌষধিং। বিষমেষুশরৈর্ভিন্নহৃদয়োদৈত্যপুঙ্গবঃ। আদিদেশমহাদৈত্যান্স্বয়ম্ভানুপ্রশাসনঃ।

অর্থঃ। এখানে কালরাত্রি আগমন করিয়া ভগবতীর নিকটে বিজ্ঞাপন করিলেন যে সসৈন্য দুর্গদৈত্য যুদ্ধার্থ আসিতেছে। পরে দুর্গদৈত্য আসিয়া বিন্ধ্যপর্ব্বতের উপর ভগবতিকে দেখিল যে সহস্র মহাভুজবিশিষ্টা ও মহাতেজোরাশিতে বর্দ্ধমানা ও সকল অস্ত্রশস্ত্রেতে উদ্যতা ও বাণগণের কৌতুকদর্শিনী এবং উদিত সহস্র পূর্ণচন্দ্রের নিস্তেজকারিমুখশ্রী ও শরীরের সৌন্দর্য্যেতে জগন্মোহিনী। এতদ্রূপা দেবীর দর্শন করিয়া দুর্গদৈত্য তৎক্ষণাৎ কামবাণে বিদ্ধহৃদয় হইল ও নিজ মহাদৈত্যগণকে আদেশ করিল যে এই জগন্মোহিনী সুন্দরীকে শীঘ্র ধরিয়া আন।

ভবৎসু তেষু চান্যেষু যোগ্রতাং বিন্ধ্যবাসিনীং। ধৃত্বানেষ্যতি বদ্ধ্বাবা বলেনাপি ছলেনবা। তস্যাহমিন্দ্রপদবীমদ্য দাস্যাম্যসংশয়ং। ইত্যাকর্ণ্য বচস্তস্য দুর্গস্য দনুজেশিতুঃ। প্রোচুঃ সর্ব্বে তদা দৈত্যাঃ প্রবদ্ধকরসম্পুটাঃ। অবধেহি মহারাজ কিমেতৎ কর্ম্ম দুষ্করং। অনাথায়া স্থৈকস্যাঅবলায়াবিশেষতঃ। অস্যা আনয়নে কোয়ং মহাযত্নবিধিৰ্বিভো। অম্লানলম্ব কালাগ্নি মহাজ্বালাবলী সমান্। সংহৃত ত্রিষু লোকেষু ত্বৎপ্রসাদাৎ কৃতাদ্যমান্। মহর্জনস্তপঃ সত্যলোকাস্তদধিকারিণঃ। তত্রাপ্যসাধ্যং নাস্মাকং ত্বন্নিদেশান্মহাসুর। বৈকুণ্ঠনায়কো নিত্যং ত্বদাজ্ঞাপরিপালকঃ। যানিরম্যাণি রত্নানি তানি সংপ্রেষয়েন্মুদা। অস্মাভিরেবসংত্যক্তঃ কৈলাসাধিপতিঃ স্মরৈ। বিষাশী চাতিনির্মুক্তোভস্মকৃত্তিবিভূষণঃ। অর্দ্ধাঙ্গেনাস্মকস্য

স্তোযোষিদেকানিগূহিত। সমুদ্রা রত্নসংভারং প্রত্যহং প্রেষয়ন্তিচ। নাগা বরাকাশ্চাস্মাকং সায়ং সায়ংস্বয়ংপ্রভো। প্রদীপয়ন্তি সততংফণারত্নৈঃ প্রদীপয়ন্। কল্পদ্রুমঃ কামগবী চিন্তামণিগণাবহু। তব প্রসাদাদস্মাকমপি তিষ্ঠন্তি বেস্মসু। বায়ুর্ব্যজনতাধৌতৈস্ত্বাং সেবেত প্রযত্নতঃ। স্বচ্ছান্যম্বূনি বরুণঃপ্রত্যহংপূরয়ত্যহো। বাসাংসিক্ষালয়েদগ্নিশ্চন্দ্রশ্ছত্রধরঃস্বয়ং সূর্য্যঃ প্রকাশয়েন্নিত্যং ক্রীড়াবাপাম্বুজানিচ। সর্ব্বেত্বামুপজীবন্তি সুরাসুর খগাদয়ঃ।

অর্থঃ। নিকটস্থ ও দূরস্থ ও দেশস্থ সকল দৈত্যের প্রতি দুর্গদৈত্য বলিলেন যে তোমারদের ও তাহারদের ও অন্যেরদের মধ্যে যে ব্যক্তি বল দ্বারা বা ছলদ্বারা এই বিন্ধ্যবাসিনী দেবীকে ধরিয়া আনিতে পারে তাহাকে আমি তৎক্ষণাৎ ইন্দ্রপদ প্রদান করিব। ইহা শুনিয়া বড়২ দৈত্যগণ কৃতাঞ্জলি হইয়া বলিতে লাগিল হে প্রভো মহারাজ অবধান করুন এই অনাথাও একাকিনী ও অবলার আনয়ন দুষ্করকর্ম্ম নহে অতএব ইহাতে মহাযত্নের প্রয়োজন নাই। কেননা প্রলয়কালীন প্রদীপ্ত অগ্নির মহাজ্বালা পংক্তির সদৃশ যুদ্ধার্থে উদ্যত আমারদিগকে ত্রিলোকের মধ্যে তোমার প্রসাদে কে সহিতে পারিবে। হে মহাসুর ত্রিলোক তোমার বশীভূত এবং মহর্লোক ও জনলোক ও তপোলোক ও সত্যলোকেও তোমারই অধিকার ও তোমার আজ্ঞাতে সেসকলস্থানে আমারদের অসাধ্য কিছুই নাই। এবং বৈকুণ্ঠনাথ তোমার আজ্ঞাপালন করিয়া রমণীয় রত্নসকল হর্ষপূর্ব্বক প্রেরণ করেন। কৈলাসাধিপতিকে আমরা ত্যাগ করিয়াছি কেননা তিনি বিষভোজী ও ভস্ম ও চর্ম্মেতে ভূষিত ও জীবন্মুক্তস্বভাব ও যদিবা একটি স্ত্রী ছিল তাহাকেও আমারদেরভয়ে অর্দ্ধাঙ্গেতে গোপন করিয়াছেন অতএব তাঁহার কাছে আমরা কি পাইব। সপ্তসমুদ্র নানারত্নগণ আমারদের নিকটে প্রত্যহ প্রেরণ করে ও নাগেরা অতিতুচ্ছ অতএব প্রতিদিন সায়ংকালে ফণামণির দ্বারা আমারদের প্রদীপ জ্বালে এবং কল্পবৃক্ষ ও কামধেনু ও চিন্তামণিগণ বহু২ তোমার প্রসাদে আমারদের গৃহে২ আছে এবং বায়ু পাংখা করত ও স্থানপরিষ্কার করত নিত্য তোমার সেবা করে। বরুণ নির্ম্মলজল নিত্য যোগান্ ও অগ্নি তোমার বস্ত্র

নির্ম্মল করে ও চন্দ্র তোমার ছত্রধরে ও সূর্য্য প্রত্যহ তোমার ক্রীড়নীয় দীর্ঘিকার পদ্ম ও কুমুদ পুষ্প প্রস্ফুটিত করে। এতদ্রূপ সুর অসুর খগ নাগ কিন্নর যক্ষ রক্ষঃ প্রভৃতি ব্রহ্মাণ্ডস্থ সকলই তোমার সেবা করে অত এব মহারাজ আমারদিগের পৌরুষ দেখুন আমরা এই অবলাকে বলপূ-র্ব্বক ধরিয়া আনি।

ইত্যুক্ত্বা যুগপৎ সর্ব্বে ক্রুদ্ধাস্তোয়ধয়োযথা। সম্বর্ত্তকালে সংসাদ্য প্লাবিতাং জগতীমিমাং। রণতূর্য্যনিনাদশ্চ সমুত্তস্থৌ সমন্ততঃ। রোমাঞ্চিতাশ্চ তচ্ছ্রু-ণাৎ কাতরাশ্চাপ্যকাতরাঃ। ততোদেবাভয়ত্রস্তাশ্চ কম্পেচ বসুন্ধরা। ততো ভগবতী দেবী স্বশরীরসমুদ্ভবাঃ। শক্তীরুৎপাদয়ামাস শতশোথ সহস্রশঃ। শস্ত্রাস্ত্রাণি মহাদৈত্যৈর্যান্যুৎসৃষ্টানি সঙ্গরে। তাভিঃ শক্তিভিরুগ্রাণি তৃণী কৃত্য হতানি বৈ। ততোতিকোপপূর্ণাস্তে জম্ভমুখ্যাসুরাদয়ঃ। অসিচক্র ভুশুণ্ডীভির্গদাতোমরমুদ্গরৈঃ। ভিন্দিপালৈশ্চ পরিঘৈর্দণ্ডৈঃ শৈলৈশ্চ শ-ক্তিভিঃ। অর্দ্ধচন্দ্রৈঃ ক্ষুরপ্রৈশ্চ নারাচৈশ্চ শিলীমুখৈঃ। মহাভল্লৈঃ পরশু ভির্ভিন্দুরৈর্ম্মর্ম্মভেদিভিঃ। বৃক্ষোপলমহাবর্ষৈর্ববর্ষুর্জ্জলদাইব।

অর্থঃ। ঐ কথা কহিয়া দৈত্যসৈন্যসকল এককালে যুদ্ধার্থ উদ্যত হইল ও মহাপ্রলয়কালে সমুদ্র পৃথিবীকে জলপ্লাবিতা করণার্থ যদ্রূপ উথলে তদ্রূপ উঠিয়া চলিল ও সর্ব্বত্র রণতূরীগণের বাদ্য হইল ঐ বাদ্যের শব্দেতে পৃথিবীস্থ লোক রোমাঞ্চিত হইল ও অকাতর ব্যক্তিরাও কাতর হইল এবং দেবতারা তখন ভয়েতে ত্রস্ত ও পৃথিবী কম্পমানা হইলেন। অনন্তর ভগবতী স্বশরীরহইতে শত২ সহস্র২ শক্তি উৎপাদন করিলেন তখন দৈত্যসৈন্যেরা যেসকল অস্ত্র শস্ত্র যুদ্ধে প্রহার করিয়াছিল ঐসকল তৃণতুল্য করিয়া সেই শক্তিসকলে তাবৎ নষ্ট করিলেন। তাহা দেখিয়া জম্ভপ্রভৃতি অসুর ও দৈত্য ও দানবেরা মহাক্রুদ্ধ হইয়া অসি চক্র ভুষুণ্ডী গদা তোমর মুদ্গর ভিন্দিপাল পরিঘ দণ্ড শৈল্য শক্তি অর্দ্ধচন্দ্র ক্ষুরপ্র নারাচ শিলীমুখ মহাভল্ল পরশু ভিন্দুর মর্ম্মভেদি বৃক্ষ শিলাসকল প্রহার করিতে লাগিল যেমন মেঘেরা মহাবৃষ্টি বর্ষে তেমন অর্থাৎ অনবরত অসংখ্য অস্ত্রশস্ত্রাদি পড়িতে লাগিল।

অথ সা নিশ্বানিলয়া মহামায়া মহেশ্বরী। আদায়োদ্দণ্ড কোদণ্ডং বায়-

ব্যাস্ত্রেণ হেলয়া। দৈত্যাস্ত্রশস্ত্রজালানি পরিচিক্ষেপ দূরতঃ। ততোমহা সুরোদুর্গাবীক্ষ্য দৈন্যং নিরায়ুধং। জ্বলন্তীং শক্তিমাদায় তাং দেবীং প্রতি মোক্ষিপৎ। তান্ত শক্তিং সমায়ান্তীং মহাবেগবতীং রণে। নিজচাপবিনির্মুক্তৈর্বাণৈশ্চূর্ণী চকার সা। ভগ্নাংশক্তিংসমালোক্য ততোদুর্গোম হাসুরঃ। চক্রঞ্চ প্রেষয়ামাস দৈত্যচক্রাতিহর্ষদং। তচ্চ দেব্যা শরশতৈরনন্তৈরবাশু বারিতং। ততঃ সারঙ্গমাদায় ধনুঃ শক্রধনুর্যথা। হৃদি বিব্যাধ বাণেন তাং দেবীমরার্দনঃ। সচ বাণস্তয়া দব্যা নিজবাণৈর্মহাজবৈঃ। নিবারিতোপি বেগেন তাং দেবীমভ্যগান্মুনে। ততঃ কোদণ্ডদণ্ডেন আশুগঞ্চ তমাশুগং। হত্বা নিবারয়ামাস কালদণ্ডমিবাপরং। তস্মিন্ বিমুখতাং প্রাপ্তে মার্গণেদুর্গমাসুরঃ। ক্রুদ্ধঃ শূলং সমাদায় সর্বর্ত্বা নলমুপ্রভং। মহা বেগেন চিক্ষেপ তাং দেবীমভিদৈত্যপঃ। পরাপাতচ্চ তচ্ছূলং নিজশূলেন চণ্ডিকা। অন্তরৈব প্রচিচ্ছেদ সহদৈত্যজয়াশয়া। তস্মিন্নপি মহাশূলে দেবী শূলাবহেলিতে। গদামাদায় দৈত্যেন্দ্রঃ সহসাভিপপাতহ। আজঘানচ তাং দেবীং ভুজমূলে মহাবলঃ। সাপি দেবীভুজংপ্রাপ্য গিরীন্দ্রশিখরাকৃতিং। গদাস্য পরিপুস্ফোট শতধাচ সহস্রধা। তয়া দেব্যা সদৈত্যেন্দ্রো বামপাদতলেন হি। আতাড়িতঃ পপাতোর্ব্ব্যাং হৃদি গাঢ়ং প্রপীড়িত। তৎক্ষণাদেবদৈত্যেন্দ্রঃ পতিত্বা পুনরুত্থিতঃ। বভূব সহসাদৃশ্যোদীপোবাত হতো যথা। তাবজ্জগজ্জনন্যা তাঃ প্রেরিতানিজশক্তয়ঃ। জ্বালামুখীপ্রভৃত য়োনবকোট্যোমহাবলাঃ। বিচক্রুর্দৈত্যসৈন্যেষু সম্বর্ত্তে মৃন্যু সৈন্যবৎ।

অর্থঃ। অনন্তর বিন্ধ্যবাসিনী মহামায়া মহেশ্বরী ধনু হস্তে লইয়া বারব্য অস্ত্রেতে দৈত্যদিগের সকল অস্ত্রশস্ত্র দূরে ক্ষেপণ করিলেন পরে দুর্গ দৈত্য স্বসৈন্যগণকে নিরস্ত্র দেখিয়া দেবীর প্রতি শক্তিপ্রহার করিল ঐ শক্তি অতিশয় জ্বলিয়া বড়বেগে আসিতেছে তৎকালে ভগবতী অনেক বাণ প্রহারিয়া শক্তি কাটিয়া ফেলিলেন। শক্তি ভগ্ন দেখিয়া দুর্গাসুর চক্র প্রহার করিল তখন দৈত্যেরা অতিহর্ষিত হইল পরে ভগবতী একশত বাণেতে ঐ চক্র ছেদন করিলেন। অনন্তর দুর্গ ইন্দ্রধনুর তুল্য সারঙ্গধনু লইয়া দেবীর হৃদয় লক্ষ করিয়া বাণ প্রহারিল তখন ভগবতী ঐ বাণের নিবারণার্থে অনেক বাণ প্রহার করিলেন তথাপি ঐ বাণ নিবারিত না

হইয়া কালদণ্ডস্বরূপ বেগেতে আসিতেছে তখন দেবী ধনুর্দণ্ডের আঘাতেতে তাহা পাতন করিলেন। পরে দুর্গ ক্রুদ্ধ হইয়া প্রলয়কালীন অগ্নিসম শূল দেবীর প্রতি প্রহারিল ঐ শূল বেগেতে আসিতেছে তাহা ভগবতী নিজশূলের প্রহারেতে ভূমিতে পাতন করিলেন। শূল পতিত দেখিয়া দুর্গ গদা গ্রহণ করিল ও অতিবেগে আসিয়া ভগবতীর বাহুমূলে প্রহার করিল সেই গদা ভগবতীর পর্ব্বতশিখরের সদৃশ ভুজে পড়িয়া শতসহস্র খণ্ড হইয়া ভগ্ন হইল। এবং দৈত্যের বুকে দেবী বামপাদের আঘাত করিলেন তাহাতে দৈত্য পীড়িত হইয়া ভূমিতে পড়িল ও পড়িয়া তৎক্ষণাৎ উঠিল ও উঠিয়া তৎক্ষণাৎ অদৃশ্য হইল। ঐ সময় ভগবতী নিজশক্তি জ্বালামুখীপ্রভৃতি নবকোটিশক্তিকে যুদ্ধার্থে প্রেরণ করিলেন ও তাঁহারা প্রলয়কালীন যমসৈন্যসম দৈত্যসৈন্যের মধ্যে প্রবেশ করিয়া বহু২ সৈন্য সংহার করিলেন।

তাবৎ স দুর্গো দৈত্যেন্দ্রঃ পয়োদান্তরতোবলী। চকার করকাবৃষ্টিং বাত্যা বেগবতীং বহু। ততো ভগবতী দেবী শোষণাস্ত্রপ্রয়োগতঃ। বৃষ্টিং নিবারয়ামাস বর্ব্বোৎপলময়ীং ক্ষণাৎ। অথ দৈত্যঃ পরাজেন বাহু সংঘর্ষ কোপতঃ। উৎপাট্য শৈলশিখরং পরিক্ষিপ্তং নভোঙ্গনাৎ। অদ্রেঃ শৃঙ্গং সুবিস্তীর্ণমা পতৎ পরিবীক্ষ্য সা। শতকোটিপ্রহারেণ কোটিশঃ সকলং ব্যধাৎ। আন্দোল্য মৌলিমসকৃৎ কুণ্ডলাভ্যাং বিরাজিতং। গজাভুয়াশু দুদ্রাব তাং দেবীং সমরেস্মরঃ। দোলাকারং তমায়ান্তং দৃষ্ট্বা ভগবতী গজং। বদ্ধঃ পাশেন জাতঃ খড়্গেন কর মচ্ছিনৎ। ততোত্যন্ত সচীৎকৃত্য দেব্য কৃত কঃ করী। অতিক্ষিৎকরতাং প্রাপ্যমাহিষং বপুরাদদে অচলাং বচলাং সর্ব্বাং চক্রে স খুরঘাততঃ। শিলোচ্চয়াংশ্চ বহুশঃ শৃঙ্গাভ্যাং সোৎক্ষিপ্য দ্বানী নিশ্বাসবাতনিহতাঃ পেতুরুর্ব্ব্যাং মহাক্রমঃ। উদ্বেলিতাঃ সাগরবন্ সপ্তাপি জলরাশয়ঃ। মহামহিষরূপেণ তেন ত্রৈলোক্য মণ্ডঃ। আন্দোলিতোহতিবলিনা যুগান্তে বাতায়া যথা। কুম্ভাশ্মপাতরূপেন তস্তুয়েন সমাকুলং। দৃষ্ট্বা ভগবতী ক্রুদ্ধা ত্রিশূলেন জঘান তং। ত্রিশূলঘাতবিভ্রান্তঃ পতিত্বা পুনরুত্থিতঃ।

অর্থঃ। তখন দুর্গ মেঘমধ্যে প্রবিষ্ট হইয়া শিলাবৃষ্টি করিতে লাগিল

এবৃষ্টি বায়ুসংযোগে অত্যন্ত বেগে পড়িতেছে সেসময় ভগবতী শোষণ অস্ত্র প্রহারিয়া তৎক্ষণাৎ শিলাবৃষ্টি নষ্টা করিলেন অনন্তর দৈত্য স্বপরা জয়জন্য ক্রোধেতে বাহুঘর্ষণ করত পর্ব্বতের শিখর উৎপাটন করিয়া আকাশহইতে প্রক্ষেপ করিল অতিবিস্তীর্ণ ঐ শৃঙ্গ আগত দেখিয়া দেবী শতকোটি বাণের প্রহারেতে সকলশৃঙ্গ কোটিখণ্ড করিলেন তখন দৈত্য কুণ্ডলমণ্ডিত মস্তক বারং নাড়িতে লাগিল এবং গজরূপ হইয়া দেবীর প্রতি বেগে দৌড়িল ও দেবী দেখিলেন যে পর্ব্বতাকার গজ আসিতেছে তখন শীঘ্র নাগপাশেতে বদ্ধ করিলেন ও খড়গেতে গজশুঁড় কাটিলেন পরে হস্তী অত্যন্ত চীৎকার শব্দ করিয়া মহিষের রূপ ধারণ করিল ঐ মহিষ খুরের আঘাতে অচলা পৃথ্বীকে সচলা করিল ও বহুং পর্ব্বত শৃঙ্গদ্বারা ক্ষেপণ করিল ও মহিষের নিশ্বাসবায়ুতে বড়ং বৃক্ষসকল পতিত হইল ও সপ্তসমুদ্রের জল উপর উঠিল ও যুগান্তকালের সমূহবায়ুতে যেমন তেমন ত্রৈলোক্যরূপ মণ্ডপ দলিতে লাগিল এবং তখন অসময়ে মহাপ্রলয়সময় মানিয়া ভয়ে ব্রহ্মাণ্ড আকুল হইল তাহা দেখিয়া দেবী ক্রুদ্ধা হইলেন ও ত্রিশূলদ্বারা মহিষকে আঘাত করিলেন ও ত্রিশূলা-ঘাতে ভুমলাগ হইয়া মহিষ পড়িল ও পুনর্ব্বার উঠিল।

তংত্যক্ত্বা মাহিষং বেশমভূদ্বাহুসহস্রভৃৎ। আয়ুধানাং সহস্রাণি বিভ্রৎ কালান্তকোপমঃ। অথ তূর্ণং সদৈত্যেন্দ্রস্তাং দেবীং রণকোবিদাং। মহা-বলঃ প্রগৃহ্যাশু নীতবান্ গগণাঙ্গনং। ততোনভোঙ্গনাদ্দূরাৎক্ষিপ্ত্বা স জগ দম্বিকাং। ক্ষণাৎ কলম্বজালেন ছাদয়ামাস বেগবান্। অথান্তরীক্ষগা দেবীতস্য মার্গণমধ্যগা। বিদ্যুজ্জালেব বিবভৌ মহাভ্রপটলীবৃতা। তং বিধূয় শরব্রাতং নিজেষুনিকরৈর্বরং। মহেষুণাথ বিব্যাধসা তংদৈত্যজ্ঞান শ্বরং। হৃদি বিদ্ধস্তদা দেব্যা সচ তেন মহেষুণা। ব্যাঘূর্ণমাননয়নঃ ক্ষিতি মায়াত্তু বিহ্বলঃ। মহারুধিরধারাভিঃ সুবস্তীঞ্চ প্রবর্ত্তয়ন্। তস্মিন্নিপতিতে দুর্গে মহাদুর্গপরাক্রমে। দেবদুন্দুভয়োনেদুঃ প্রহৃষ্টানি জগন্তিচ। সূর্য্যাচন্দ্র মসৌ সাগ্নী তেজোনিজমবাপতুঃ। পুষ্পবৃষ্টিংপ্রকুর্ব্বন্তঃ প্রাপ্তাদেবামহর্ষি ভিঃ। তুষ্টুবুশ্চ মহাদেবীং মহাস্তুতিভিরাদরাৎ।

অর্থঃ। পরে মহিষরূপ ত্যাগ করিয়া সহস্রবাহুবিশিষ্ট পুরুষরূপ হইল

এবং সহস্র হস্তেতে সহস্র অস্ত্র ধরিয়া কালান্তক যমসম হইল। অনন্তর ঐ মহাবলবান্ দৈত্যরাজ অতিবেগে আসিয়া রণপণ্ডিতা পরমেশ্বরীকে গ্রহণ করিল ও তৎক্ষণাৎ আকাশের উপর লইয়া গেল ও মহাবলেতে আকাশহইতে জগদম্বাকে অতিদূরে ফেলিয়া দিল ও তৎক্ষণাৎ শরজালেতে আচ্ছন্না করিল। তখন ভগবতী শূন্যেতে স্থিতা ও দৈত্যশরসমূহের মধ্যগতা হইয়া এমন শোভিতা হইলেন যেন মেঘসমূহের মধ্যে বিদ্যুতের মালা পরে ভগবতী নিজ বাণগণেতে দুর্গের বাণগণ উড়াইলেন ও যমসম মহাবাণেতে দৈত্যরাজকে হৃদয়ে বিদ্ধ করিলেন ঐবাণেতে দুর্গ ঘূর্ণায়মাননয়ন ও বিহ্বল হইয়া আকাশহইতে পৃথ্বীতে পড়িল তখন তাহার মহাশরীরহইতে মহারুধিরধারা নির্গতা হইল ও ঐরক্তেতে নদী বহিল ও দুর্গ পঞ্চত্বপ্রাপ্ত হইল। দুর্গ দৈত্য নিপাত হইলে দেবতারদিগের দুন্দুভিবাদ্য বাজিল ও সকলজগৎ হৃষ্ট হইল এবং সূর্য্য ও চন্দ্র ও অগ্নি নিজ২ তেজ পূর্ব্ববৎ প্রাপ্ত হইল তখন দেবতারা পুষ্পবৃষ্টি করত মহর্ষিসকলের সহিত সমাগত হইলেন ও আদরপূর্ব্বক মহাস্তবেতে মহাদেবীর অনেক স্তুতি করিলেন।

শ্রীদুর্গোবাচ। অদ্যপ্রভৃতি মে নাম দুর্গেতি খ্যাতিমেষ্যতি। দুর্গ দৈত্যস্য সমরে ঘাতনাদতিদুর্গমাৎ। যে মাংদুর্গাং শরণগানতেষাং দুর্গতিঃ কুচিৎ। স্কন্দউবাচ। স দুর্গা শক্তিভিঃ সার্দ্ধং কাশীং রক্ষতি সর্ব্বতঃ। সা পূজ্যা সততং কাশ্যাং দুর্গা দুর্গার্ত্তিনাশিনী।

অর্থঃ। দেবতাদিগের স্তবেতে তুষ্টা হইয়া ভগবতী বরপ্রদানকরিলেন ও কহিলেন যে যুদ্ধে আমাকর্তৃক দুর্গদৈত্যের বধহেতুক অদ্য অবধি আমার নাম দুর্গা খ্যাত হইবে এবং যাহারা দুর্গার শরণাগত হয় তাহারদিগের কখনও দুর্গতি হইবে না ইহা কহিয়া দুর্গা কাশীতে গমন করিলেন এবং স্কন্দ কহিলেন দুর্গ দৈত্য ঘাতিনী দুর্গা ঐ নয়কোটি শক্তির সহিত কাশীপুরীকে রক্ষা করেন অতএব কাশীতে দুর্গা সর্ব্বদা পূজনীয়া। ইতি দুর্গ দৈত্যবধঃ।

বৈষ্ণবে। আহ্লাদকারিণঃ শুভ্রা মণয়োযত্র সুপ্রভাঃ। নাগাভরণভূষাঢ্য পাতালং কেন তৎসমং। দৈত্যদানবকন্যাভিরিতশ্চেতশ্চ শোভিতে।

পাতালে কস্য নপ্রীতির্বিমুক্তস্যাপি জায়তে। দিবার্করশ্ময়োযত্র প্রভাং তন্বন্তি নাতপং। শশিনশ্চ নশীতায় নিশি দ্যোতায় কেবলং। ভক্ষ্যভোজ্য মহাপানমুদিতৈরতিভোগিভিঃ যত্র ন জ্ঞায়তে কালোগতোপি দনুজাদিভিঃ।

অর্থঃ। পৌরাণিক সাঙ্গ করিয়া প্রকৃত প্রস্তাব করিতেছেন যে পাতালে ঐশ্বর্য্য ও সুখ ও শোভা অধিক কেননা দর্শনমাত্রে আহ্লাদজনক ও সুশুভ্রবর্ণ ও সুপ্রভ মণিগণই নাগেরদিগের ফণার আভরণ তাহাতে যে শোভা হয় তাদৃশী শোভা অন্যস্থানে নাস্তি অতএব পাতালের সদৃশ কেহ শোভিত নয়। অন্যস্থলে অন্যব্যক্তিরা বহুধনব্যয়দ্বারাক্রয় করিয়া স্বর্ণ ও মুক্তা ও মণি ও রত্নময় আভরণ ধারণ করে ও পাতালে নাগেরদিগের মস্তকে স্বয়ং জ্যোতির্ম্ময় মণিরত্ন জন্মে ও তদ্দ্বারা আশ্চর্য্য শোভা হয়. অপর দৈত্য ও দানবদিগের কন্যাগণ পরমসুন্দরী ও নাগকন্যাগণ ততোধিক ঐ সুন্দরী সকলেতে ইতস্ততঃ শোভিত পাতালে কাহার প্রীতি না জন্মে যে মহাপুরুষ সর্ব্বসঙ্গ পরিত্যাগী তাঁহারও প্রীতি জন্মিতে পারে। এবং দিনে রবিরশ্মি পাতালে প্রকাশমাত্র করেন কিন্তু তাপদায়ক হন না ও রাত্রিতে চন্দ্রের চন্দ্রিকা অন্ধকারমাত্র নাশ করেন কিন্তু শীতদায়ক হন না ইহার কারণ এই যে পৃথিবীহইতে পাতালপর্য্যন্ত ঈশ্বর নির্ম্মিত এক অপূর্ব্ব পথ আছে ঐ পথে চন্দ্রসূর্য্যের প্রকাশমাত্র পাতালে প্রবেশ করে অপরঞ্চ পাতালে ভক্ষ্যভোজ্যাদি ছয়প্রকার আহারীয় দ্রব্যের আহারেতে ও পদ্মিনীপ্রভৃতির রতিরঙ্গেতে দৈত্য ও দানব ও নাগগণ সদাই আমোদিত ও মদিরাদির পানেতে ও মহা ঐশ্বর্য্যের মদেতে সর্ব্বদা মত্ত অতএব দিবা রাত্রি পক্ষ মাস বৎসররূপেতে কাল যাইতেছে কিন্তু তাঁহারদিগের বোধ হয় না যে কখন কি গত হইল।

বৈষ্ণবে। পাতালানাগধশ্চাস্তে বিষ্ণোর্যা তামসী তনুঃ। শেষাখ্যাতদ্গুণান্ বক্তুং নশক্তাদৈত্যদানবাঃ। যস্মৈ যা সকলা পৃথ্বী ফণামণিশিখারুণা। আস্তে কুসুমমালেব কস্তদ্বীর্য্যংবদিষ্যতি। যদা বিজৃম্ভতেনন্তোমদাঘূর্ণিতলোচনঃ। তদা চলত ভূরেষা সাদ্রিতোয়াব্ধিকানন। ততশ্চাণ্ডকটাহেন সমন্তাৎপরিবেষ্টিতং। স্বচ্ছন্দ আরবে। সপ্তসাগরমানন্তু গর্ভোদস্তদনন্তরং। কোটি যোজনমানস্তু কটাহঃ সংব্যবস্থিতঃ।

অর্থঃ। পাতালের অধোভাগে অনন্তদেব আছেন তিনি বিষ্ণুর তমো গুণময়ী মূর্ত্তি ও তাঁহার মহিমা দৈত্যদানবাদি কেহ কহিতে পারে না এবং তাঁহার মস্তকে সহস্রফণা ও ফণার উপর সহস্রমণি ও মণির জ্যোতিঃ শিখাতে অরুণবর্ণা হইয়া পৃথ্বী পুষ্পমালার সদৃশী ধৃতা আছেন যখন অনন্ত হাই তোলেন তখন পর্ব্বত ও বন ও সমুদ্র ও নদীনদাদির সহিত এই পৃথ্বী কাঁপেন সেই ভূমিকম্প। অপরঞ্চ সৃষ্টিকালে ব্রহ্মা ব্রহ্মাণ্ডকে দ্বিখণ্ড করিয়াছিলেন ঐ দ্বিখণ্ডের উপরি খণ্ডেতে স্বর্গলোক ও অধঃখণ্ডেতে পৃথিবী ও পাতাল আবৃত আছে ঐ ব্রহ্মাণ্ড খণ্ড কড়ার সদৃশ অতএব তাহাকে অণ্ডকটাহ বলেন ঐ অণ্ডকটাহ দলে পূর কোটিযোজন ঐ অণ্ডকটাহের উদরে সপ্তসমুদ্রীয় জলের পরিমাণে জল আছে ঐ জলের উপর মহাকচ্ছপ ও কচ্ছপের উপর অনন্ত ও অনন্তের উপর সপ্তপাতাল ও পৃথিবী আছে ঐ সপ্তপাতাল গোলাকার সাত খানা তক্তার সদৃশ অণ্ডকটাহের ভিতরে ঠেকিয়া রহিয়াছে এবং পৃথিবীও তদ্রূপে সর্ব্বদিগে অণ্ডকটাহে ঠেকিয়া আছে ও অণ্ডকটাহের গোলাকারকারণ পৃথিবী ও পাতাল গোলাকার। এবঞ্চ পৃথিবীর নীচে অতলে ময়দানবের পুত্র ও বিতলে হাটকেশ্বর মহেশ্বর ও সুতলে বলি ও তলাতলে ময়দানব ও মহাতলে সর্প ও রসাতলে দৈত্য ও পাতালে নাগগণ বাস করে ও পাতালের মূলে অনন্ত ও অনন্তের আধার কূর্ম্ম ও কূর্ম্মের আধার জল ও জলের আধার ব্রহ্মাণ্ড ও ব্রহ্মাণ্ডের আধার জল ও জলের আধার অগ্নি ও অগ্নির আধার বায়ু ও বায়ুর আধার আকাশ ও আকাশের আধার মহত্তত্ত্ব ও মহত্তত্ত্বের আধার প্রকৃতি ও প্রকৃতিপ্রভৃতি সর্ব্বজগতের আধার পরমেশ্বর ইতি পাতালবর্ণনং সমাপ্তং।

### অথ স্বর্গীয় ও পৃথিবীয় সুখের তারতম্য।

স্কান্দে। সন্তি স্বর্গাবহুবিধাঃসুখেতর বিবর্জিতাঃ। সুকৃতৈকফলাঃসর্ব্বে যুক্তাঃ সর্ব্বসমৃদ্ধিভিঃ। সর্ব্বে যতন্তে স্বর্গায় তপোদানব্রতাদিভিঃ। বিষ্ণুরহস্যে। ত্রিংশতিঃ কোটয়ো যস্য ধনানি ধরণীতলে। সন্তি লক্ষ্মীপতের্ভক্তঃ স বৈকুণ্ঠং সমাগতঃ। পাদ্মে। প্রসন্নং মানসং তস্য যস্যাস্তি বিপুলং ধনং।

অর্থঃ। প্রধান ও অপ্রধানভেদে নানা স্বর্গ আছে ঐ সকল স্বর্গ সর্ব্বপ্রকা-

র ঐশ্বর্য্যবিশিষ্ট অতএব দুঃখরহিত ও কেবল সুখসহিত এবং ঐস্বর্গ কেবল পুণ্যের ফল অর্থাৎ পুণ্যকর্ম্মকারিদিগের লভ্য অতএব স্বর্গীয় সুখাভিলাষি সকললোক তপ জপ যজ্ঞ যোগ দান অনশন বিহিতাশন ব্রতাচরণ প্রাতঃস্নান মাঘাদিস্নান তীর্থস্নান পুরাণাদিশ্রবণ বেদাধ্যয়ন দেবতোপাসনাদি নানাকর্ম্মকরণক স্বর্গার্থ যত্ন করে। এবঞ্চ পৃথিবীতেও পুণ্যবিশিষ্ট বিশিষ্টলোকদিগের ধন জন সম্মান মিত্রসম্ভাষণ আসন শয়ন ভোজন বসন ভূষণ ভবন চাতুর্য্য শৌর্য্য ধৈর্য্য রাজ্য সাম্রাজ্যাদি জন্য বিশেষং সুখ আছে। তথাহি ভূলোকে বিংশতিকোটি মুদ্রা যে ব্যক্তির থাকে তিনি সামান্য জন নহেন কিন্তু লক্ষ্মীপতির ভক্ত ও বৈকুণ্ঠহইতে আগত। অতএব পৃথিবীস্থ একব্যক্তির বিংশতিকোটির অধিক ধন হয় না কিন্তু বিংশতিকোটি ও ঊনবিংশতিকোটি ইত্যাদি ধন হয় তাহাতে ধনজন্য সুখ অবশ্য হয় কেননা যাঁহার বিপুল ধন আছে তাঁহার মন সর্ব্বদা প্রসন্ন অর্থাৎ সর্ব্বদা সানন্দ থাকে ও আনন্দই সুখ।

নীতিশাস্ত্রে। অর্থাগমোনিত্যমরোগিতাচ প্রিয়াচ ভার্য্যা প্রিয়বাদিনী চ। বশ্যশ্চ পুত্রোর্থকরীচ বিদ্যা ষড্‌জীবলোকেষু সুখানি তাত। সুগৃহশ্চ সুবাসাংসি সুশয্যা সুনিতম্বিনী। সুক্তাম্বূলান্নপানানি হ্যষ্টৌ ভোগাঃ সধর্ম্মিণাং। ধনেন লভতে সৌখ্যং মানেমচ জনেনচ। বলেন বিদ্যয়া চৈব রাজ্যো রাজ্যাৎপরং সুখং।

অর্থঃ। প্রতিদিন ধনের আগমন ও সর্ব্বকাল আরোগ্য ও ভার্য্যা প্রিয়া ও প্রিয়বাদিনী ও পুত্র স্ববশ ও বিদ্যা অর্থকরী এইছয় প্রকার ঐহিক সুখ অর্থাৎ ঐছয়েতে আনন্দ জন্মে এবং গৃহ ও বস্ত্র ও শয্যা ও বালা ও মালা ও তাম্বূল ও অন্ন ও পান উত্তমং এইঅষ্ট গৃহস্থের সুখজনক ভোগ এবঞ্চ ধনদ্বারা নানাসুখ হয় ও সম্মানেতে সুখ জন্মে এবং পুত্র ও ভার্য্যা ও মাতা ও পিত্রাদি ও দাসীদাসাদি জনসম্পত্তিতে সুখ জন্মে ও ক্ষত্রিয়াদির বলদ্বারা শত্রুজয়জন্য সুখোদয় ও ব্রাহ্মণদিগের অষ্টাদশ বিদ্যাজন্য সুখোৎপত্তি ও রাজারদিগের রাজ্যজন্য ধন জন সম্মান ঐশ্বর্য্য শৌর্য্য গাম্ভীর্য্য চাতুর্য্যাদি ও সর্ব্বজনাধিপতিত্ব ও সচিবাদিগণসেব্যমানত্ব ও দণ্ড ছত্র চামর দিব্যাম্বরাদিভূষিতত্ব ও স্বর্ণসিংহাসনে উপবিষ্টত্বাদি জনিত

অগণিত সুখ হয় সেইরাজা গ্রামাধিপতি দেশাধিপতি বর্ষাধিপতি এক দ্বীপাধিপতি সপ্তদ্বীপাধিপতি সর্ব্ব পৃথ্বীপতি হন এবং কিম্পুরুষাদি অষ্ট বর্ষে ও প্লক্ষাদি ছয় দ্বীপে অনায়াসে সুখোদয়। অতএব উক্তরূপ নানা সুখ যদি পৃথিবীতে জন্মে তবে কায়ক্লেশসাধ্য তপজপাদি ও ধনব্যয় সাধ্য দানযজ্ঞাদি নানাকর্ম্মদ্বারা লোকেরা স্বর্গীয়সুখার্থ কি কারণ যত্ন করে।

শিবগীতায়াং। যুবা চ সুন্দরঃ শূরোনীরোগোবীর্য্যবান্ ভবেৎ। সপ্ত দ্বীপাং বসুমতীং ভুঙক্তে নিষ্কণ্টকং যদি। সপ্রোক্তোমানুষানন্দস্তস্মাচ্ছ তগুণোমতঃ। মনুষ্যস্তপসা যস্তু গন্ধর্ব্বোজায়তেসতু। তস্মাচ্ছতগুণোদেব গন্ধর্ব্বাণাং নসংশয়ঃ। এবং শতগুণানন্দউত্তরোত্তরতোভবেৎ।

অর্থঃ। পৃথিবীর মধ্যে ধনি মানি গুণি রাজাদি যেং সুখিরা আছেন তাঁহারদিগের মধ্যে রাজা প্রধানসুখী অতএব রাজার সুখ ও স্বর্গীয় সুখ এই উভয়ের তারতম্য দর্শাইয়া পূর্ব্বোক্ত পূর্ব্বপক্ষের বিপক্ষ সিদ্ধা- ন্ত করিতেছেন। যদ্যপি যে কোন যুবা ও সুন্দর ও শূর ও অরোগী ও প্রভাবান্ ও রাজা সপ্তদ্বীপা পৃথিবীতে শত্রুরহিতরূপে রাজ্য করেন ত থাপি সে রাজার যে সুখ তাহা মানুষীয় সুখ, স্বর্গীয় সুখ নহে অর্থাৎ স্বর্গীয়সুখ তাহাহইতে অধিক ও বিজাতীয়। তথাহি যে মনুষ্য তপস্যা করিয়া গন্ধর্ব্বদেহ ধারণ করত গন্ধর্ব্বলোকে গমন করেন ও গন্ধর্ব্বলোকে তাঁহার যে সুখ তাহা ঐ সপ্তদ্বীপাধিপতি রাজার সুখহইতে শতগুণ অ ধিক। এবং গন্ধর্ব্বলোকে সর্ব্বদা স্থিত যে প্রাক্সিদ্ধ হাহা হূহূ প্রভৃতি গন্ধর্ব্বগণ তাঁহারদিগের সুখ ঐ আধুনিক মনুষ্য গন্ধর্ব্বের সুখহইতে শত গুণ অধিক। এবং গন্ধর্ব্বলোকের উপরিস্থিত স্বর্গে যাঁহারা বাস করেন তাঁহারদিগের সুখ ঐ প্রকৃতগন্ধর্ব্বের সুখহইতে শতগুণ অধিক এইপ্রকারে তদুপরিং স্বর্গে শতং গুণ অধিক সুখ হয়। অতএব স্বর্গীয় বিশেষ ও অধিক সুখ প্রাপনার্থ বিজ্ঞব্যক্তিরা তপ জপ যজ্ঞাদি নানাকর্ম্ম ও নানা দান করেন।

---

ইতি ভূদর্পণং সমাপ্তং।

| পৃষ্ঠ | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ১ | ১৭ | তমো | তস্য |
| ২ | ৬ | ঐব | এব |
| ঐ | ঐ | বাজ | বীজ |
| ঐ | ৮ | ধ্যানা | ধ্যানাৎ |
| ২ | ১০ | শাশ্বত | শাশ্বতং |
| ২ | ২১ | পরিমান | প্রমাণ |
| ৩ | ১১ | বৃতীভূত | কৃতীভূত |
| ঐ | ১৪ | প্রচীর | প্রাচীর |
| ৪ | ৪ | বাসকি | বাসুকি |
| ঐ | ১৬ | তপলোক | তপোলোক |
| ঐ | ২১ | চতুর্দশ | চতুর্দ্দশ |
| ৪ | ২৪ | তপলোক | তপোলোক |
| ৫ | ২৩ | সত্তর | সত্তরি |
| ৬ | ৩ | যোজনরই | যোজনেরই |
| ঐ | ২৭ | ধেন | ধেনু |
| ৬ | ঐ | রাকর্ণং | রাকীর্ণং |
| ৭ | ৩ | বিস্তারিত | বিস্তারিত |
| ৭ | ১৮ | বিষ্ণ | বিষ্ণু |
| ঐ | ২৫ | পরিখাক্তং | পরিখাযুক্তং |
| ৮ | ২ | বিত্রাচ্যো | বিচিত্রাচ্যো |
| ৮ | ১৪ | পরিজাত | পারিজাত |
| ৮ | ১৯ | অনপম | অনুপম |
| ৮ | ২৪ | সুগুসন্নং | সুপ্রসন্নং |
| ৮ | ২৬ | মানিক্য | মাণিক্য |
| ৮ | ২৭ | চূড়াঞ্চ | চূড়ঞ্চ |
| ৮ | ২৭ | শক্রতুন | সক্রতুন |
| ৮ | ২৭ | রত্নজীর | রত্নমঞ্জীর |
| ৮ | ২৮ | যগেলন | যুগেলন |
| ৯ | ৪ | বধ্যা | বৃধ্যা |
| ঐ | ১৬ | মাণক | মাণিক |
| ঐ | ২০ | বিদ্ব | বিম্ব |
| ঐ | ২৮ | স্মত | স্মৃত |
| ১০ | ৮ | শ্রীকৃষ্ণে | শ্রীকৃষ্ণ |
| ঐ | ১৪ | মনোধকং | মনোঘক |
| ঐ | ২০ | পত্নৌ | পত্নৌ |
| ১১ | ৭ | পধ্যন্ত | পর্য্যন্ত |
| ঐ | ১৩ | রাবাগৃহং | রাধাগৃহং |
| ঐ | ১৭ | স্থিতং | স্থিতিং |
| ঐ | ২২ | ভাতৃ | ভ্রাতৃ |
| ১২ | ১১ | পষ্যন্তং | পর্য্যন্তং |
| ঐ | ঐ | দ্বিণং | দ্বিগুণং |
| ঐ | ঐ | স্মৃতিং | স্মৃতং |
| ঐ | ১৮ | স্যামি | স্বামি |
| ১৩ | ৪ | কাতা | কাতরা |
| ১৩ | ১৫ | থকিয়া | থাকিয়া |
| ১৪ | ৬ | সুমেরু | সুমেরু |
| ১৪ | ১৪ | ক্রোবা | ক্রোধা |
| ১৪ | ১৮ | সূর্য্য | সূর্য্য |
| ১৪ | ২৮ | চঃপার্শ্বে | চতুঃপার্শ্বে |
| ১৫ | ১৩ | জম্বরা | জম্বা |
| ১৫ | ১৫ | ভারুতে | ভারতে |
| ১৫ | ১৬ | সহসঞ্চ | সহস্রঞ্চ |
| ১৫ | ১৮ | জম্ব | জম্বু |
| ১৫ | ২৪ | যস | ফল |
| ১৬ | ৩ | জম্বুবাঃ | জম্বা |
| ১৬ | ৬ | নেন্দ্রিয় | নেন্দ্রিয় |
| ঐ | ১১ | তাহার | তাহার |
| ঐ | ১৮ | সুখ | সুখ |

| পৃষ্ঠ | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ১৭ | ১ | ভরতং | ভারতং |
| ১৭ | ৫ | বর্য | বর্ষ |
| ঐ | ৮ | হিরণ্য | হিরণ্ম |
| ঐ | ৯ | বর্য | বর্ষ |
| ঐ | ১৮ | হুভয় | হ্যুভয় |
| ১৭ | ২১ | ঐই | এই |
| ঐ | ২১ | ত্রনয় | এক |
| ঐ | ২২ | ভরত | ভারত |
| ঐ | ২৫ | বর্ষরে | বর্ষের |
| ঐ | ২৭ | হিরন্ময় | হিরণ্ময় |
| ১৮ | ১৪ | গালতা | গোলতা |
| ১৮ | ১৪ | পিতৃ | পিতৃ |
| ঐ | ঐ | ভূতনা | ভূতানা |
| ঐ | ১৫ | সুরঃ | সুরৈঃ |
| ঐ | ১৭ | ধর্য | ধর্য্য |
| ঐ | ১৮ | বায়ুবহতি | বায়ুর্বহতি |
| ঐ | ২২ | দ্যনবা | দানবা |
| ঐ | ২২ | আকার | আকর |
| ১৯ | ১ | ডল্লুক | ভল্লুক |
| ঐ | ঐ | খডগি | খড্গি |
| ২০ | ১২ | মধরালাপ | মধুরালাপ |
| ঐ | ১৬ | ইশ্বর | ঈশ্বর |
| ২১ | ৩ | পাণে | পানে |
| ঐ | ৪ | কেশীহৃৎ | কেশিহৃৎ |
| ঐ | ৫ | পাপরে | পাপারে |
| ২১ | ৬ | জহ্নবী | জাহ্নবী |
| ২১ | ১০ | শ্রবা | শুবঃ |
| ২১ | ১৪ | সৈধ | সৌধ |
| ২১ | ২১ | নশয়া | নাশয়া |
| ২২ | ২২ | পর্শন | পশ্যন |
| ২২ | ২৬ | মণীয় | মনীয় |
| ২৩ | ১ | হেক | হেতুক |
| ২৪ | ২১ | হত্ব | হত্বা |
| ২৪ | ২১ | আগমিনি | আগামিনি |
| ২৪ | ২২ | মত্র | মাত্র |
| ২৫ | ৪ | পেতস্থঃ | পোতস্থঃ |
| ২৫ | ৪ | রুথ | রথ |
| ২৫ | ৮ | মযো | মধ্যে |
| ২৫ | ৯ | বুজত | বুজতু |
| ২৫ | ১৩ | উল্লষিত | উল্লসিত |
| ২৫ | ২৩ | কয়ি | করি |
| ২৬ | ৩ | দ্বিষা | ত্বিষা |
| ২৬ | ২৭ | সধা | সুধা |
| ২৬ | ২৮ | পাদ | পাদপ |
| ২৭ | ১৩ | মাদা | মদা |
| ২৮ | ১৫ | ইত্র | ইন্দ্র |
| ২৯ | ১৬ | রূপ | রূপে |
| ৩০ | ১৫ | স্যোসি | ষ্যোসি |
| ৩০ | ২১ | স্ত্রী | স্ত্রী |
| ৩০ | ২৫ | ষাপি | নাপি |
| ৩২ | ৪ | জগম | জগন্ |
| ৩২ | ১৩ | অদ | তদ |
| ৩২ | ১৯ | দারদ | নারদ |
| ৩৩ | ১৫ | জ্যোস্না | জ্যোতিস্না |
| ৩৩ | ২৪ | তিস্ত | তিমস্ত |
| ৩৩ | ২৮ | জ্যোতিমান | জ্যোতিষ্মান |

| পৃষ্ঠ | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ৩৪ | ২২ | বর্ষরে | বর্ষের |
| ৩৫ | ৭ | বর্বের | বর্ষের |
| ৩৫ | ২৪ | বৈমনাসং | বৈমনস্যং |
| ৩৬ | ১৮ | সহেব | সহৈব |
| ৩৬ | ২২ | সর্ব্বদা | সর্ব্বা |
| ৩৭ | ২২ | দুরীতে | দূরেতে |
| ৩৯ | ১৯ | বেবা | দেবা |
| ৩৯ | ২৬ | ষেবিতং | সেবিতং |
| ৪০ | ১ | পু | পুণ্য |
| ৪৩ | ১৩ | সুন্দর্ব্যো | সুন্দর্য্যো |
| ৪৪ | ১ | বুত্তং | বৃত্তং |
| ৪৫ | ৮ | পরিচ্হেদ | পরিচ্ছেদ |
| ৪৬ | ১ | ক্রদ্ধা | ক্রুদ্ধা |
| ৪৬ | ২৭ | হস্তা | হস্তাশ্চ |
| ৪৯ | ১৩ | বৃষ্ণ | কৃষ্ণ |
| ৪৯ | ২২ | কার্য্যামাণে | কার্য্যমাণে |
| ৪৯ | ২৭ | কোটিশোঃ | কোটিশঃ |
| ৫০ | ৬ | ত্বদীশ্বর | ত্বদীশ্বরং |
| ৫০ | ৯ | বহির্ভয | বহির্ভব |
| ৫০ | ১০ | কম্বুং | কম্বাং |
| ৫০ | ১১ | বয়সাঃ | বয়স্যাঃ |
| ৫০ | ১৫ | দেবী | দেবি |
| ৫০ | ১৮ | ভ্রুভঙ্গ | ভ্রূভঙ্গ |
| ৫০ | ২৩ | কটুবক্য | কটুবাক্য |
| ৫১ | ১১ | কৃষ্ণ | কৃষ্ণং |
| ৫১ | ১১ | ভবিতা | ভবিতা |
| ৫১ | ১১ | হরিণ্যা | হরিণা |
| ৫১ | ১২ | মিত্যাক্তা | মিত্যুক্তা |
| ৫১ | ১৩ | আনপূর্ব্ব্যাত্তু | আনুপূর্ব্ব্যাত্তু |
| ৫১ | ১৪ | ভক্তেতা | নক্তেতা |
| ৫১ | ১৯ | অর্থঃ | অর্থ্যঃ |
| ৫১ | ২২ | ভুবৃন্দাবনে | ভুবৃন্দাবনে |
| ৫২ | ১৩ | বিভূঃ | বিভুঃ |
| ৫২ | ১৮ | সান্তনা | সান্ত্বনা |
| ৫২ | ২৫ | বৃদ্ধা | বৃদ্ধা |
| ৫৩ | ৫ | কল্পমানংশ্চ | কম্পমানাংশ্চ |
| ৫৩ | ৬ | দৃষ্টেবং | দৃষ্টেবং |
| ৫৩ | ৯ | পরাণে | পুরাণে |
| ৫৪ | ১ | ভামুবাচ | তামুবাচ |
| ৫৪ | ১৯ | মিস্ফল | মিষফল |
| ৫৫ | ৪ | তাম্বুলং | তাম্বূলং |
| ৫৫ | ৯ | পূনঃ | পুনঃ |
| ৫৫ | ১৫ | ভোগেদ্রব্য | ভোগদ্রব্য |
| ৫৫ | ১৬ | প্রস্ফটিত | প্রস্ফুটিত |
| ৫৫ | ১৯ | তাম্বুল | তাম্বূল |
| ৫৫ | ১৯ | রত্নকুম্ভ | রত্নকুম্ভং |
| ৫৫ | ২১ | কমনীঞ্চ | কমনীয়ঞ্চ |
| ৫৫ | ২৩ | প্রশন্ন | প্রসন্ন |
| ৫৬ | ৭ | ধ্রুবং | ধ্রুবং |
| ৫৬ | ৭ | তচ্চ | তচ্চ |
| ৫৬ | ৮ | রাধিবাচ | রাধোবাচ |
| ৫৬ | ৯ | যত্নং | যত্নং |
| ৫৬ | ১০ | সদাস্তদীয় | সদ্যাস্ত্বদীয় |
| ৫৬ | ১৫ | চক্ষুরূপ | চক্ষূরূপ |
| ৫৬ | ১৮ | কি রণ | কিম্বরণ |
| ৫৬ | ২২ | বৃস্মৃতা | বিস্মৃতা |

| পৃষ্ঠ | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ৫৬ | ২৬ | শ্রুতিশাস্ত্রে | স্মৃতিশাস্ত্র |
| ৫৬ | ২৮ | শ্রুতিশাস্ত্রে | স্মৃতিশাস্ত্রে |
| ৫৭ | ৪ | তমুরাচাহ | তমুরাচহ |
| ৫৮ | ২৭ | কৃষ্ণরে | কৃষ্ণের |
| ৫৮ | ২৮ | তখন | তথান |
| ৫৯ | ৫ | চন্দনগুরুঃ | চন্দনাগুরু |
| ৫৯ | ৯ | তাম্বুলং | তাম্বূলং |
| ৫৯ | ১২ | গমম | গমন |
| ৫৯ | ১২ | ইষৎ | ঈষৎ |
| ৫৯ | ১৭ | তাম্বুল | তাম্বূল |
| ৫৯ | ২২ | ভিরুং | ভীরুং |
| ৬০ | ২ | ক্রন্দিত | ক্রন্দিত |
| ৬০ | ১১ | শ্রীকষ্ণ | শ্রীকৃষ্ণ |
| ৬০ | ২৬ | কাশি | কাশী |
| ৬০ | ২৬ | হরদ্বার | হরিদ্বার |
| ৬১ | ৬ | ঋষিকন্য | ঋষিবর্য্যা |
| ৬১ | ৬ | তম্রপর্ণী | তাম্রপর্ণী |
| ৬১ | ১৩ | উপমম্যূ | উপমন্যু |
| ৬২ | ২৬ | নদ্যন্তে | নদ্যন্তে |
| ৬২ | ২৭ | নত্ত | নতত্র |
| ৬৩ | ৫ | বৃহৎ | বৃহৎ |
| ৬৩ | ১২ | ক্ষারদেন | ক্ষারোদেন |
| ৬৩ | ১৫ | ভাবিনশ্চয়ে | ভাবিনশ্চয়ে |
| ৬৪ | ৯ | ক্ষয়যত্যুগ্র | ক্ষয়যুক্ত্যাগ্ |
| ৬৬ | ২০ | ভুবনে | ভুবনে |
| ৬৬ | ২৩ | জাতামুমাসুত | জাতমুমাসুত |
| ৬৬ | ২৩ | তপ্তা | তপ্তা |
| ৬৭ | ১ | ধনদোভূত | ধনদোভূৎ |
| ৬৭ | ৭ | মুচে | মুচে |
| ৬৭ | ১২ | উমাসুতা | উমাসুত |
| ৬৭ | ১৮ | লোক | লোককে |
| ৬৭ | ২২ | ধস্তু | ধ্বস্ত |
| ৬৮ | ৯ | প্রবর্ত্তন্তাং | প্রবর্ত্তন্তাং |
| ৬৮ | ১২ | কর্ত্তুং | কর্ত্তুং |
| ৬৮ | ১৩ | সগুয়া | শণুয়া |
| ৬৮ | ১৭ | নয়ন্ত্ব | নয়ন্ত্ব |
| ৬৮ | ২৬ | আকাউক্ষ | আকাঙ্ক্ষা |
| ৬৯ | ১৮ | ধর্ষবর | বর্ষবর |
| ৭০ | ৮ | জলিয়া | জ্বলিয়া |
| ৭০ | ১৩ | বদ্ধা | বদ্ধা |
| ৭০ | ১৪ | প্রমুখাস্তত্ত্ব | প্রমুখাস্তত্তঃ |
| ৭০ | ১৯ | কোটার্ব্বুদেন | কোটার্ব্বুদেন |
| ৭০ | ২৩ | দৰ্দ্ধর | দুর্দ্ধর |
| ৭১ | ৯ | মহৌষধিঃ | মহৌষধিং |
| ৭১ | ১০ | দৈত্যাপুঙ্গব | দৈত্যপুঙ্গব |
| ৭১ | ১৩ | ভগবতিকে | ভগবতীকে |
| ৭১ | ২১ | বচস্তস্য | বচস্তস্য |
| ৭১ | ২৭ | প্রেষয়েন্মুদা | প্রেষয়েন্মুদ |
| ৭২ | ১ | নিগুহিতা | নিগূহিতা |
| ৭২ | ৫ | প্রত্যাহং | প্রত্যহং |
| ৭৩ | ৭ | তূর্য্যানিনাদ | তূর্যনিনাদ |
| ৭৪ | ২০ | ধনুহস্ত | ধনুর্হস্ত |
| ৭৫ | ১৬ | ঘাষ | ঘর্ষ্য |
| ৭৫ | ১৯ | ভুয়াসু | ভূয়াসু |
| ৭৫ | ২২ | শিলোচ্চলয়াং | শিলোচ্চয়াং |
| ৭৭ | ২৩ | পেতুরুর্ব্ব্যাং | পেতুরুর্ব্ব্যাং |
| ৭৬ | ৮ | গজশুণ্ড | গজশুণ্ড |
| ৭৮ | ৫ | সুভুবর্ণ | শুভুবর্ণ |
| ৭৮ | ২০ | পাণেত্তে | পানেত্তে |